পরিকল্পনা বিভাগের আওতায় ২০১৮-১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসিএফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১।	পরিকল্পনা বিভাগ	০৬টি	০৫টি	০১টি	০০টি	০৩টি	২টি	১৪.২৪ ৩.৭১%	-	৬ মাস (৫০%)

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যা :** ০৬টি

২। **সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকাল :**

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
১।	Adaptation to Climate Change into the National and Local Development Planning (ACCNLDP) প্রকল্প	৪৭০৩.৭২	জানুয়ারি, ২০১৬ হতে জুন/২০১৯ পর্যন্ত
২।	Study of Future Direction of SME in Bangladesh. প্রকল্প	৩৮৫.৮১	মার্চ, ২০১৮ হতে জুন, ২০১৯ পর্যন্ত
৩।	পরিকল্পনা কমিশন চত্বরে মসজিদ ও গণপূর্ত উপ-বিভাগীয় প্রকৌশলীর অফিস ভবন নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প	২৭৩৯.৭৭	জানুয়ারি,২০১৭ হতে জুন,২০১৯ পর্যন্ত
৪।	পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা/ কর্মচারীদের আবাসিক ভবন নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প	১০০৪৮.৫৮	আগস্ট, ২০১৫ হতে সেপ্টে, ২০১৯ পর্যন্ত
৫।	বাংলাদেশ উৎপাদন, কর্মসংস্থান ও খাতভিত্তিক বিনিয়োগ সংক্রান্ত সমীক্ষা ১ম সংশোধিত" প্রকল্প	৩৮৬.৯৮	জুলাই, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত
৬।	মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণ (৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা) (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত **প্রকল্প।**		জুলাই, ২০১৩ জুন, ২০১৯

৩। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ :**

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ

সংযুক্তি-১

৪। **সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ :**

ক্রমিক নং	পর্যবেক্ষণ ও সমস্যাসমূহ	সুপারিশসমূহ
১.	১.১) **প্রকল্প সংশোধনে বিলম্বঃ** প্রকল্পটির মেয়াদ জানুয়ারি, ২০১৬ হতে ডিসেম্বর,২০১৮ পর্যন্ত নির্ধারিত ছিল। নথি পর্যালোচনায় দেখা যায়, টিএপিপি সংশোধনপূর্বক জানুয়ারি ২০১৬ থেকে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৭ মার্চ,২০১৯ তারিখে প্রশাসনিক অনুমোদন লাভ করে। অর্থাৎ প্রকল্প সমাপ্তির তিনমাস পূর্বে প্রকল্প দলিল সংশোধন করা হয়। এক্ষেত্রে প্রতীয়মান হয় যে, প্রকল্পের কর্মপরিকল্পনা সুনির্দিষ্ট না থাকায় শেষ মূহুর্তে প্রকল্পটি সংশোধন করা হয়েছে। ফলে প্রকল্পের আওতায় ২০১৮-১৯ অর্থবছরে ১টি বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা থাকলেও সংশোধিত টিএপিপি অনুমোদনের পর প্রয়োজনীয় সময় না থাকায় অবশিষ্ট বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি। তাছাড়া উক্ত অর্থবছরে জিওবি খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। ১.২) **<u>বিলম্বে পিসিআর প্রেরণঃ</u>** প্রকল্প সমাপ্ত হওয়ার পর তিন মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও জুন,২০১৯ –এ সমাপ্ত প্রকল্পটির পিসিআর আইএমইডিতে পাওয়া যায় অক্টোবর,২০২০ তারিখে অর্থাৎ প্রকল্প সমাপ্তির ১ (এক) বছর ৩ (তিন) মাস পর । প্রাপ্ত পিসিআরটিতে কিছু তথ্যগত ত্রুটি ও অসম্পূর্ণতা পরিলক্ষিত হওয়ায় তা সংশোধন করে পুনরায় আইএমইডিতে প্রেরণের অনুরোধের প্রেক্ষিতে সংশোধিত পিসিআর ১৪ জানুয়ারি, ২০২১ তারিখে পরিকল্পনা বিভাগ কর্তৃক আইএমইডিতে প্রেরণ করা হয় । ১.৩) **পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা নিয়মিত আয়োজন না করাঃ** প্রকল্প দলিল অনুসারে প্রতি ২ মাসে অন্ততঃ ০১ বার প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সভা এবং প্রতি ০৬ মাসে একবার স্টিয়ারিং কমিটি সভার আয়োজনের সংস্থান রয়েছে।	১.১) প্রকল্পটি বাস্তবায়নের ফলে জিইডি এবং ভৌত অবকা পারে। বাস্তবায়নকারী সংস্থা/ প্রশাসনিক মন্ত্রণালয় এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবে; ১.২) প্রয়োজন অনুসারে এবং যথাসময়ে প্রকল্পের কার্যক্রম ও ব্যয় প্রকল্পের মূল দলিলে সুনির্দিষ্ট রাখার ব্যাপারে বাস্তবায়নকারী সংস্থা/প্রশাসনিক মন্ত্রণালয় সচেষ্ট থাকবে, যাতে করে প্রকল্প ব্যয়ের সদ্ব্যবহার নিশ্চিত করা যায় (২৩.১); ১.৩) প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত পিসিআর মন্ত্রণালয়ের মাধ্যমে আবশ্যিকভাবে আইএমইডিতে প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও প্রকল্প সমাপ্তির ১ বছর ৩ মাস বিলম্বে পিসিআর প্রেরণের কারণ আইএমইডিকে অবহিত করবে ; ১.৪) প্রকল্প দলিল অনুসারে নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটি সভা অনুষ্ঠিত না হওয়ায় প্রকল্পের অগ্রগতি বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে প্রতীয়মান হয়েছে। ভবিষ্যতে সুষ্ঠু ও গতিশীল প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে ডিপিপি/আরডিপিপি অনুসারে নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করতে হবে ; ১.৫) আইএমইডি কর্তৃক পরিদর্শিতব্য অন্যান্য প্রকল্প পরিদর্শনের সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডিকে অবহিতকরণ এবং সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নকালে প্রশাসনিক মন্ত্রণালয়ের মনিটরিং জোরদার করতে হবে ; ১.৬) আলোচ্য প্রকল্পের আওতায় সংগৃহীত আসবাবপত্র/যন্ত্রাংশ ও মালামালগুলো কোনটি কোথায় ব্যবহৃত হচ্ছে তার একটি ডাটাবেইজ সংরক্ষণ করতে হবে। যাতে পরবর্তীকালে প্রয়োজনে আসবাবপত্র,

ক্রমিক নং	পর্যবেক্ষণ ও সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	সেক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকালে ১টি প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সভা এবং ০৩টি স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটি সভা অনুষ্ঠিত না হওয়ায় প্রকল্পের অগ্রগতি বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে প্রতীয়মান হয়। ১.৪) **<u>প্রকল্প মনিটরিং :</u>** নথি পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটি আইএমইডি কর্তৃক গত ০৪/০৪/২০১৮ তারিখে পরিদর্শনপূর্বক ০৪টি সুপারিশ সম্বলিত প্রতিবেদন পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হয়েছে। তবে আইএমইডি'র সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করা হয়নি। তাছাড়া প্রকল্প বাস্তবায়নকালে জিইডি'র কর্মকর্তাগণ প্রকল্পটি পরিদর্শন করেননি।	কম্পিউটার ও যন্ত্রপাতি/সামগ্রীর অবস্থান নিশ্চিত করা যায়;
২.	২.১) **<u>Time Over Run</u>**: প্রকল্পটির মূল অনুমোদিত মেয়াদকাল ছিল মে,২০১৮ হতে জুন,২০১৯ পর্যন্ত। প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০৬ মাস অর্থাৎ ডিসেম্বর,২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে প্রকল্পটি সংশোধনপূর্বক প্রকল্পের মেয়াদ আরো ০৬ মাস বৃদ্ধি করে প্রকল্প ময়াদ মে, ২০১৮ হতে জুন,২০২০ পর্যন্ত নির্ধারণ করা হয়। অর্থাৎ প্রকল্পটি সমাপ্তির জন্য মূল অনুমোদিত মেয়াদকাল ১ বছর ২মাস নির্ধারিত থাকলেও প্রকল্প সমাপ্ত হতে সময় ব্যয় হয়েছে ০২ বছর ০২মাস। ফলে প্রকল্পের টাইম ওভাররান হয়েছে ১ বছর যা মূল অনুমোদিত সময়ের ৮৫.৭১%। এ জাতীয় ছোট একটি প্রকল্প বাস্তবায়নে প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষের অব্যবস্থাপনার জন্য প্রকল্পটির ক্ষেত্রে অস্বাভাবিক টাইম ওভার রান (১ বছর) হয়েছে বলে প্রতীয়মান হয়। ২.২) **<u>প্রকল্প মনিটরিং :</u>** নথি পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটি আইএমইডি কর্তৃক গত ১৯/০৬/২০১৯ তারিখে পরিদর্শনপূর্বক ০৪টি সুপারিশ সম্বলিত প্রতিবেদন পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হয়েছে। তবে আইএমইডি'র সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করা হয়নি। তাছাড়া প্রকল্প বাস্তবায়নকালে প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে পরিকল্পনা বিভাগের কর্মকর্তাগণ প্রকল্পটি	২.১) নিম্ন আয়ের দেশের ক্যাটাগরী (এলডিসি) হতে উত্তরণের ফলে বাংলাদেশের উপর যে সম্ভাব্য প্রভাব পড়তে পারে তা নিরুপণ এবং এ সকল প্রভাব মোকাবেলায় কৌশল নির্ধারণের লক্ষ্যে এই সমীক্ষা প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর এবং প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে এবং সমীক্ষার মাধ্যমে সম্ভাব্য প্রভাবসমূহ নির্ধারণসহ তা মোকাবেলায় যথাযথ কর্মকৌশল সুপারিশ করা হয়েছে। এ সকল সুপারিশসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কি ধরনের উদ্যোগ/কর্মকান্ড গ্রহণ করছে বা করবে সে বিষয়ে গবেষণা পরিচালন করা যেতে পারে। বাস্তবায়নকারী সংস্থা /প্রশাসনিক মন্ত্রণালয় এ বিষয়ে উদ্যোগ গহণ করবে; ২.২) প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/পরিকলপনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পে Time over run না ঘটিয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায় ; ২.৩) আইএমইডি কর্তৃক পরিদর্শিতব্য অন্যান্য প্রকল্প পরিদর্শনের সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডিকে অবহিত করতে হবে এবং সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নকালে প্রশাসনিক মন্ত্রণালয়ের মনিটরিং জোরদার করতে হবে ; ২.৪) প্রকল্প সমাপ্তির পর পিসিআর প্রণয়নে

ক্রমিক নং	পর্যবেক্ষণ ও সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	পরিদর্শন করেননি। ২.৩) **অসম্পূর্ণ পিসিআর প্রেরণঃ** মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত আলোচ্য প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পর্যালোচনান্তে কিছু অসম্পূর্ণতা পরিলক্ষিত হওয়ায় (যেমন -পিসিআরএর ২৯ নং পৃষ্ঠায় ৬, ৭ ও ৮ নং অনুচ্ছেদে প্রকল্প পরিচালক, সংস্থা প্রধান ও বিভাগের দায়িত্বে থাকা কর্মকর্তার মন্তব্য উল্লেখ ছিল না) । তা সংশোধন করে পুনরায় আইএমইডিতে প্রেরণের অনুরোধের প্রেক্ষিতে সংশোধিত পিসিআর ১৪ জানুয়ারি, ২০২১ তারিখে পরিকল্পনা বিভাগ কর্তৃক আইএমইডিতে প্রেরণ করা হয় ।	বাস্তবায়নকারী সংস্থাকে যত্নশীল হতে হবে এবং ভবিষ্যতে পিসিআর প্রেরণের ক্ষেত্রে নির্ভুল এবং স্বয়ংসম্পূর্ণ পিসিআর আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে। ২.৫) আলোচ্য প্রকল্পের আওতায় সংগৃহীত আসবাবপত্র/যন্ত্রাংশ ও মালামালগুলো কোনটি কোথায় ব্যবহৃত হচ্ছে তার একটি ডাটাবেইজ সংরক্ষণ করতে হবে। যাতে পরবর্তীকালে প্রয়োজনে আসবাবপত্র, কম্পিউটার ও যন্ত্রপাতি/সামগ্রীর অবস্থান নিশ্চিত করা যায় ।
৩.	৩.১) **প্রকল্প অনুমোদনে বিলম্বঃ** প্রকল্প দলিলে প্রকল্পের মেয়াদ মার্চ/২০১৮ থেকে জুন/২০১৯ উল্লেখ করা হলেও বাস্তবে প্রকল্পটি অনুমোদন দেয়া হয়েছে ০৭.০৫.২০১৮ তারিখে। অর্থাৎ প্রকল্পের মেয়াদ শুরুর ২ মাস পরে প্রকল্প অনুমোদন লাভ করেছে এবং আরও ২০ দিন পরে প্রকল্প পরিচালকের নিয়োগ দেয়া হয়েছে। ফলো প্রকল্পের কার্যক্রম শুরু করতে কিছুটা বিঘ্ন ঘটেছে। ৩.২) **বিলম্বে পিসিআর প্রেরণঃ** প্রকল্প সমাপ্ত হওয়ার পর তিন মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও জুন,২০১৯ –এ সমাপ্ত প্রকল্পটির পিসিআর আইএমইডিতে পাওয়া যায় ফেব্রুয়ারি,২০২০ তারিখে অর্থাৎ প্রকল্প সমাপ্তির ০৮মাস পর । প্রাপ্ত পিসিআরটিতে কিছু তথ্যগত ত্রুটি ও অসম্পূর্ণতা পরিলক্ষিত হওয়ায় তা সংশোধন করে পুনরায় আইএমইডিতে প্রেরণের অনুরোধের প্রেক্ষিতে সংশোধিত পিসিআর ১৪ জানুয়ারি, ২০২১ তারিখে পরিকল্পনা বিভাগ কর্তৃক আইএমইডিতে প্রেরণ করা হয় ।	৩.১) নিম্ন আয়ের দেশের ক্যাটাগরী (এলডিসি) হতে উত্তরণের ফলে বাংলাদেশের উপর যে সম্ভাব্য প্রভাব পড়তে পারে তা নিরুপণ এবং এ সকল প্রভাব মোকাবেলায় কৌশল নির্ধারণের লক্ষ্যে এই সমীক্ষা প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর এবং প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে এবং সমীক্ষার মাধ্যমে সম্ভাব্য প্রভাবসমূহ নির্ধারণসহ তা মোকাবেলায় যথাযথ কর্মকৌশল সুপারিশ করা হয়েছে। এ সকল সুপারিশসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কি ধরনের উদ্যোগ/কর্মকান্ড গ্রহণ করছে বা করবে সে বিষয়ে গবেষণা পরিচালন করা যেতে পারে। বাস্তবায়নকারী সংস্থা/প্রশাসনিক মন্ত্রণালয় এ বিষয়ে উদ্যোগ গহণ করবে; ৩.১) বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারী শিল্পের বর্তমান অবস্থা বাস্তবায়নকারী সংস্থা/ প্রশাসনিক মন্ত্রণালয় এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবে; ৩.২) প্রকল্পের অডিট এখনো সম্পন্ন হয়নি। প্রকল্প পরিচালক অডিট কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করবেন এবং অডিট সম্পন্ন করে আইএমইডিকে অবহিত করবে ; ৩.৩) প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত পিসিআর মন্ত্রণালয়ের মাধ্যমে আবশ্যিকভাবে আইএমইডিতে প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও প্রকল্প সমাপ্তির ০৮ মাস বিলম্বে পিসিআর প্রেরণের কারণ

ক্রমিক নং	পর্যবেক্ষণ ও সমস্যাসমূহ	সুপারিশসমূহ
		আইএমইডিকে অবহিত করবে।
৪.	৪..১) **প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) :** মূল ডিপিপিতে প্রকল্পটি জানুয়ারি,২০১৭ হতে জুন,২০১৮ মেয়াদে গত ২০/২/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। ১ম সংশোধনীতে প্রকল্প মেয়াদ ৬ মাস বৃদ্ধি করে জানুয়ারি,২০১৭ হতে ডিসেম্বর,২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়। নির্ধারিত সময়ে কাজ শেষ না হওয়ায় পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ পুনরায় ৬ মাস বৃদ্ধি করে জানুয়ারি,২০১৭ হতে জুন ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। এ ক্ষেত্রে প্রকল্পের মূল অনুমোদিত মেয়াদকাল এর চেয়ে ১২ মাস সময় বেশী অতিবাহিত হয়েছে। এ ক্ষেত্রে ৬৬.৬৬% টাইম ওভার রান হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে বিলম্ব ঘটেছে। ৪.২) **প্রকল্প ব্যয় বৃদ্ধি (Cost Over-run)** : প্রকল্পটির মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৬৪৩.৭৭ লক্ষ টাকা নির্ধারিত থাকলেও ১ম সংশোধনীত প্রকল্পটির ব্যয় নির্ধারণ করা হয় ২৮৬২.০৪ লক্ষ টাকা। মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ২১৮.২৭ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। তাছাড়া সংশোধিত ডিপিপিতে সংস্থানকৃত বেশ কয়েকটি অংগে আন্তঃখাত সমন্বয় করা হয়েছে যা প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়নের সময় লক্ষ্য রাখা প্রয়োজন ছিল। এ ক্ষেত্রে কিছুটা হলেও কারিগরি সমস্যা সৃষ্টি হয়েছে। ৪.৩) **প্রকল্প মনিটরিং :** নথি পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটি আইএমইডি কর্তৃক ২৮/২/২০১৮ তারিখে পরিদর্শনপূর্বক ০৪টি সুপারিশ সম্বলিত প্রতিবেদন পরিকল্পনা বিভাগ প্রেরণ করা হয়েছে। আইএমইডি.র সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করা হয়নি। তাছাড়া প্রকল্প বাস্তবায়নকালে প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে পরিকল্পনা বিভাগের কর্মকর্তাগণ পরিদর্শন করেছেন কিনা পিসিআরএ উল্লেখ করা হয়নি।	৪.১) প্রকল্প বাস্তবায়নে মূল প্রকল্পের তুলনায় ব্যয়বৃদ্ধি ও মেয়াদবৃদ্ধি হয়েছে ৮.২৫% ও ৬৬.৬৬%। ভবিষ্যতে প্রকল্প বাস্তাবয়নের ক্ষেত্রে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও মেয়াদবৃদ্ধি পরিহার করার বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাকে সচেষ্ট হতে হবে ও প্রকল্প বাস্তাবয়নে সক্ষমতা বৃদ্ধি করতে হবে ; ৪.২) ২০১৮-২০১৯ অর্থবছরে অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত আপত্তিতে ৫,৭৯,৫৮৯/- টাকার সম্পৃক্ততা রয়েছে। অডিট আপত্তিটি দ্রুত নিষ্পত্তি করে আইএমইডিকে অবহিত করতে হবে ; ৪.৩) জেনারেল টয়লেটগুলোর ফিটিংস বিশেষত: বেসিনের ট্যাপ ও পুশ শাওয়ার কাজ করে না। টয়লেটগুলো তেমন পরিচ্ছন্ন দেখা যায়নি। এ অকেজো বেসিন ও পুশ শাওয়ারগুলো নতুন পুশ শাওয়ার দিয়ে প্রতিস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পিডব্লিউডি এবং পরিকল্পনা বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ; ৪.৪) প্রকল্পের আওতায় সংগৃহীত আসবাবপত্র/যন্ত্রাংশ ও মালামাল কোনটি কোথায় ব্যবহার হচ্ছে তার একটি ডাটাবেইজ সংরক্ষণ করা প্রয়োজন। যাতে পরবর্তীকালে প্রয়োজনে আসবাবপত্র, কম্পিউটার ও যন্ত্রপাতি/সামগ্রীর অবস্থান নিশ্চিত করা যায় ;
৫.	৫.১) **Time Over run:** মূল ডিপিপিতে প্রকল্পটি আগস্ট,,২০১৫ হতে জুন,২০১৮ মেয়াদে গত	৫.১) প্রকল্পের ক্রয় কার্যক্রমে ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন হয়নি। অনেক ক্ষেত্রেই

ক্রমিক নং	পর্যবেক্ষণ ও সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	২৯/১০/২০১৫ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছিল। ১ম সংশোধনীতে প্রকল্প মেয়াদ আগস্ট,২০১৫ হতে জুন,২০১৯ মেয়াদে নির্ধারণ করা হয়। অর্থাৎ প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি পায় ১২ মাস বা ২৫.৫৩%। নির্ধারিত সময়ে কাজ শেষ না হওয়ায় পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ৩মাস বৃদ্ধি করে আগস্ট,২০১৫ থেকে সেপ্টেম্বর,২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। এ প্রকল্পের ২ বারে সময় বৃদ্ধি পেয়েছে ১৫ (পনের) মাস বা ৩১.৯১%। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে বিলম্ব ঘটেছে। ৫.২) **Cost Over run**: প্রকল্পটির মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১০২৬৪.৫৩ লক্ষ টাকা নির্ধারিত থাকলেও ১ম সংশোধনীতে প্রকল্পটির ব্যয় নির্ধারণ করা হয় ১০৪১১.২৮ লক্ষ টাকা। মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ১৪৬.৭৫ লক্ষ টাকা বা ১.৪২% বৃদ্ধি পেয়েছে। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১০০৪৮.৫৮ লক্ষ টাকা। অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা ২১৫.৯৫ লক্ষ টাকা কম (২.১০%) ব্যয় হয়েছে। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়। ৫.৩) **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ** এ প্রকল্প বাস্তবায়নকালীন ৬ জন প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্ব হিসেবে দায়িত্ব পালন করেছেন। পরিকল্পনা বিভাগ হতে জারিকৃত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্দ্ধে প্রকল্পের ক্ষেত্রে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ দিতে হয়। এ প্রকল্পটির প্রাক্কলন ছিল ১০৪১১.২৮ লক্ষ টাকা । কিন্তু পরিপত্র অনুযায়ী পূর্ণকালীন প্রকল্প পারিচালক পদায়ন না করায় পরিপত্রের বিধান লংঘন করা হয়েছে বলে প্রতীয়মান হয়। ৫.৫) **পিসিআর প্রণয়নে দুর্বলতাঃ** মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনায় নিম্নবর্ণিত ত্রুটি পরিলক্ষিত হয়ছেঃ	ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদ অস্বাভাবিক বৃদ্ধি পেয়েছে। ক্রয় কাজে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার চলমান প্রকল্পের ক্রয় কার্যক্রম যথাসম্ভব ডিপিপি'র সিডিউল অনুসরণ করতে হবে এবং চুক্তি মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে; ৫.২) প্রকল্পের আওতায় ভবনে সংযোজিত লিফটগুলো নিয়মিত সার্ভিসিং করার ব্যবস্থা থাকতে হবে। এছাড়া ভবনের ইলেকট্রিক লাইন (ডাক), রান্নাঘরের পাইপ দিয়ে পানি পড়া , জানালার থাই গ্লাসের সমস্যা এবং বিল্ডিং (জুঁই) এর টপ ফ্লোরের ছাদ লিক করে পানি পড়া বন্ধ করাসহ ভবনের অন্যান্য ত্রুটিসমূহ দূর করতে হবে। পিডব্লিউডি এবং পরিকল্পনা বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ; ৫.৩) প্রকল্পটি নির্ধারিত মেয়াদে শেষ হয়নি, মূল ডিপিপি অনুয়ায়ী মেয়াদ বৃদ্ধি পেয়েছে ১৫ মাস বা ৩১.৯১% । প্রকল্প গ্রহণের পূর্বে প্রকল্পের ডিজাইন/প্রাক্কলন/ পরিকল্পনা যথাযথভাবে প্রণয়ন করতে হবে। মন্ত্রণালয়/ বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনের মধ্যে বাস্তবায়নের জন্য দৃষ্টি আকর্ষণ করা হলো ; ৫.৪) এ প্রকল্পে ৬ জন প্রকল্প পরিচালক অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করেছেন। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক ভবিষ্যতে পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের পরিপত্রের বিধান অনুসরণ করে পূর্ণকালীন প্রকল্প পরিচালকসহ অন্যান্য জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; ৫.৫) ২০১৮-২০১৯ অর্থবছরে ৩টি অভ্যন্তরীণ অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। এ আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তি করে আইএমইডিতে প্রমাণক পাঠাতে হবে।

ক্রমিক নং	পর্যবেক্ষণ ও সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	-পিসিআর এর পৃষ্ঠা-১০ এ ৩, ৪ ও ৫ অনুচ্ছেদে প্রকল্প পরিচালক, সংস্থা প্রধান ও মন্ত্রণালয়/ বিভাগের দায়িত্বে থাকা কর্মকর্তার মন্তব্য উল্লেখ না থাকায় তা সংশোধন করে পুনরায় আইএমইডিতে প্রেরণের জন্য লিখিতভাবে অনুরোধ করা হয়। কিন্তু প্রকল্প পরিচালক ও সংস্থা প্রধানের মন্তব্য ছাড়াই নির্বাহী প্রকৌশলী, শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-৩ স্বাক্ষর সম্বলিত পিসিআর আইএমইডিতে ০৮ ফ্রেব্রুয়ারি,২০২১ প্রেরণ করা হয়। -প্রকল্প পরিচালকগণের দায়িত্ব পালনের সুনির্দিষ্ট তারিখ উল্লেখ করা হয়নি। -আরএডিপিতে প্রকল্পের মেয়াদ ছিল আগস্ট,২০১৫ হতে জুন,২০১৯ পর্যন্ত। পরবর্তীতে পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রকল্প মেয়াদ ৩মাস বৃদ্ধি করে আগস্ট,২০১৫ হতে সেপ্টেম্বর,২০১৯ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব আইএমইডিতে প্রেরণ করে। এ প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদ আগস্ট,২০১৫ হতে সেপ্টেম্বর,২০১৯ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাবে আইএমইডি সম্মতি প্রদান করে। অর্থাৎ প্রকল্পের মেয়াদ নির্ধারিত হয় আগস্ট,২০১৫ হতে সেপ্টেম্বর,২০১৯ পর্যন্ত। কিন্ত প্রেরিত পিসিআর-এ প্রকল্পের মেয়াদ দেখানো হয়েছে আগস্ট,২০১৫ হতে জুন,২০১৯ পর্যন্ত।	
৬.	৬.১) **সমীক্ষা কার্যক্রম পরিচালনাঃ** প্রকল্প পরিচালকের সঙ্গে আলোচনা করে জানা যায়, প্রকল্প অনুমোদনের পর হতে বিভিন্ন প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন করে ১০ ডিসেম্বর, ২০১৭ তারিখে পরামর্শক প্রতিষ্ঠান South Asian Network on Economic Modeling-কে সমীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য নিয়োগ করা হয় এবং পরামর্শক প্রতিষ্ঠানের সাথে সমীক্ষা সম্পাদনপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ৭ (সাত) মাসের জন্য অর্থাৎ জুন, ২০১৮ পর্যন্ত চুক্তি সম্পদন করা হয়। প্রকল্প অনুমোদনে বিলম্ব হওয়ায় পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনেও বিলম্ব হয়। জুন, ২০১৮ পর্যন্ত চুক্তির মেয়াদ থাকলেও জুন, ২০১৮ এর মধ্যে ফার্ম তাদের নির্ধারিত কাজ সমাপ্ত করতে সমর্থ না হওয়ায় ৩১/১২/২০১৮তারিখে পরামর্শক প্রতিষ্ঠান সমীক্ষা কার্যক্রম সম্পাদনপূর্বক দাখিল করেছে। উক্ত সমীক্ষা পরিচালনার জন্য সংশোধিত ডিপিতে পরামর্শক খাতে ৩২৬.৫০ লক্ষ টাকার সংস্থান ছিল। অনুমোদিত সংস্থানকৃত সমুদয় অর্থ ব্যয়ে সমীক্ষা	৬.১) প্রকল্পের আওতায় পরিচালিত সমীক্ষা কার্যক্রম প্রতিবেদনটি পুস্তিকা আকারে ছাপানোর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। প্রকল্পটি যে উদ্দেশ্যে গৃহীত হয়েছে সমীক্ষা কার্যক্রমটি যাতে দেশের উন্নয়নে যথেষ্ট অবদান রাখতে পারে সে ব্যাপারে প্রকল্প সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যথাযথ ভূমিকা রাখতে হবে ; ৬.২) প্রকল্পের আওতায় যে সব লজিষ্টিক সুবিধা তৈরী হয়েছে তার যথাযথ ব্যবহার এবং সংরক্ষনের বিষয়টি গুরুত্বসহ বিবেচনা করতে হবে। ক্রয়কৃত যন্ত্রপাতির তালিকা সংরক্ষণপুর্বক সম্পদ রেজিষ্টারভূক্ত করতে হবে । প্রকল্পের মধ্যমে ক্রয়কৃত যন্ত্রপাতি (ল্যাপটপ-৩টি, প্রিন্টার-১টি, ট্যাব-৪টি, পেন-ড্রাইভ-৫টি, স্ক্যানার-৩টি, ফটোকপিয়ার মেশিন-১টি এবং টেলিসেট-০৮টি) রাজস্ব বাজেটে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; ৬.৩) বাস্তবায়িত প্রকল্পটির অডিট দ্রুত সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে এবং অডিট নিষ্পত্তি হলে

ক্রমিক নং	পর্যবেক্ষণ ও সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	কার্য়ক্রম পরিচালনা সম্পন্ন হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জানান উক্ত সমীক্ষা কার্যক্রম প্রতিবেদন আকারে ছাপানোর কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধিন রয়েছে। ৬.২) **<u>প্রকল্পের আওতায় সংগৃহীত মালামালঃ</u>** অনুমোদিত ডিপিপিতে ল্যাপটপ-৩টি, প্রিন্টার-১টি, ট্যাব-৪টি, পেন-ড্রাইভ-৫টি, স্ক্যানার-৩টি, ফটোকপিয়ার মেশিন-১টি এবং টেলিফোন সেট-০৮টি ক্রয়ের ১৪.৭৫ লক্ষ টাকার সংস্থান ছিল। প্রকল্প দপ্তর হতে PCR পর্যালোচনা করে দেখা যায়, ডিপিপি সংস্থানকৃত অর্থে উক্ত মালামালগুলো ক্রয় করা হয়েছে। এখাতে ব্যয় হয়েছে ১৪.৪০ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক জানান ক্রয়কৃত এসকল মালামাল সাধারণ অর্থনীতি বিভাগে প্রেরণ করা হয়েছে। ৬.৩) **<u>কর্মশালাঃ</u>** সংশোধিত অনুমোদিত ডিপিপিতে কর্মশালা খাতে ৫.৫০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। PCR পর্যালোচনায় দেখা এ খাতে ব্যয় হয়েছে ২.৭১ লক্ষ টাকা (আর্থিক অগ্রগতি ৪৯.২৭%)।	আইএমইডি'কে তা অবহিত করতে হবে।

Adaptation to Climate Change into the National and Local Development Planning (ACCNLDP) শীর্ষক প্রকল্পের সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত জুন, ২০১৯)

০১. প্রকল্পের নাম : Adaptation to Climate Change into the National and Local Development Planning (ACCNLDP) প্রকল্প

০২. বাস্তবায়নকারী সংস্থা : সাধারণ অর্থনীতি বিভাগ

০৩ প্রশাসনিক মন্ত্রণালয় : পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

০৪। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মুল অনুমোদিত ব্যয়ের%	অতিক্রান্ত সময় (মুল বাস্তবায়ন কালের %)
মুল	সর্বশেষ সংশোধিত (১ম সংশোধিত		মুল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা প্রকল্প	মোট টাকা প্রকল্প সাহায্য	মোট টাকা প্রকল্প সাঃ					
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৮৯০.০০ ৫৪০.০০ ৪৩৫০.০০	৪৮৫৬.৬৭ ১৭৬.০০ ৪৬৮০.৬৭	৪৭০৩.৭২ ২৮.৭০ ৪৬৭৫.০২	জানুয়ারি, ২০১৬ হতে ডিসেম্বর/২০১৮	জানুয়ারি, ২০১৬ হতে জুন/২০১৯	জানুয়ারি, ২০১৬ হতে জুন/২০১৯	--	+ ৬ মাস + (১৬.৬৭%)

০৫। **প্রকল্প এলাকাঃ** সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০৬। পটভূমিঃ

৬.১। প্রাকৃতিক অবস্থানের কারণে বাংলাদেশ অত্যন্ত দুর্যোগপ্রবণ এবং জলবায়ু পরিবর্তনজনিত উচ্চ ঝুঁকিপূর্ণ একটি দেশ। বাংলাদের মোট ভূ-খন্ডের ৮৮% বদ্বীপ সমতল ভূমি। পূর্ব হিমালয় থেকে বয়ে আসা গঙ্গা, ব্রহ্মপুত্র ও মেঘনা নদী বাংলাদেশে এসে মিলিত হয়েছে। এখানে প্রায়ই বন্যা, সাইক্লোন, ভূমিকম্পের মত প্রাকৃতিক দুর্যোগের ঘটনা ঘটে। সমুদ্র তলের উচ্চতা বৃদ্ধির কারণে ২০৩০ সাল নগাদ বাংলাদেশ অন্যন্ত বন্যাপ্রবণ হবার ঝুঁকিতে রয়েছে। এছাড়া, বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির ফলে জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশ অর্থনৈতিক প্রবৃদ্ধিতেও বিভিন্ন ধরনের প্রভাব পড়ার আশংকা রয়েছে। জলবায়ু পরিবর্তনের প্রভাব পরিকল্পনা দলিলে যথাযথভাবে প্রতিফলন এবং বিনিয়োগ প্রকল্পের জলবায়ু পরিবর্তনের অভিঘাত বিবেচনার লক্ষ্যে জার্মান সরকারের অনুদান সহায়তা এ প্রকল্পটি গ্রহণ করা হয়। পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনৈতিক বিভাগ (লিড এজেন্সি) ও ভৌত অবকাঠামো বিভাগ এবং জার্মান সরকারের উন্নয়ন সংশ্লিষ্ট সংস্থা প্রকল্পের বাস্তবায়ন করেছে।

৬.২। **প্রকল্প সংশোধন ও অনুমোদনঃ** প্রকল্পটি মোট ৪৮৯০.০০ লক্ষ টাকা (জিওবি ৫৪০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ৪৩৫০.০০ লক্ষ) প্রাক্কালিত ব্যয়ে জানুয়ারি, ২০১৬ থেকে ডিসেম্বর, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য কারিগরি

সহায়তা প্রকল্পটি গত ২৯/০৯/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদিত মেয়াদ অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন শুরু জানুয়ারি ২০১৬ নির্ধারিত হলেও প্রকল্পটি অক্টোবর-২০১৬-তে অনুমোদিত হয়। এ জন্য প্রকল্পের কর্মপরিকল্পনা অনুয়ায়ী দেরিতে শুরু হওয়ায় বাস্তবতার নিরিখে সকল কার্যক্রম শেষ করার লক্ষ্যে প্রকল্প ব্যয় ৪৮৫৬.৬৭ লক্ষ (জিওবি ১৭৬.০০ লক্ষ, প্রকল্প সাহায্য ৪৬৮০.৬৭ লক্ষ) টাকা নির্ধারণ করে প্রকল্পটি সংশোধনপূর্বক জানুয়ারি ২০১৬ থেকে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৭/০৩/২০১৯ তারিখে পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রশাসনিক অনুমোদন জারি করে।

০৭। **<u>প্রকল্পের উদ্দেশ্যঃ</u>** প্রকল্পটি'র সার্বিক উদ্দেশ্য হল জলবায়ু পরিবর্তনের ইস্যুকে জাতীয় এবং স্থানীয় পরিকল্পনা দলিলে যথাযথভাবে প্রতিফলিত করা এবং বিনিয়োগ প্রকল্পের মূল্যায়নে জলবায়ু পরিবর্তনের অভিঘাত বিবেচনার জন্য একটি কাঠামো প্রণয়ন করা।

(ক) <u>প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমুহ নিম্নরুপঃ</u>

- সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমুহ, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ, সুশীল সমাজ ও প্রাজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে পরিবেশ এবং জলবায়ু পরিবর্তন খাতের জন্য একটি সেক্টরাল পরিকল্পনা প্রণয়ন করা;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমুহ, সুশীল সমাজ এবং প্রাজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে নগরায়ন এবং হাউজিং খাতের জন্য একটি সেক্টরাল পরিকল্পনা প্রণয়ন করা;
- বিনিয়োগ প্রকল্প বিবেচনার জন্য কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ ও সাধারণ অর্থনীতি বিভাগ এর সমন্বয়ে বিনিয়োগ প্রকল্পের মূল্যায়নে " ক্লাইমেট রেজিলিয়েন্ট" ইস্যুকে বিবেচনার জন্য একটি ক্লাইমেট চেক-আপ টুল প্রণয়ন করা;
- পরিকল্পনা প্রণয়নে জলবায়ু সম্পর্কিত বিষয়াদি সঠিকভাবে বিবেচনার লক্ষ্যে সংশ্লিষ্ট স্থানীয় ও জাতীয় পর্যায়ের সরকারি কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন;
- ভৌত অবকাঠামো নির্মাণ সংক্রান্ত বিনিয়োগে প্রকল্প মুল্যায়নের জন্য পরিকল্পানা কমিশনের কর্মকর্তাদের সহায়তা প্রদানের লক্ষ্যে জিও ইনফরমেশনসহ একটি "ডিজিটাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম" প্রতিষ্ঠা করা; এবং
- জলবায়ু পরিবর্তনের ওপর অন্তঃ ও আন্তঃ প্রাতিষ্ঠানিক জ্ঞান বিনিময়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনকে শক্তিশালী করা

(খ) **<u>প্রকল্পের উল্লেখযোগ্য কার্যক্রম:</u>**

- পরিবেশ ও জলবায়ু পরিবর্তন" এবং "Housing @ Communities" খাতের জন্য পৃথক পৃথক খাতভিত্তিক পরিকল্পনা প্রণয়ন;
- জাতীয় পরিকল্পনার আলোকে জলবায়ু পরিবর্তনের অভিঘাত বিবেচনা করে ৫টি স্থানীয় সরকার প্রতিষ্ঠার জন্য স্থানীয় পরিকল্পনা প্রণয়ন ও তা পাইলটিং;
- বিনিয়োগ প্রকল্পের অনুমোদন মূল্যায়নে "ক্লাইমেট রেজিলিয়েন্ট" ইস্যুকে বিবেচনার জন্য একটি ক্লাইমেট চেক-আপ টুল তৈরি করা;
- বিনিয়োগ প্রকল্প মূল্যায়নের জন্য জিও ইনফরমেশনসহ একটি ডিজিটাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপন করা;
- ফেলোশিপ, ওয়ার্কশপ , সেমিনার প্রভৃতি আয়োজন।

০৮। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ**

(লক্ষ টাকায়)

কঃ নঃ	ডিপিপি অনুযায়ী অঙ্গসমূহের নাম	বাস্তব (পরিমান)	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা			সর্বশেষ ক্রমপুঞ্জিত অগ্রগতি			
			আর্থিক			বাস্তব (পরিমান)	আর্থিক		
			জিওবি	প্রকল্প সাহয্য	মোট		জিওবি	প্রকল্প সাহায্য	মোট
	(ক) রাজস্ব								
১	প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	১৭৬ জনমাস	--	৪৭.০৯	৪৭.০৯	১৭৬ জনমাস	--	৫৭.৮৮	৫৭.৮৮
২	অন্যান্য ভাতা (প্রকল্প ভাতা) ২০% অব বেসিক পে	থোক	১৫.০০	--	১৫.০০	থোক	১১.৩৩	--	১১.৩৩
৩	ভ্রমণ ব্যয়	থোক	১০.০০	১২৮.০৫	১৩৮.০৫	থোক	--	১৭১.৬০	১৭১.৬০
৪	ভাড়া অফিস	থোক	--	২৩৮.২৩	২৩৮.২৩	থোক	--	২৬৭.০১	২৬৭.০১
৫	পেট্রোল ও লুব্রিক্যান্ট	থোক	--	৩০.৪৪	৩০.৪৪	থোক	--	৩০.২২	৩০.২২
৬	অডিও ,ভিডিও চলচিত্র নির্মাণ	থোক		৭.৪০	৭.৪০	থোক		০.০০	০.০০
৭	প্রশিক্ষণ ও সেমিনার বৈদেশিক সফর	থোক	১১৯.০০	১৪৩.১০	২৬২.১০	থোক	--	১৭১.৪৯	১৭১.৪৯
৮	স্টাডি ট্যুর	থোক	--	৭০.৮২	৭০.৮২	থোক	--	৭০.৮২	৭০.৮২
৯	অনারেরিয়াম ও ন্যাশনাল ইন্টার্ন	থোক	৭.০০	৪.৩৮	১১.৩৮	থোক	১.৩২	৩.৭৭	৫.০৯
১০	এন্টারটেইনমেন্ট	থোক	৩.০০	--	৩.০০	থোক	০.৯৩	--	০.৯৩
১১	স্টেশনারি	থোক	৭.০০	৪০.৮১	৪৭.৮১	থোক	৬.৯৫	৫০.৪১	৫৭.৩৬
১২	ম্যানেজমেন্ট চার্জ ডেলিগেশন	থোক	--	৪৬৭.৮৬	৪৬৭.৮৬	থোক	--	৪৭০.৫৩	৪৭০.৫৩
১৩	আন্তর্জাতিক ও জাতীয় হিউম্যন রিসোর্স/কন্সালটেন্ট	থোক	--	২৬০৯.৫২	২৬০৯.৫২	থোক	--	২৫২৪.২০	২৫২৪.২০
১৪	কার হায়ারিং চার্জ	৩টি মাইক্রবাস	১৫.০০	৫৫.৭৭	৭০.৭৭	৩টি মাইক্র বাস	৮.১৭	৭৮.৮৭	৮৭.০৪
১৫	ডাইরেক্ট এক্সপেন্স	থোক	--	৫৫৬.১৪	৫৫৬.১৪	থোক	--	৫১৮.৭২	৫১৮.৭২
১৬	বিবিধ রক্ষণাবেক্ষণ	থোক	--	০.০৭	০.০৭	থোক	--	০.০৭	০.০৭
১৭	অফিস ডেকোরেশন	থোক	--	৮.৭০	৮.৭০	থোক	--	৮.৫৬	৮.৫৬
১৮	অন্যান্য মেরামত ও সংরক্ষণ	থোক	--	৮.৬২	৮.৬২	থোক	--	১৩.৯১	১৩.৯১
১৯	পাইলটিং ইন এলজিআইস	থোক	--	৪২.১০	৪২.১০	থোক	--	০.০০	০.০০
	উপমোট (রাজস্ব)		**১৭৬.০০**	**৪৪৫৯.১০**	**৪৬৩৫.১০**		**২৮.৭০**	**৪৪৩৮.০৬**	**৪৪৬৬.৭৬**
	(খ) মুলধন								
২০	কম্পিউটার সফটওয়্যার এন্ড রিলেটেড এক্সেসরিজ	থোক	--	১১১.৯০	১১১.৯০	থোক	--	১৩৭.৪৪	১৩৭.৪৪

কঃ নঃ	ডিপিপি অনুযায়ী অঙ্গসমূহের নাম	বাস্তব (পরিমান)	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা			সর্বশেষ ক্রমপুঞ্জিত অগ্রগতি			
			আর্থিক			বাস্তব (পরিমান)	আর্থিক		
			জিওবি	প্রকল্প সাহায্য	মোট		জিওবি	প্রকল্প সাহায্য	মোট
২১	অফিস ইক্যুপমেন্ট/ অফিস ফার্ণিচার	থোক	--	৬৬.৮৪	৬৬.৮৪	থোক	--	৫৫.৩১	৫৫.৩১
২২	টেলিকমিউনিকেশন/ ইলেকট্রিক ইক্যুপমেন্ট	থোক	--	৪২.৮৩	৪২.৮৩	থোক	--	৪৪.২১	৪৪.২১
	উপমোট (মূলধন)			**২২১.৫৭**	**২২১.৫৭**	থোক	--	**২৩৬.৯৬**	**২৩৬.৯৬**
	সর্বমোট		**১৭৬.০০**	**৪৬৮০.৬৭**	**৪৮৫৬.৬৭**		**২৮.৭০ (১৬.৩১%)**	**৪৬৭৫.০২ (৯৯.৮৭%)**	**৪৭০৩.৭২ (৯৭%)**

তথ্যসূত্রঃ প্রকল্প কার্যালয়

০৯। বছরভিত্তি সংশোধিত এডিপি বরাদ্দ,অবমুক্তি ও ব্যয়

অর্থ বছর	এডিপি বরাদ্দ			টাকা অবমুক্তি (বরাদ্দের%)	ব্যয়			ছাড়কৃত অর্থ ব্যয় না হওয়ার কারণ
	জিওবি	প্রকল্প সাহায্য	মোট		জিওবি	প্রকল্প সাহায্য	মোট	
২০১৬-২০১৭	৩৪.০০	১৮০৬.০০	১৮৪০.০০	--	--	১৬২৪.৩১	১৬২৪.৩১	প্রশিক্ষণের সমূদয় ব্যয় ডিপিএ খাত হতে জিআইজেড কর্তৃক বহন করার ফলে জিওবি খাতের সম্পূর্ণ অর্থ ব্যয় হয়নি। তাছাড়া ভ্রমণ খাতে কোন ব্যয় হয়নি। আলোচ্য প্রকল্পের ২০১৭-১৮ অর্থবছরে জিওবি খাতে ৩৩.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে সম্পূর্ণ অর্থ অবমুক্ত হয়েছে। জুন,২০১৮ পর্যন্ত জিওবি খাতে ১৩.৬৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যেহেতু প্রকল্পটি সরকারি প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত হয়েছে সেহেতু অর্থ অবমুক্ত হলেও অবশিষ্ট ১৯.৩৩ লক্ষ টাকা এ বিভাগের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট হতে উত্তোলন করা হয়নি মর্মে পরিদর্শনকালে জানা যায়।
২০১৭-২০১৮	৩৩.০০	১৪৫০.০০	১৪৮৩.০০	৩৩.০০ (১০০%)	১৩.৬৭	১৪৪১.১৫	১৪৫৪.৮২	
২০১৮-২০১৯	১৩৮.০০	১৬২৯.০০	১৭৬৭.০০	১৩৮.০০ (১০০%)	১৫.০৩	১৬০৯.৫৬	১৬২৪.৫৯	বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা থাকলেও সংশোধিত

অর্থ বছর	এডিপি বরাদ্দ			টাকা অবমুক্তি (বরাদ্দের%)	ব্যয়			ছাড়কৃত অর্থ ব্যয় না হওয়ার কারণ
	জিওবি	প্রকল্প সাহায্য	মোট		জিওবি	প্রকল্প সাহায্য	মোট	
								টিএপিপি অনুমোদনের পরে প্রয়োজনীয় সময় না থাকায় নির্ধারিত অর্থবছরে জিওবি অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। আলোচ্য প্রকল্পের ২০১৮-১৯ অর্থবছরে জিওবি খাতে ১৩৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে সম্পূর্ণ অর্থ অবমুক্ত হয়েছে। জুন,২০১৯ পর্যন্ত জিওবি খাতে ১৫.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অবমুক্ত হলেও অবশিষ্ট ১২২.৯৭ লক্ষ টাকা এ বিভাগের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট হতে উত্তোলন করা হয়নি মর্মে পরিদর্শনকালে জানা যায়।

তথ্যসূত্রঃ প্রকল্প কার্যালয়

১০। প্রকল্পটি মোট ৪৮৫৬.৬৭ লক্ষ টাকা (জিওবি ১৭৬.০০ লক্ষ এবং প্রকল্প ৪৬৮০.৬৭ লক্ষ) ব্যয়ে জানুয়ারি,২০১৬ হতে জুন,২০১৯ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির অনুকুলে জিও বি বরাদ্দের পরিমাণ ২০৫.০০ লক্ষ টাকা এবং অবমুক্তির পরিমাণ ১৭১.০০ লক্ষ টাকা । প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এর তথ্য অনুযায়ী প্রকল্পের ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৪৭০৩.৭২ লক্ষ টাকা (৯৭%) জিওবি খাতে ব্যয় হয়েছে ২৮.৭০ লক্ষ টাকা (বরাদ্দের ১৪%) এবং প্রকল্প সাহায্য (GIZ) কর্তৃক ব্যয় হয়েছে ৪৬৭৫.০২ লক্ষ টাকা (৯৭%) এবং বাস্তব অগ্রগতি ৯৯% । প্রকল্প সাহায্য (অনুদান) এর সমূদয় অর্থ উন্নয়ন সহযোগী জার্মান সরকার নিয়োজিত সংস্থা GIZ কর্তৃক সরাসরি বাস্তবায়ন ও ব্যয় করা হয়েছে।

১১। **প্রকল্প মূল্যায়ন পদ্ধতি (Methodology) :** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যে প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা হয়:

(ক) প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনে প্রাপ্ত তথ্য ;
(খ) প্রকল্পের অনুমোদিত আরডিপিপিও পিসিআর পর্যালোচন;
(গ) প্রকল্পের নথি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং
(ঘ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিস্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১২। **পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত বিস্তারিত তথ্য :**

(ক) পণ্য, (জিওবি)

প্যাকেজ নং প্যাকেজ বর্ণনা	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	পদ্ধতি	ডিপিপি অনুযায়ী দরপত্র আহবানের তারিখ	বাস্তবে দরপত্রের তারিখ	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির তারিখ	
							চুক্তি অনুযায়ী	প্রকৃত
GD1 Stationeries	৩.০০	২.৮৩	RFQ	নভেম্বর, ২০১৭	১১/১২/২০১৭	৩০/০১/২০১৮	১৫/০৩/২০১৮	১৫/০৩/২০১৮
GD2 Stationeries	৪.০০	৩.৮৩	RFQ	জানুয়ারি,২০১৯	০৬/০৫/২০১৯	২৭/০৫/২০১৯	২৯/০৫/২০১৯	২৯/০৫/২০১৯
SD1 Vehicle rent	১০.০০	৮.২০	RFQ	নভেম্বর,২০১৭	১১/১২/২০১৭	৩০/০১/২০১৮	২২/২/২০১৮	২২/২/২০১৮

(খ) পণ্য, ক্রয় সংক্রান্ত তথ্য (প্রকল্প সাহায্য – জিআইজেড)

প্যাকেজ নং প্যাকেজ বর্ণনা	প্রাক্কলিত মূল্য	পদ্ধতি	ডিপিপি অনুযায়ী দরপত্র আহবানের তারিখ	বাস্তবে দরপত্রের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ	
						চুক্তি অনুযায়ী	প্রকৃত
GD1(a) Vehicle rent GD2 Office equipment GD3 Computer, software (GIS & others) & related accessories GD4 Tele communication Equipment GD5 Electric Equipment GD6 Other Resources GD8 Office furniture	ডিপিএ খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় Deutsche Gesellschaft for Internationale Zusammmenarbeit (GIZ) জিআইজেড কর্তৃক সরাসরি নির্বাহ করা হয়েছে। এ প্রেক্ষিতে উল্লিখিত প্যাকেজসমূহও জিআইজেড সরাসরি বাস্তবায়ন করেছে ।						

(গ) **সেবা ক্রয় সংক্রান্ত তথ্য : (প্রকল্প সাহায্য)**

প্যাকেজ নং প্যাকেজ বর্ণনা	একক	পদ্ধতি	প্রাক্কলিত ব্যয়	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	সেবা প্রতিষ্ঠানের নাম
SD1 International Cluster Coordinator	6 mm	ডিপিএ খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় জিআইজেড কর্তৃক সরাসরি নির্বাহ					
SD2 International Team Leader	22 mm						

প্যাকেজ নং প্যাকেজ বর্ণনা	একক	পদ্ধতি	প্রাক্কলিত ব্যয়	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	সেবা প্রতিষ্ঠানের নাম
SD3 International Junior Expert on Capacity Development	36 mm	করা হয়েছে। এ প্রেক্ষিতে উল্লিখিত প্যাকেজসমূহও জিআইজেড সরাসরি বাস্তবায়ন করেছে।					
SD4 International Principal Advisor	6 mm						
SD8 International need based short term consultant	22 mm						
SD10 Project Administrative Staffs	207 mm						
SD11 Need-based national short-term expert/consultants/intern	130.0 mm						
SD12 National Intern	6 mm						
SD13 Administrative Staff Support to PC	144 mm						

১৩। প্রকল্প **পরিচালক সম্পর্কিত তথ্য**

প্রকল্প পরিচালক এর নাম	মূল দপ্তর ও পদবী	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত)	ডিপিপি প্রণয়ন করছেন	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পাপ্ত কিনা	
				হাঁ / না	হাঁ / না	প্রকল্প সংখ্যা
জনাব মোঃ মফিদুল ইসলাম	সাধারণ অর্থনীতি বিভাগ, যুগ্মপ্রধান	জানুয়ারি, ২০১৭ হতে জুন ২০১৯ পর্যন্ত	অতিরিক্ত	হাঁ	হাঁ	২টি

১৪. **<u>পরিদর্শন ও পর্যবেক্ষণ:</u>**

প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আইএমইডি,র পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর সহকারী পরিচালক কর্তৃক গত ০৭/০২/২০২০ তারিখ প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যাবলি পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক এবং সিনিয়র সহকারী প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ উপস্থিত ছিলেন।

১৫। <u>প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যাবলীঃ</u>

১. পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক সেক্টর অ্যাকশন প্ল্যান প্রণয়ন করা হয়েছে।

২. Urbanization and Housing বিষয়ক সেক্টর অ্যাকশন প্ল্যান প্রণয়ন করা হয়েছে।

৩. পরিকল্পনা প্রণয়নে স্থানীয় সরকারের সক্ষমতা বৃদ্ধিতে ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। ৫টি স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি পর্যালোচনা করা হয়েছে, তথ্য সংগ্রহ এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের মতামত গ্রহণ করা

হয়েছে এবং এর ভিত্তিতে পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ে জাতীয় পরিকল্পনার সাথে স্থানীয় উন্নয়ন পরিকল্পনার যোগসূত্র নির্ণয়পূর্বক প্রতিবেদন প্রণীত হয়েছে।

৪. ভৌত অবকাঠামো বিভাগ এ ক্লাইমেট চেক টুল তৈরি করা হয়েছে।

৫. ভৌত অবকাঠামো বিভাগ এ একটি ডিজিটাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম তৈরি করা হয়েছে।

৬. পরিকল্পনার সাথে সংশ্লিষ্ট আনুমানিক ৫৫০ জন কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিতে ToT, স্টাডি ট্যুর, বৈদেশিক প্রশিক্ষণসহ স্থানীয় প্রশিক্ষণ সম্পাদন করা হয়েছে।

৭. জলবায়ু পরিবর্তন বিষয়ে সংশ্লিষ্ট সরকারি দপ্তর, উন্নয়ন সহযোগী সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক অন্যান্য প্রতিষ্ঠানের সাথে তথ্য, অভিজ্ঞতা ও জ্ঞান বিনিময়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনের সক্ষমতা জোরদার করা হয়েছে।

১৬। <u>প্রশিক্ষণ/স্টাডি ট্যুর :</u>

অনুমোদিত টিএপিপিতে দেশের বাহিরে ৪টি ব্যাচে Individual Training বিষয়ে ৪৭ জনের প্রশিক্ষণে সংস্থানের বিপরীতে ৩টি ব্যাচে ৩১ জন, দেশের ভিতরে Individual Training বিষয়ে ২০০ জনের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৯৭ জন, Training on integrating Climate Change Adaptation into Development Planning in Bangladesh প্রশিক্ষণ কর্মসূচির ৩০০ জনের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩০৫ জন এবং Foreign Training এর লক্ষ্যমাত্রার বিপরীতে GIZ সহ ১৫ জনকে ১০ দিন মেয়াদে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৭। <u>ওয়ার্কশপ /সেমিনার আয়োজন :</u> আলোচ্য প্রকল্পের আওতায় Integration of the National and the Local Development Plan শীর্ষক কর্মশালা NILG তে ২৪/০৫/২০১৭ তারিখে, Integration of the National and the Local Development Plan ১৯/১১/২০১৭ তারিখে সিরাজগঞ্জে এবং Workshop on "Formulation of Sector Action Plan for Environment and Climate Change" বিষয়ে ২৩/০৫/২০১৯ তারিখে BICC তে অনুষ্ঠিত হয়েছে।

১৮। প্রকল্পের পরিকল্পির উদ্দেশ্য ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জন	
(ক)	সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমুহ, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমুহ, সুশীল সমাজ ও প্রাজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে পরিবেশ এবং জলবায়ু পরিবর্তন খাতের জন্য একটি সেক্টরাল পরিকল্পনা প্রণয়ন করা;	(ক)	পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক সেক্টর অ্যাকশন প্ল্যান প্রণয়ন করা হয়েছে।
(খ)	পরিবেশ ও জলবায়ু পরিবর্তন" এবং "Housing @ Communities" খাতের জন্য পৃথক পৃথক খাতভিত্তিক পরিকল্পনা প্রণয়ন;	(খ)	Urbanization and Housing বিষয়ক সেক্টর অ্যাকশন প্ল্যান প্রণয়ন করা হয়েছে।
(গ)	জাতীয় পরিকল্পনার আলোকে জলবায়ু পরিবর্তনের অভিঘাত বিবেচনা করে ৫টি স্থানীয় সরকার প্রতিষ্ঠার জন্য স্থানীয় পরিকল্পনা প্রণয়ন ও তা পাইলটিং;	(গ)	পরিকল্পনা প্রণয়নে স্থানীয় সরকারের সক্ষমতা বৃদ্ধিতে ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। ৫টি স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি পর্যালোচনা করা হয়েছে, তথ্য সংগ্রহ এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের মতামত গ্রহণ করা হয়েছে এবং এর ভিত্তিতে পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ে জাতীয় পরিকল্পনার সাথে স্থানীয় উন্নয়ন পরিকল্পনার যোগসূত্র নির্ণয়পূর্বক প্রতিবেদন প্রণীত হয়েছে।

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জন	
(ঘ)	বিনিয়োগ প্রকল্প বিবেচনার জন্য কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ ও সাধারণ অর্থনীতি বিভাগ এর সমন্বয়ে বিনিয়োগ প্রকল্পের মূল্যায়নে " ক্লাইমেট রেজিলিয়েণ্ট" ইস্যুকে বিবেচনার জন্য একটি ক্লাইমেট চেক-আপ টুল প্রণয়ন করা।	(ঘ)	ভৌত অবকাঠামো বিভাগ এ ক্লাইমেট চেক টুল তৈরি করা হয়েছে।
(ঙ)	পরিকল্পনা প্রণয়নে জলবায়ু সম্পর্কিত বিষয়াদি সঠিকভাবে বিবেচনার লক্ষ্যে সংশ্লিষ্ট স্থানীয় ও জাতীয় পর্যায়ের সরকারি কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন।	(ঙ)	পরিকল্পনার সাথে সংশ্লিষ্ট ৫৫০ জন কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিতে ToT, স্টাডি ট্যুর, বৈদেশিক প্রশিক্ষণসহ স্থানীয় প্রশিক্ষণ সম্পাদন করা হয়েছে।
(চ)	ভৌত অবকাঠামো নির্মাণ সংক্রান্ত বিনিয়োগে প্রকল্প মুল্যায়নের জন্য পরিকল্পানা কমিশনের কর্মকর্তাদের সহায়তা প্রদানের লক্ষ্যে জিও ইনফরমেশনসহ একটি "ডিজিটাল ইনফরমেশন ম্যানেজমেণ্ট সিস্টেম" প্রতিষ্ঠা করা; এবং	(চ)	ভৌত অবকাঠামো বিভাগ এ একটি ডিজিটাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম তৈরি করা হয়েছে।
	জলবায়ু পরিবর্তনের ওপর অন্তঃ ও আন্তঃ প্রাতিষ্ঠানিক জ্ঞান বিনিময়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনকে শক্তিশালী করা।		জলবায়ু পরিবর্তন বিষয়ে সংশ্লিষ্ট সরকারি দপ্তর, উন্নয়ন সহযোগী সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক অন্যান্য প্রতিষ্ঠানের সাথে তথ্য, অভিজ্ঞতা ও জ্ঞান বিনিময়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনের সক্ষমতা জোরদার করা হয়েছে।

১৯। **কাজ অসমাপ্ত থাকলে কারণঃ**

অনুমোদিত টিএপিপি অনুযায়ী সকল কাজ সম্পন্ন হলেও ৪৭ জন কর্মকর্তাকে ৪টি ব্যাচে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে ০৩টি ব্যাচে ৩১ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রকল্পের আওতায় ২০১৮-১৯ অর্থবছরে ১টি বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা থাকলেও সংশোধিত টিএপিপি অনুমোদনের পর প্রয়োজনীয় সময় না থাকায় ৪র্থ ব্যাচের প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি মর্মে পরিদর্শনকালে জানা যায়।

২০। **প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি ও আসবাবপত্রের তালিকা**

ক্র: নং	যন্ত্রপাতির নাম	সংখ্যা	যেখানে ব্যবহৃত হচ্ছে
01	Projector & Screen	04	Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27
02	Photo Copier	02	Division Chief's (Projects Director) Officer, (Block-14, Room-14
			Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27

ক্র: নং	যন্ত্রপাতির নাম	সংখ্যা	যেখানে ব্যবহৃত হচ্ছে
03	White Board	10	Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27
04	Spiral Binder	01	Joint Chief's room, Internationa Economics Wing Block-14, Room-7
05	Paper Shedder	01	Division Chief's (Project Diricter) Officer, room, Internationa Economics Wing, Block-14, Room-14
06	Fan	12	Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27
07	Sound System	01	Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27
08	Skype video Camera	01	Member's (Senior Secertary) Chief's , GED Officer, room, Block-14, Room-02
	Canon Still Camera	01	Used by GED
09	Air Conditioner (AC)	05	Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27
10	Glass Board	02	Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27
11	Metal Mount Stand	01	Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27
12	Desktop (CPU) with Monitor	05	Division Chief's (Project Diricter) Officer, room, Internationa Economics Wing, Block-14, Room-14
			Deputy Chief s office, International Ecoomics wing (Block-14, Room-1)
			Senior Assistant Chief's, Block-14, Room-26
			Program Assistant (Block-14, Room-26)

ক্র: নং	যন্ত্রপাতির নাম	সংখ্যা	যেখানে ব্যবহৃত হচ্ছে
			Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27
13	Laptop	08	Division Chief's (Project Diricter) Officer, room, Internationa Economics Wing, Block-14, Room-14
			Deputy Chief s office, International Ecoomics wing, (Block-14, Room-1)
			Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27
			Mirza Md. Mohiuddin, Senior Assistant Chief, International Ecoomics wing (Block-14, Room-32)
			Mohammad Asaduzzaman Sa rker, Senior Assistant Chief, International Ecoomics wing (Block-14, Room-26
			Member (Senior Secretary), GED, Block-14, Room-02)
14	Scanner	07	Deputy Chiefs office International Economics Wing, (Block-14, Room-01)
			Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27)
			Mohammad Asaduzzaman Sarker, Senior Assistant Chief, International Ecoomics wing (Block-14, Room-26)
			Mirza Md. Mohiuddin, Senior Assistant Chief, International Ecoomics wing (Block-14, Room-32)
			Member (Senior Secretary), GED, Block-14,

ক্র: নং	যন্ত্রপাতির নাম	সংখ্যা	যেখানে ব্যবহৃত হচ্ছে
			Room-02)
			Division Chief's (Project Diricto) Officer, room, Internationa Economics Wing, Block-14, Room-14)
15	(Printer) Hp Color Jet Pro Xpress	01	Md. Abdul Latif, Senior Assistant Chief Internationa Economics Wing, Block-14, Room-34)
		01	Mohammad Asaduzzaman Sarker, Senior Assistant Chief, International Ecoomics wing (Block-14, Room-26)
	M402dn	02	Division Chief's (Project Diricto) Officer, room, Internationa Economics Wing, Block-14, Room-14
			Md. Abdul Latif, Senior Assistant Chief Internationa Economics Wing, (Block-14, Room-34)
16	Fax Machine	01	Joint Chiefs room International Ecoomics wing (Block-14, Room-07)
17	Refrigerator	01	Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27)
18	Micro Oven	01	Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27)
19	Electric Kettle	03	Nazia – Salma Training cum Conference Room, Block-06, Room-26-27)
			Mohammad Asaduzzaman Sarker, Senior Assistant Chief, International Ecoomics wing (Block-14, Room-26

<table>
<tr><td colspan="2"> </td></tr>
<tr><td colspan="2">নাজিয়া –সালমা কনফারেন্স রুম</td></tr>
<tr><td> </td><td> </td></tr>
<tr><td>নাজিয়া –সালমা কনফারেন্স রুমে রক্ষিত সাউন্ড সিস্টেম</td><td>ফটোকপি মেশিন</td></tr>
<tr><td>  </td><td> </td></tr>
<tr><td>প্রজেক্টর</td><td>রেফ্রিজারেটর</td></tr>
</table>

২১। অডিট সম্পাদন ও আপত্তি সংক্রান্ত তথ্যঃ

সাল	অডিটের বিষয়	অডিটের জবাব
২০১৭-২০১৮	মঞ্জুরি ও বরাদ্দভিত্তিক নির্দিষ্টকরণ নিরীক্ষা	প্রকল্পের অডিট ইন্সপেকশন এর খসড়া প্রতিবেদনে প্রদত্ত ফাইন্ডিংস এর ওপর প্রকল্প কর্তৃপক্ষ হতে জবাব প্রদান করা হয় এবং এ বিষয়ে ১৫/০৯/২০১৯ তারিখে বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরে সভা অনুষ্ঠিত হয়। উক্ত Exit Meeting এ আলোচনার প্রেক্ষিতে খসড়া প্রতিবেদনে উল্লিখিত আপত্তিসমূহ নিষ্পত্তি হয় এবং তা চূড়ান্ত প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়নি।

২২। বাস্তবায়িত প্রকল্পের প্রভাব:

প্রকল্পটি বাস্তবায়নের ফলে জিইডি এবং ভৌত অবকাঠামো বিভাগসহ উন্নয়ন পরিকল্পনা ও প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ঠ কর্মকর্তাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি হয়েছে। ফলে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রকল্প ও পরিকল্পনা প্রণয়নে জলবায়ু পরিবর্তন জনিতে অভিঘাত মোকাবেলায় বিষয়টি যথাযথভাবে প্রতিফলন সক্ষম হবে। এর ফলে জলবায়ু পরিবর্তন জনিত কারণে সম্ভাব্য প্রভাব মোকাবেলা সম্ভব হবে বলে আশা করা যায়।

- সেক্টর এ্যাকশন প্ল্যান প্রণয়নের ফলে পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বার্ষিক উন্নয়ন কর্মসূচীর মধ্যে একদিনে যেমন যোগসূত্র প্রতিষ্ঠিত হবে অন্যদিকে তেমনি পঞ্চবার্ষিক পরিকল্পনায় সংশ্লিষ্ট সেক্টরের জন্য নির্ধারিত লক্ষমাত্রা অর্জন সহায়ক হবে।

- প্রকল্পভূক্ত এলাকায় স্থানীয় পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ঠ কর্মকর্তার দক্ষতা বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে জাতীয় পর্যায়ের পরিকল্পনার সাথে স্থানীয় পর্যায়ের পরিকল্পনার অসমাঞ্জস্যতা/ অসংগতি হ্রাস পাবে।

- Geo – information Database গড়ে তোলার ফলে যথাযথ ভাবে প্রকল্প এ্যাপ্রেইজাল সহজতর হয়েছে।

- Climate Change Adaptation বিষয়ে প্রশিক্ষণ Module প্রস্তুতসহ তদবিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের ফলে জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলায় যথাযথ প্রকল্প কৌশক ও পদক্ষেপ নির্বাচনে কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

২৩। **সমস্যা :**

২৩.১। **প্রকল্প সংশোধনে বিলম্বঃ** প্রকল্পটির মেয়াদ জানুয়ারি, ২০১৬ হতে ডিসেম্বর,২০১৮ পর্যন্ত নির্ধারিত ছিল। নথি পর্যালোচনায় দেখা যায়, টিএপিপি সংশোধনপূর্বক জানুয়ারি ২০১৬ থেকে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৭ মার্চ,২০১৯ তারিখে প্রশাসনিক অনুমোদন লাভ করে। অর্থাৎ প্রকল্প সমাপ্তির তিনমাস পূর্বে প্রকল্প দলিল সংশোধন করা হয়। এক্ষেত্রে প্রতীয়মান হয় যে, প্রকল্পের কর্মপরিকল্পনা সুনির্দিষ্ট না থাকায় শেষ মূহুর্তে প্রকল্পটি সংশোধন করা হয়েছে। ফলে প্রকল্পের আওতায় ২০১৮-১৯ অর্থবছরে ১টি বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা থাকলেও সংশোধিত টিএপিপি অনুমোদনের পর প্রয়োজনীয় সময় না থাকায় অবশিষ্ট বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি। তাছাড়া উক্ত অর্থবছরে জিওবি খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা সম্ভব হয়নি।

২৩.২। **বিলম্বে পিসিআর প্রেরণঃ** প্রকল্প সমাপ্ত হওয়ার পর তিন মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও জুন,২০১৯ –এ সমাপ্ত প্রকল্পটির পিসিআর আইএমইডিতে পাওয়া যায় অক্টোবর,২০২০ তারিখে অর্থাৎ প্রকল্প সমাপ্তির ১ (এক) বছর ৩ (তিন) মাস পর । প্রাপ্ত পিসিআরটিতে কিছু তথ্যগত ত্রুটি ও অসম্পূর্ণতা পরিলক্ষিত হওয়ায় তা সংশোধন করে পুনরায় আইএমইডিতে প্রেরণের অনুরোধের প্রেক্ষিতে সংশোধিত পিসিআর ১৪ জানুয়ারি, ২০২১ তারিখে পরিকল্পনা বিভাগ কর্তৃক আইএমইডিতে প্রেরণ করা হয় ।

২৩.৩। **পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা নিয়মিত আয়োজন না করাঃ** প্রকল্প দলিল অনুসারে প্রতি ২ মাসে অন্ততঃ ০১ বার প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সভা এবং প্রতি ০৬ মাসে একবার স্টিয়ারিং কমিটি সভার আয়োজনের সংস্থান রয়েছে। সেক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকালে ১টি প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সভা এবং ০৩টি স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটি সভা অনুষ্ঠিত না হওয়ায় প্রকল্পের অগ্রগতি বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে প্রতীয়মান হয়।

২৩.৪। **প্রকল্প মনিটরিং:** নথি পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটি আইএমইডি কর্তৃক গত ০৪/০৪/২০১৮ তারিখে পরিদর্শনপূর্বক ০৪টি সুপারিশ সম্বলিত প্রতিবেদন পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হয়েছে। তবে আইএমইডি'র সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করা হয়নি। তাছাড়া প্রকল্প বাস্তবায়নকালে জিইডি'র কর্মকর্তাগণ প্রকল্পটি পরিদর্শন করেননি।

২৪। সুপারিশঃ

২৪.১ প্রকল্পটি বাস্তবায়নের ফলে জিইডি এবং ভৌত অবকাঠামো বিভাগসহ উন্নয়ন পরিকল্পনা ও প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি পেয়েছে। ফলে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রকল্প ও পরিকল্পনা প্রণয়নে জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলায় বিষয়টি যথাযথভাবে প্রতিফলনে জলবায়ু পরিবর্তনজনিত সম্ভাব্য প্রভাব মোকাবেলা কতটা সম্ভব হবে এ বিষয়ে গবেষণা পরিচালনা করা যেতে পারে। বাস্তবায়নকারী সংস্থা/ প্রশাসনিক মন্ত্রণালয় এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবে;

২৪.২। প্রয়োজন অনুসারে এবং যথাসময়ে প্রকল্পের কার্যক্রম ও ব্যয় প্রকল্পের মূল দলিলে সুনির্দিষ্ট রাখার ব্যাপারে বাস্তবায়নকারী সংস্থা/প্রশাসনিক মন্ত্রণালয় সচেষ্ট থাকবে, যাতে করে প্রকল্প ব্যয়ের সদ্ব্যবহার নিশ্চিত করা যায় (২৩.১);

২৪.৩। প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত পিসিআর মন্ত্রণালয়ের মাধ্যমে আবশ্যিকভাবে আইএমইডিতে প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও প্রকল্প সমাপ্তির ১ বছর ৩ মাস বিলম্বে পিসিআর প্রেরণের কারণ আইএমইডিকে অবহিত করবে (অনুচ্ছেদ ২৩.২);

২৪.৪। প্রকল্প দলিল অনুসারে নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটি সভা অনুষ্ঠিত না হওয়ায় প্রকল্পের অগ্রগতি বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে প্রতীয়মান হয়েছে। ভবিষ্যতে সুষ্ঠু ও গতিশীল প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে ডিপিপি/আরডিপিপি অনুসারে নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করতে হবে (২৩.৩);

২৩.৫। আইএমইডি কর্তৃক পরিদর্শিতব্য অন্যান্য প্রকল্প পরিদর্শনের সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডিকে অবহিতকরণ এবং সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নকালে প্রশাসনিক মন্ত্রণালয়ের মনিটরিং জোরদার করতে হবে (অনু ২৩.৪);

২৩.৬। আলোচ্য প্রকল্পের আওতায় সংগৃহীত আসবাবপত্র/যন্ত্রাংশ ও মালামালগুলো কোনটি কোথায় ব্যবহৃত হচ্ছে তার একটি ডাটাবেইজ সংরক্ষণ করতে হবে। যাতে পরবর্তীকালে প্রয়োজনে আসবাবপত্র, কম্পিউটার ও যন্ত্রপাতি/সামগ্রীর অবস্থান নিশ্চিত করা যায়;

২৩.৭। বর্ণিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

Study of Future Direction of SME in Bangladesh শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৯)

০১. প্রকল্পের নাম : Study of Future Direction of SME in Bangladesh

০২. বাস্তবায়নকারী সংস্থা : পরিকল্পনা বিভাগ

০৩ প্রশাসনিক মন্ত্রণালয় : পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

০৪। প্রকল্পের অর্থায়ন : বাংলাদেশ সরকারের সম্পূর্ণ জিওবি অর্থে বাস্তবায়িত।

৫। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মুল অনুমোদিত ব্যয়ের%	অতিক্রান্ত সময় (মুল বাস্তবায়ন কালের%
মুল	সংশোধিত		মুল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা প্রকল্প	মোট টাকা প্রকল্প সাঃ	মোট টাকা প্রকল্প সাঃ					
১	২	৩	৪			৭	৮
৩৯৩.৭৭ ৩৯৩.৭৭ --	--	৩,৮৫,৮১,৬৩১	মার্চ,২০১৮ হতে জুন,২০১৯	--	মার্চ,২০১৮ হতে জুন,২০১৯	--	--

০৬। **প্রকল্প এলাকাঃ** পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।

০৭ **প্রকল্পের উদ্দেশ্য :**

দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের উন্নয়নের মাধ্যমে দারিদ্র নিরসন এবং টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের উদ্দেশ্যে এ খাতের বিদ্যমান অবস্থা যাচাই এবং উন্নয়ন সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে মাঠ পর্যায়ের প্রকৃত তথ্য উপাত্তের ভিত্তিতে সুনির্দিষ্ট কর্ম-পরিকল্পনা গ্রহণের উদ্দেশ্যে এ খাতের বিষয়ে একটি সমীক্ষা পরিচালনা করা।

- **সুনির্দিষ্ট উদ্দেশ্য**
  - দারিদ্র বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি এবং জাতীয় অর্থনীতিতে অবদানের উৎস হিসেবে দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের চলমান অবস্থা সম্পর্কে সারা দেশের সার্বিক চিত্র তুলে আনা;
  - এসএমই খাতে অর্থায়নের উৎসসমূহ চিহ্নিতকরণ;
  - এসএমই খাতে উৎপাদিত পণ্য রপ্তানী করে প্রাপ্ত বৈদেশিক সার্বিক চিত্র তুলে আনা;
  - বাংলাদেশে এসএমই খাতের চলমান সমস্যা –সম্ভাবনার সার্বিক অবস্থা খুজে বের করা;
  - ২০১৮- ২০৩০ সালের মধ্যে বাংলাদেশে এসএমই খাতের প্রবৃদ্ধি চিত্র প্রাক্কলন করা;
  - বাংলাদেশের টেসই উন্নয়নের লক্ষ্যে এসএমই খাতকে একটি ‘Thrust’ সেক্টর হিসেবে বিবেচনা করার জন্য কৌশল নির্ধারণ।

০৮। **প্রকল্পের প্রধান প্রধান কার্যকক্রমঃ** ইহা একটি স্টাডি প্রকল্প। প্রকল্পের মূল কাজ হল নিম্ন লিখিত উদ্দেশ্যে বাংলাদেশের এসএমই খাতের উপর একটি জরিপ পরিচালনা করা।

(ক) জরিপের কার্যক্রমঃ কর্মসংস্থান, দারিদ্র বিমোচন এবং জাতীয় অর্থনীতিতে অবদানের উৎস হিসাবে এসএমই উপ-খাতের বর্তমান পরিস্থিতি পর্যবেক্ষন করা। এসএমই উৎপাদিত পণ্য ও পরিসেবা রফতানির

মাধ্যমে বৈদেশিক মুদ্রা আয়ের পরিমাণের অনুমান করা। এসএমই গুলোর অর্থায়নের উৎসগুলি তদন্ত করা। বাংলাদেশের এসএমইগুলির বিদ্যমান বাধা এবং চ্যালেন্জগুলি সন্ধান করা। ২০১৮ থেকে ২০৩০ বছরগুলোতে এসএমই উপকেন্দ্রের পূর্বাভাস করা। দেশের টেকসই উন্নয়নের দিকে এসএমইকে একটি শক্ত খাত হিসেবে গড়ে তোলার কৌশল তৈরি করা। বাংলাদেশের এসএমইগুলিকে উন্নীত করতে নীতিমালা সংক্রান্ত বিষয়গুলি বর্ণিত করা এবং পরামর্শ দেওয়া।

(খ) উক্ত জরিপ প্রকল্পের মূল অংশ হল জরিপ শেষে একটি বিস্তারিত রিপোর্ট দাখিল করা। প্রকল্প দলিলে উল্লেখিত টার্মস অব রেফারেন্স (টিওআর) অনুযায়ী প্রকল্পের প্রধান-প্রধান কার্যক্রম হল-

- জরিপের সূচনা প্রতিবেদন;
- জরিপের মধ্যবর্তী অগ্রগতি প্রতিবেদন;
- জরিপের খসড়া চূড়ান্ত প্রতিবেদন এবং উক্ত প্রতিবেদনের উপর জাতীয় কর্মশালা আয়োজন;
- জরিপের চূড়ান্ত প্রতিবেদন।

০৯ **প্রকল্প অনুমোদন অবস্থা :** বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের উন্নয়নের মাধ্যমে দারিদ্র নিরসন এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে এখাতের বিদ্যমান অবস্থা যাচাই, উন্নয়ন সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে মাঠ পর্যায়ের প্রকৃত তথ্য-উপাত্তের ভিত্তিতে সুনির্দিষ্ট কর্ম-পরিকল্পনা গ্রহণের উদ্দেশ্যে এ খাতের বিষয়ে একটি সমীক্ষা পরিচালনা করার উদ্দেশ্যে পরিকল্পনা বিভাগ কর্তৃক Study of Future Direction of SME in Bangladesh. শীর্ষক সমীক্ষা প্রকল্পটি ৩৯৩.৭৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ,২০১৮ হতে জুন,২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য জন্য গত ০৭/০৫/২০১৮ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদন লাভ করে।

১০। **অংগভিত্তিক অগ্রগতিঃ**

(লক্ষ টাকায়)

ক্রম	সংশোধিত টিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্য মাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব						
১।	প্রকল্পের ভাতা	জন	২ জন	২.৮০	২ জন	১,৭৪,৭১০.০০/- (৬৩%)
২।	ভ্রমণ ভাতা	থোক	থোক	১.০০	থোক	৫৭.০০০.০০/-(৫৭%)
৩।	স্টেশনারি ও অন্যান্য	থোক	থোক	২.৫০	থোক	৫০,৯৮৩.০০/-(২০%)
৪।	পরামর্শক সেবা	১টি স্টাডি	১টি স্টাডি	৩৭৮.৯৭	১টি স্টাডি (১০০%)	৩,৭৮,৪১,৫৫৫/- (১০০%)
৫।	প্রচার ও বিজ্ঞাপন	থোক	থোক	১.০০	১০০%	৭০,৬৬৩.০০/- (৭১%)
৬।	আপ্যায়ন ব্যয়	থোক	থোক	১.৫০	থোক(১০০%	৭৮,৪৭০.০০/- (৫২%)
৭।	সম্মানী ব্যয়	থোক	থোক	৪.০০	থোক(১০০%	১,৮৪,০০০.০০ (৪৬%)
৮।	কম্পিউটার সামগ্রী	থোক	থোক	১.০০	থোক(১০০%	২৯,১০০/- (২৯%)
	উপমোট			৩৯২.৭৭		৩,৮৪,৮৬,৪৮১.৫০
(খ) মূলধন :						
৯।	কম্পিউটার এবং অফিস ইকুইপমেন্ট	সেট	১	১.০০	১০০%	৯৫,১৫০.০০/- (৯৫%)

ক্রম	সংশোধিত টিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্য মাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
	উপমোট			১.০০		৯৫,১৫০.০০/- (৯৫%)
	সর্বমোট			৩৯৩.৭৭	১০০%	৩,৮৫,৮১,৬৩১/- (৯৮%)

১১। <u>অর্থবছর ভিত্তিক ডিপিপি সংস্থান, বরাদ্দ, অর্থ ছাড় ও বাস্তবায়ন অবস্থা</u>

অর্থবছর	সংশোধিত এডিপি বরাদ্দ		অবমুক্তি	ব্যয় (জিওবি)		
	মোট	টাকা	(টাকা)	মোট	টাকা (বরাদ্দের%)	অব্যয়িত জিওবি অর্থ
২০১৮-১৯	৩৯৩.০০	৩৯৩.০০	৩৯৩.০০ (১০০%)	৩,৮৫,৮১,৬৩১	৩,৮৫,৮১,৬৩১ (৯৮%	২০১৮-১৯ অর্থবছরে জিওবি খাতে ৩৯৩.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় হয়েছে ৩,৮৫,৮১,৬৩১ লক্ষ টাকা। যেহেতু, প্রকল্পটি কেবল জিওবি অর্থে বাস্তবায়িত হয়েছে, সেহেতু সাশ্রয়কৃত ৭,১৮,৩৬৮ টাকার কোন বিল প্রস্তুত করা হয়নি এবং অর্থ উত্তোলন করা হয়নি মর্মে পরিদর্শনকালে জানা যায়।

১২। <u>প্রকল্পের আর্থিক ও বাস্তবা অগ্রগতি :</u> প্রকল্পটির সম্পূর্ণ জিওবি অর্থে ৩,৯৩,৭৭,০০০/- (তিন কোটি তিরানব্বই লক্ষ সাতাত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ,২০১৮ হতে জুন,২০১৯ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির অনুকূ লে জিওবি বরাদ্দের পরিমাণ ৩,৯৩,০০,০০০/-লক্ষ টাকা এবং বরাদ্দকৃত সমূদয় অর্থ অবমুক্ত হয়েছে। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) তথ্য অনুযায়ী প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩,৮৫,৮১,৬৩১ (তিন কোটি পঁচাশি লক্ষ একাশি হাজার ছয়শত একত্রিশ) টাকা যা বরাদ্দকৃত অর্থের ৯৮% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৩। **<u>কাজ অসমাপ্ত থাকলে উহার কারণঃ</u>** প্রাপ্ত পিসিআর ও পরিদর্শনকালীন সময়ে অগ্রগতির তথ্যানুযায়ী দেখা যায় যে, প্রকল্পের আওতায় অনুমোদিত অংগসমূহের বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই।

১৪। **প্রকল্প মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে।:

(ক) সংশ্লিষ্ট প্রকল্পে ডিপিপি পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা এবং

(চ) প্রাপ্ত তথ্যের ভিত্তি সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১২. **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

প্রকল্প পরিচালকের নাম ও পদবী	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
জনাব মোঃ খোরশেদ আলম, উপসচিব (৬৭১২) পরিকল্পনা বিভাগ মোবাইল নং-০১৭১১৯০১১৩০	অতিরিক্ত দায়িত্ব	২৭/০৫/২০১৮	প্রকল্প শেষ অবধি

১৫। পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত বিস্তারিত তথ্য :

(ক) **পণ্য ক্রয় সংক্রান্ত তথ্য**

প্যাকেজ নং প্যাকেজ বর্ণনা	প্রাক্কলিত মূল্য	পদ্ধতি	ডিপিপি অনুযায়ী দরপত্র আহবানের তারিখ	বাস্তবে দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ	
						চুক্তি অনুযায়ী	প্রকৃত
১ টি ল্যাপটপ কম্পিউটার, ১ টি প্রিন্টার ও ১টি স্ক্যানার ক্রয়।	১০০,০০০/-	আরএফকিউ	২৪/০৭/২০১৮	৩১/০১/২০১৯	২৪/০২/২০১৯ ও ৯৫,১৫০/=	২৫/০২/২০১৯	২৫/০২/২০১৯

(খ) সেবা ক্রয় সংক্রান্ত তথ্য

প্যাকেজ নং প্যাকেজ বর্ণনা	একক	পদ্ধতি	প্রাক্কলিত ব্যয়	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	সেবা প্রতিষ্ঠানের নাম
SD -01 Procurement of consultancy service to conduct the Study on Future Direction of SMEs in Bangladesh	01 study	FBS	৩,৭৮,৯৭,০০০/	২৪/০৭/২০১৮	২৪/১২/২০১৮	৩০/০৬/২০১৯	Pathmark Associates Limited

১৬.

(ক) TAC সভা সংক্রান্ত :

ক্রমিক	তারিখ
১ম TAC সভা	২৬/০৭/২০১৮
২য় TAC সভা	১৩/০১/২০১৯
৩য় TAC সভা	২১/০৫/২০১৯
৪র্থ TAC সভা	৩০/০৫/২০১৯

(খ) স্টিয়ারিং কমিটি

ক্রমিক	তারিখ
১ম স্টিয়ারিং কমিটির সভা	১৬/০৬/২০১৯

ক্রমিক	তারিখ
২য় স্টিয়ারিং কমিটির সভা	০৮/০৪/২০১৯

১৭। **প্রকল্পের জনবল সংক্রান্ত :**

ডিপিপি অনুযায়ী	প্রকল্প বাস্তবায়নকালে
কর্মকর্তা : ১ জন স্টাফ : ১ জন	কর্মকর্তা : ১ জন, স্টাফ : ১ জন (প্রকল্প দলিলের শর্ত অনুযায়ী কনসাল্টিং ফার্ম কর্তৃক নিয়োজিত একজন কর্মচারী হিসাব রক্ষকের দায়িত্ব পালন করেন;)

১৮ **ক্রয়কৃত যন্তপাতি/আসবাবপত্রের তালিকা :**

ক্রমিক নং	ক্রয়কৃত যন্ত্রপাতি/অফিস সরঞ্জাম/আসবাবপত্রের নাম	বর্তমান অবস্থা
০১	১ টি ল্যাপটপ কম্পিউটার, ১ টি প্রিন্টার ও ১টি স্ক্যানার	প্রকল্প সমাপ্তির পর উক্ত সরঞ্জামাদি পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট শাখায় (সাধারণ অধিশাখা -২) চালু অবস্থায় হস্তান্তর করা হয়েছে।

১৯। **প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন:**

নং	পরিকল্পিত উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী)	প্রকৃত বাস্তবায়ন
০১	কর্মসংস্থান, দারিদ্র বিমোচন এবং জাতীয় অর্থনীতিতে অবদানের উৎস হিসাবে এসএমই উপ-খাতের বর্তমান পরিস্থিতি পর্যবেক্ষন করা।	উদ্দেশ্য অর্জিত হয়েছে
০২	এসএমই গুলোর অর্থায়নের উৎসগুলি তদন্ত করা।	উদ্দেশ্য অর্জিত হয়েছে
০৩	এসএমই উৎপাদিত পণ্য ও পরিসেবা রফতানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা আয়ের পরিমাণের অনুমান করা।	উদ্দেশ্য অর্জিত হয়েছে
০৪	বাংলাদেশের এসএমইগুলির বিদ্যমান বাধা এবং চ্যালেন্জগুলি সন্ধান করা।	উদ্দেশ্য অর্জিত হয়েছে
০৫	২০১৮ থেকে ২০৩০ বছরগুলোতে এসএমই উপকেন্দ্রের পূর্বাভাস করা।	উদ্দেশ্য অর্জিত হয়েছে
০৬	দেশের টেকসই উন্নয়নের দিকে এসএমইকে একটি শক্ত খাত হিসেবে গড়ে তোলার কৌশল তৈরি করা।	উদ্দেশ্য অর্জিত হয়েছে
০৭	বাংলাদেশের এসএমইগুলিকে উন্নীত করতে নীতিমালা সংক্রান্ত বিষয়গুলি বর্ণিত করা এবং পরামর্শ দেওয়া।	উদ্দেশ্য অর্জিত হয়েছে

২০। **কাজ অসমাপ্ত থাকলে কারণ :** প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

২১। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ

২১.১। আইএমই বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর সহকারী পরিচালক কর্তৃক ০৮/০২/২০২১ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক উপস্থিত ছিলেন। প্রকল্প পরিচালক এর সাথে প্রকল্পের বাস্তবায়ন ও আর্থিক বিষয়ে আলোচনা করা হয়। এটি একটি সমীক্ষা প্রকল্প। বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারী শিল্পের উন্নয়নে ভবিষ্যৎ করণীয় নির্ধারণের লক্ষ্যে সারা দেশে এই সমীক্ষা পরিচালনার লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্প দলিল অনুযায়ী সমীক্ষা পরিচালনা ও রিপোর্ট প্রদানের জন্য প্রচলিত বিধি বিধান অনুসরণ করে "পাথমার্ক এসোসিয়েটস লিমিটেড" নামক পরামর্শক প্রতিষ্ঠানকে নিয়োগ দেয়া হয়।

২১.২। বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারী শিল্পের বর্তমান অবস্থার সার্বিক চিত্র তুলে আনা এবং ভবিষ্যৎ উন্নয়নে করণীয় নির্ধারণের জন্য সারা বাংলাদেশের ৬৪ জেলায় সমীক্ষাটি পরিচালিত হয়েছে। প্রকল্প দলিল অনুযায়ী সমীক্ষা পরিচালনা ও রিপোর্ট প্রদানের জন্য প্রচলিত বিধি বিধান অনুসরণ করে "পাথমার্ক এসোসিয়েটস লিমিটেড" নামক একটি পরামর্শক প্রতিষ্ঠানকে নিয়োগ দেয়া হয়। উক্ত প্রতিষ্ঠান প্রকল্প দলিল অনুযায়ী নির্ধারিত সময়ে ইন্সেপশন রিপোর্ট, মধ্যবর্তী অগ্রগতি প্রতিবেদন, ড্রাফট রিপোর্ট এবং চূড়ান্ত রিপোর্ট দাখিল করে। **পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ে উক্ত কাজগুলো সম্পাদন করা হয়েছে এবং টিওআর অনুযায়ী প্রতিটি অংগের কাজ সমাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে** যথাযথভাবে **বিল পরিশোধ করা হয়েছে।**

২১.৩। এই প্রকল্পের মাধ্যমে সারা বাংলাদেশের ৪৫০০ এর অধিক এসএমই প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী সকল তথ্য সম্বলিত একটি পূর্ণাংগ রিপোর্ট প্রস্তুতপূর্বক ছাপানো হয়েছে। হালনাগাদ তথ্যবহুল এই রিপোর্টটি ইতোমধ্যে দেশের সকল মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংক, বিভিন্ন বিশ্ববিদ্যালয়, এসএমই ফাউন্ডেশন, পরিকল্পনা কমিশন, পরিসংখ্যান বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়সহ অনেক গুরুত্বপূর্ণ কার্যালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায় ।

২২. অডিট সম্পাদন ও আপত্তি সংক্রান্ত তথ্যঃ

প্রকল্পের অডিট এখনো সম্পন্ন হয়নি। বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর কর্তৃক গত ৩০.০৩.২০২০ থেকে ০২.০৪.২০২০ পর্যন্ত প্রকল্পটি অডিটের জন্য তালিকাভূক্ত করা হলেও কোভিড--১৯ জনিত কারণে_অডিট _টিম কাজ করতে পারেনি। পুনরায় অডিট করার জন্য গত ২,মার্চ ২০২১ তারিখে মহাপরিচালক, আইটি ও জনসেবা নিরীক্ষা অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়।

২৩। প্রকল্প মনিটরিং:

প্রকল্পটি বাস্তবায়নকালে নিম্নোক্ত কর্মকর্তাগণ প্রকল্প দপ্তর পরিদর্শনপূর্বক প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে দিক-নির্দেশনা প্রদান করেছেন:

কর্মকতার নাম	পদবী/দপ্তর	পরিদর্শনের তারিখ
জনাব মোঃ নুরুল আমিন,	সচিব, পরিকল্পনা বিভাগ	১২ এপ্রিল, ২০১৯

কর্মকতার নাম	পদবী/দপ্তর	পরিদর্শনের তারিখ
জনাব মোঃ খলিলুর রহমান	অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ	১১-১৩ মার্চ, ২০১৯
জনাব স্বপন চন্দ্র পাল	অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ	১১-১৩ মার্চ, ২০১৯

২৪। **প্রকল্পের অর্থনৈতিক বিশ্লেষণ :**

ইহা একটি স্টাডি প্রকল্প। এই প্রকল্পের মাধ্যমে সারা বাংলাদেশের ৪৫০০ এর অধিক এসএমই প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী সকল তথ্য সম্বলিত একটি পূর্ণাংগ রিপোর্ট প্রস্তুতপূর্বক ছাপানো হয়েছে। এই রিপোর্টটি ইতোমধ্যে দেশের সকল মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংক, বিভিন্ন বিশ্ববিদ্যালয়, এসএমই ফাউন্ডেশন, পরিকল্পনা কমিশন, পরিসংখ্যান বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়সহ অনেক গুরুত্বপূর্ণ কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটেও রিপোর্টটি প্রকাশ করা হয়েছে। এই রিপোর্টের তথ্যের ভিত্তিতে ভবিষ্যতে বাংলাদেশের এসএমই প্রতিষ্ঠানের উন্নয়নে সংশ্লিষ্ট দপ্তরসমূহ পলিসি প্রণয়ন, প্রকল্প/প্রোগ্রাম বাস্তবায়ন করতে পারে। যার অর্থনৈতিক গুরুত্ব অপরিসীম। এই সমীক্ষা প্রকল্পের রিপোর্ট টি বাংলাদেশের এসএমই খাতে বেইজলাইন ডাটা সরবরাহে ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

২৫। **বাস্তবায়িত প্রকল্পের প্রভাব**

(ক) প্রত্যক্ষ প্রভাব - এসএমই প্রতিষ্ঠানের উন্নয়নে পরিকল্পনা গ্রহণে এই স্টাডির প্রত্যক্ষ প্রভাব রয়েছে। পলিসি প্রণয়নে, উন্নয়ন প্রকল্প গ্রহণে এই স্টাডি রিপোর্ট বেইজলাইন ডাটা হিসেবে কাজ করবে। বাংলাদেশের এসএমই উদ্যোক্তা, এসএমই খাতে অর্থ লগ্নিকারী ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, এসএমই ফাউন্ডেশন, বাণিজ্য মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশন এই সমীক্ষা প্রতিবেদন দ্বারা প্রত্যক্ষভাবে লাভবান হবে। পঞ্চবার্ষিক পরিকল্পনায় এসএমই খাতের উন্নয়নে দিক নির্দেশনা প্রদানের ক্ষেত্রে এই সমীক্ষা প্রতিবেদন প্রত্যক্ষ প্রভাব রাখতে পারে।

(খ) পরোক্ষ প্রভাব – ভবিষ্যতে এ বিষয়ে কোন একাডেমিক গবেষণায় এটি রেফারেন্স হিসেবে ব্যবহৃত হতে পারে।

২৬। **সমস্যা :**

২৬.১ **প্রকল্প অনুমোদনে বিলম্বঃ** প্রকল্প দলিলে প্রকল্পের মেয়াদ মার্চ/২০১৮ থেকে জুন/২০১৯ উল্লেখ করা হলেও বাস্তবে প্রকল্পটি অনুমোদন দেয়া হয়েছে ০৭.০৫.২০১৮ তারিখে। অর্থাৎ প্রকল্পের মেয়াদ শুরুর ২ মাস পরে প্রকল্প অনুমোদন লাভ করেছে এবং আরও ২০ দিন পরে প্রকল্প পরিচালকের নিয়োগ দেয়া হয়েছে। ফলো প্রকল্পের কার্যক্রম শুরু করতে কিছুটা বিঘ্ন ঘটেছে।

২৬.২। **বিলম্বে পিসিআর প্রেরণঃ** প্রকল্প সমাপ্ত হওয়ার পর তিন মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও জুন,২০১৯ –এ সমাপ্ত প্রকল্পটির পিসিআর আইএমইডিতে পাওয়া যায় ফেব্রুয়ারি,২০২০ তারিখে অর্থাৎ প্রকল্প সমাপ্তির ০৮মাস পর । প্রাপ্ত পিসিআরটিতে কিছু তথ্যগত ত্রুটি ও অসম্পূর্ণতা পরিলক্ষিত হওয়ায় তা সংশোধন করে পুনরায় আইএমইডিতে প্রেরণের অনুরোধের প্রেক্ষিতে সংশোধিত পিসিআর ১৪ জানুয়ারি, ২০২১ তারিখে পরিকল্পনা বিভাগ কর্তৃক আইএমইডিতে প্রেরণ করা হয় ।

২৭। **সুপারিশঃ**

২৭.১ বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারী শিল্পের বর্তমান অবস্থার সার্বিক চিত্র এবং ভবিষ্যৎ উন্নয়নে করণীয় নির্ধারণের জন্য সারা বাংলাদেশের ৬৪ জেলায় বাংলাদেশের ৪৫০০ এর অধিক এসএমই প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ করে প্রণীত হালনাগাদ তথ্যবহুল এই রিপোর্টটি পঞ্চবার্ষিক পরিকল্পনায় এসএমই খাতের উন্নয়নে দিক নির্দেশনা প্রদানের ক্ষেত্রে এই সমীক্ষা

প্রতিবেদন কতটুকু অবদান রাখছে এ বিষয়ে গবেষণা পরিচালনা করা যেতে পারে। বাস্তবায়নকারী সংস্থা/ প্রশাসনিক মন্ত্রণালয় এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবে;

২৭.২। প্রকল্পের অডিট এখনো সম্পন্ন হয়নি। প্রকল্প পরিচালক অডিট কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করবেন এবং অডিট সম্পন্ন করে আইএমইডিকে অবহিত করবে (অনুচ্ছেদ-২২)

২৭.৩। প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত পিসিআর মন্ত্রণালয়ের মাধ্যমে আবশ্যিকভাবে আইএমইডিতে প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও প্রকল্প সমাপ্তির ০৮ মাস বিলম্বে পিসিআর প্রেরণের কারণ আইএমইডিকে অবহিত করবে (অনুচ্ছেদ ২৬.২)।

২৭.৪। বর্ণিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

পরিকল্পনা কমিশন চত্বরে মসজিদ ও গণপূর্ত উপ-বিভাগীয় প্রকৌশলীর অফিস ভবন নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন ২০১৯)

০১	প্রকল্পের নাম	:	পরিকল্পনা কমিশন চত্বরে মসজিদ ও গণপূর্ত উপ-বিভাগীয় প্রকৌশলীর অফিস ভবন নির্মাণ (১ম সংশোধিত)
০২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	পরিকল্পনা বিভাগ/ পরিকল্পনা মন্ত্রণালয়
০৩	বাস্তবায়নকারী সংস্থা	:	পরিকল্পনা বিভাগ ও গণপূর্ত বিভাগ (পিডব্লিউডি)
০৪	প্রকল্পের অর্থায়ন	:	জিওবি অর্থ
০৫।	প্রকল্পের অবস্থান	:	পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকা।

০৬।**প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত** :

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন		বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন	
	মোট	জিওবি			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	২৬৪৩.৭৭	২৬৪৩.৭৭	জানুয়ারি, ২০১৭ হতে জুন,২০১৮	২০/০২/২০১৭ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক	--	
১ম সংশোধিত	২৮৬২.০৪	২৮৬২.০৪	জানুয়ারি,২০১৭ হতে ডিসেম্বর,২০১৮	২২/০৫/২০১৮ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক	(+) ২১৮.২৭ বা (+) (৮.২৫%)	৬ মাস (৩৩.৩৩%)
মেয়াদবৃদ্ধি	২৮৬২.০৪	২৮৬২.০৪	জানুয়ারি,২০১৭ হতে জুন,২০১৯	৩১/১২/২০১৮ প্রশাসনিক অনুমোদন	--	৬ মাস (৬৬.৬৬%)
আন্তঃখাত সমন্বয়	২৮৬২.০৪	২৮৬২.০৪	জানুয়ারি,২০১৭ হতে জুন,২০১৯	২০/৬/২০১৯ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক	--	
প্রকৃত ব্যয়	২৭৩৯.৭৭	২৭৩৯.৭৭	জানুয়ারি,২০১৭ হতে জুন,২০১৯	--	--	--

(ক) মূল প্রাক্কলনের সাথে সংশোধিত ব্যয় বৃদ্ধির হার : ২১৮.২৭ লক্ষ টাকা বা ৮.২৬%।
(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার ; ১ বছর বা ৬৬.৬৬%।

৭। প্রকল্পের অনুমোদন :

পরিকল্পনা কমিশন চত্বরে ৪টি সরকারি অফিস, ১টি ব্যাংক, ১টি পুলিশ ব্যারাক অবস্থিত। এ চত্বরের ভবনগুলো নির্মাণের পর থেকে পুনর্বাসন/পুনঃনির্মাণ করা হয়নি। এ কারণে উপ-বিভাগীয় অফিস, মসজিদ, টয়লেট পুনঃনির্মাণ এবং ডিপ-টিউবওয়েল

ইত্যাদি নির্মাণ করার লক্ষ্যে মোট ২৬৪৩.৭৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও জানুয়ারি, ২০১৭ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২০/০২/২০১৭ তারিখে প্রকল্পটি অনুমোদিত হয়। পরবর্তীতে পিডব্লিউডি'র অফিস ভবনসহ বিভিন্ন পূর্ত কাজের পরিমাণ ও ব্যয় বৃদ্ধি, নির্মাণ সামগ্রী, মেশিনারিজ ও ইক্যুইপমেন্টের বাজার দর বৃদ্ধি, ডিপটিউবওয়েল নতুনভাবে অন্তর্ভুক্তি, এনইসি ভবনে বৈদ্যুতিক চিলার সংযোজনসহ বিভিন্ন অংগের ব্যয়খাত সংশোধন এবং প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য ও কর্মপরিকল্পনা অনুযায়ী অবশিষ্ট কার্যক্রম সম্পাদনের জন্য সম্পাদিত প্রকল্পটি ২৮৬২.০৪ লক্ষ টাকা (মূল প্রাক্কলিত ব্যয়ের ৮.২৬%) প্রাক্কলিত ব্যয়ে ও জানুয়ারি,২০১৭ হতে ডিসেম্বর,২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ২২/০৫/২০১৮ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্প ব্যয় অপরিবর্তিত রেখে প্রকল্পের মেয়াদ জানুয়ারি, ২০১৭ হতে জুন, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে কতিপয় অংগের আন্তঃখাত সমন্বয় প্রস্তাব গত ২০/০৬/২০১৯ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৮। **প্রকল্পের উদ্দেশ্য :**

(ক) পরিকল্পনা কমিশন চত্বরে পুরাতন মসজিদ ভেঙ্গে একটি নতুন দৃষ্টিনন্দন মসজিদ ও গণপূর্ত উপ-বিভাগীয় প্রকৌশলী অফিস ভবন নির্মাণ করা;

(খ) পরিকল্পনা কমিশন চত্বরের সকল ভবনের ছাদে লাইম ট্রেসিং করতঃ ভবনের উত্তাপ হ্রাস তথা শক্তি বৃদ্ধি করা;

(গ) পরিকল্পনা কমিশন চত্বরের অবকাঠামো ও পরিবেশগত সৌন্দর্য্য বৃদ্ধি করা

(ঘ) পরিকল্পনা কমিশন চত্বরের বেশ কিছু প্রয়োজনীয় উন্নয়নমূলক কাজসহ চত্বরের নিরাপত্তা বৃদ্ধি করা ।

৯। **প্রকল্পের মূল কার্যক্রম:**

(১) মসজিদ ভবন নির্মাণ (২য় তলা), (২) এসডিই অফিস কাম হেলথ সেন্টার ভবন নির্মাণ (২য় তলা), (৩) জেনারেটর কক্ষ, (৪) ইনটেরিয়র ওয়াল প্যানেলিং ও সিলিং, (৫) বিভিন্ন ব্লকের অভ্যন্তরীণ পুনর্বিন্যাস, (৬) পাম্প হাউজ, (৭) পিকিংআপ ও লাইমট্রেসিং, (৮) বহি: বিদ্যুতায়ন, (৯) কম্পিউটার ও যন্ত্রাংশ, (১০) অফিস আসবাবপত্র এবং (১১) অপারেশন, ক্লিনিং ও ম্যানেজমেন্ট সার্ভিস।

১০। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে:

(ক) প্রকল্পের ডিপিপি পর্যালোচনা ;
(খ) পিসিআর এর তথ্য পর্যালোচনা ;
(গ) প্রকল্প সরেজমিনে পরিদর্শন ;
(ঘ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১১। **প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি:** প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে দেয়া হল :

(লক্ষ টাকায়)

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
(রাজস্ব খাত)						
১	ডিপিপি প্রণয়ন, প্রিন্টিং ও বাইন্ডিং এবং স্ট্রাকচারাল ডিজাইন ও স্থাপত্য নকশা	থোক	৩.০০	থোক	২.৬৫	৮০%
২	দায়িত্ব ভাতা ও প্রজেক্ট এলাউন্স	জন	৫.৫৬	৩ জন	৫.৩৩	৮০%
৩	আপ্যায়ন ব্যয়	থোক	২.০০	থোক	১.৩৪	৮০%
৪	স্টেশনারি, স্ট্যাম্প ও সিল	থোক	৩.০০	থোক	২.৭১	৮০%
৫	বিজ্ঞাপন	থোক	৩.৪৪	থোক	২.৪০	৭০%

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের অঙ্গের নাম	**একক**	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
৬	অপারেশন, ক্লিনিং ও ম্যানেজমেন্ট সার্ভিস	১৮৫ জনমাস	১২১.৭০	১৮৫ জনমাস	১১৪.৮৪	১০০%
৭	সম্মানী	থোক	৪.০০	থোক	৩.৭৬	১০০%
৮	মাটি পরীক্ষা	থোক	১.০০	থোক	১.০০	১০০%
৯	জেনারেল টয়লেট পুনর্বাসন	২০টি	২৫০.৪৩	২০টি	২৫০.০২	১০০%
উপমোট: (রাজস্ব)			**৩৯৪.১৪**		**৩৮৪.০৫**	
(খ) মুলধন খাত :						
১০	মসজিদ ভবন (২য়তলা)	১৫৪৩.১৩বঃমিঃ	৪৯০.০৫	১৫৪৩.১৩ বঃমিঃ	৪৯০.১৫	১০০%
১১	এসডিই অফিস কাম হেলথ সেন্টার ভবন (২য়তলা)	৯৮১.০৫বঃমিঃ	৩৩৬..৩৬	৯৮১.০৫বঃমিঃ	৩৩৬.০০	১০০%
১২	জেনারেটর কক্ষ	১টি	২৯.৫৪	১টি	২৯.৫৪	১০০%
১৩	যাত্রী ছাওনী	১টি	৯.৯২	১টি	৯.৯২	১০০%
১৪	বিভিন্ন ব্লকের অভ্যন্তরীণ পুনর্বিন্যাস	৫৪৮.১৬বঃমিঃ	১২৭.২৬	৫৪৮.১৬ বঃমিঃ	১২৭.০০	১০০%
১৫	ইনটেরিয়র ওয়াল প্যানেলিং	৫৩০.৬১বঃমিঃ	৩৯৯.৬৪	৫৩০.৬১বঃমিঃ	৩৯৮.২৭	১০০%
১৬	পাম্প হাউজ	১টি	৮.১০	১টি	৮.০৯	১০০%
১৭	পিকিং আপ ও লাইম ট্রেসিং	১২৯৮.৪২ ঘঃমিঃ	১৮৯.০২	১২৯৮.৪২ঘঃমিঃ	১৮৮.৪৬	১০০%
১৮	বহিঃবিদ্যুতায়ন	৩৮৭৬.৭৬বঃমিঃ	৬৪৫.০৭	৩৮৭৬.৭৬বঃমিঃ	৫৯৭.৭০	১০০%
১৯	বৃক্ষরোপন	থোক	৬৫.৫৫	থোক	৬২.২৭	১০০%
২০	কম্পিউটার ও যন্ত্রাংশ	৯সেট	৬.১০	৯সেট	৫.৫০	১০০%
২১	আসবাবপত্র	৬৭টি	৩৩.৩৮	৬৭টি	৩২.৬৬	১০০%
২২	বৈদ্যুতিক সরঞ্জাম	১১টি	১২.৮০	১১টি	১২.২০	১০০%
২৩	ডিপ-টিউবওয়েল ও যন্ত্রাংশ	১টি	৫৯.০০	১টি	৫৮.৯৪	১০০%
(খ) উপ-মোট (মুলধন)		**--**	**২৪১১.৭৯**	**--**	**২৩৫৫.৭২**	**--**
মোট (ক+খ)		**--**	**২৮০৫.৯২**	**--**	**২৭৩৯.৭৭**	
(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সি (১%)		--	২৮.০৬	**--**	**--**	
(ঘ) প্রাইস কন্টিনজেন্সি ((১%)		--	২৮.০৬	**--**	**--**	
সর্বমোট : (ক+খ+গ+ঘ)			**২৮৬২.০৪**		**২৭৩৯.৭৭ (৯৫.৭৩%)**	

১২। **বছর ভিত্তিক এডিপি বরাদ্দ ও ব্যয়ঃ**

অর্থবছর	সংশোধিত এডিপি বরাদ্দ				অবমুক্তি	অর্থ ব্যয়			
	মোট	টাকা	প্র: সা:	বাস্তব (%)		মোট	টাকা	প্র: সা:	বাস্তব(%)
২০১৬-১৭	৩৩.৫০	৩৩.৫০	--	১.১২%	৩৩.৫০	৩৩.৫০	৩৩.৫০	--	১.১২%
২০১৭-১৮	১৫৭২.১২	১৫৭২.১২	--	৫৪.৯৩%	১৫৭২.১২	১৫৭২.১২	১৫৭২.১২	--	৫৪.৯৩%
২০১৮-১৯	১২৫৬.৪২	১২৫৬.৪২	--	৪৩.৯০%	১২২৬.৩৮	১১৩৪.১৫	১১৩৪.১৫	--	৪৩.৯০%
মোট	২৮৬২.০৪	২৮৬২.০৪	--	৯৯.৯৫%	২৮৩২.০০	২৭৩৯.৭৭	২৭৩৯.৭৭	--	৯৯.৯৫%

(প্রাপ্ত পিসিআর অনুযায়ী)

১৩। **প্রকল্প বাস্তবায়ন অবস্থা:** প্রকল্পের মোট ২৩টি অঙ্গ ছিল। পিসিআর পরীক্ষান্তে দেখা যায়, প্রতিটি অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থের মধ্যে ব্যয় হয়েছে। অনুমোদিত আরডিপিপিতে প্রকল্পের বিভিন্ন অঙ্গের জন্য সংস্থান ছিল ২৮৬২.০৪ লক্ষ টাকা যার বিপরীতে মোট ব্যয় হয়েছে ২৭৩৯.৭৭ লক্ষ টাকা, (৯৫.৭২%)।

১৪। **কাজ অসমাপ্ত থাকলে উহার কারণ :** প্রাপ্ত পিসিআর ও পরিদর্শনকালীন সময়ে অগ্রগতির তথ্য মোতাবেক প্রকল্পের অনুমোদিত অংগসমূহের কোন কাজ অসমাপ্ত নেই।

১৫। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

ক্র:ন:	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		যোগদানের তারিখ	বদলীর তারিখ
		পুর্ণকালীন	অতিরিক্ত দায়িত্ব		
১	জনাব জালালউদ্দিন আহমদ হোসাইন, উপসচিব, পরিকল্পনা বিভাগ	--	অতিরিক্ত দায়িত্ব	২২/০২/২০১৭	২৮/০২/২০১৯
২	জনাব মোঃ সাজেদুল কাইয়ুম দুলাল, অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ	-	অতিরিক্ত দায়িত্ব	২৩/০৩/২০১৯	৩০/০৬/২০১৯

১৬। **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির কার্যক্রম বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর সহকারী পরিচালক জনাব মোঃ সাইদুর রহমান কর্তৃক ১০/০১/২০২২ তারিখে সরেজমিন পরিদর্শন করা হয়েছে। পরিকল্পনা বিভাগ প্রকল্পটির বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হলেও প্রকল্পটির নির্মাণ কাজের ড্রইং ডিজাইন ও নির্মাণ কাজ ডিপোজিট ওয়ার্ক হিসেবে শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-২ ও শেরে বাংলা নগর গণপূর্ত ই/এম বিভাগ-৭ কর্তৃক বাস্তবায়ন করা হয়েছে। পরিদর্শনকালে উপবিভাগীয় প্রকৌশলী গণপূর্ত উপবিভাগ-৩ এর উপসহকারী প্রকৌশলী এবং গণপূর্ত ই/এম বিভাগের উপসহকারী প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রকল্পের আওতায় ২য় তলা ভিতের উপর ১৫৪৩.১৩ বর্গমিটার আয়তন বিশিষ্ট দ্বিতল মসজিদ, ২য় তলা ভিতের উপর ৯৮১.০৫ বর্গমিটার আয়তন বিশিষ্ট এসডিই অফিস কাম হেলথ সেন্টার নির্মাণ বহি: বিদ্যুতায়নসহ বিভিন্ন ভবনের জেনারেল টয়লেট পুনর্বাসনসহ অন্যান্য অবকাঠামো সংস্কার কাজ সম্পন্ন হয়েছে। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মূলায়ন প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১৭। **<u>প্রকল্পের ক্রয় কার্যক্রম :</u>**

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	কাজের নাম ও বিবরণ	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন						
		পরিমাণ / সংখ্যা (বঃমিঃ)	প্রাক্কলিত মূল্য	বিজ্ঞপ্তির তারিখ	চুক্তিমূল্য	কার্যাদেশের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	প্রকৃত কাজ সমাপ্তির তারিখ	বাস্তবায়নকৃত কাজ পরিমাণ/ সংখ্যা	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)
১	১	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
ডব্লিউডি-১	মসজিদ নির্মাণ ২য় তলা ফাউন্ডেশনসহ সিভিল, স্যানিটারি, ইন্টারনাল ইলেকট্রিফিকেশন কাজ	১৫৪৩.১৩ব:মি:	৪৯০.০৫	২৬/৭/২০১৭	৪৯০.০০	২৯/১০/২০১৭	৩০/৫/২০১৮	১৪/১১/২০১৮	১৫৪৩.১৩ব:মি:	৪৮৯.১৭
ডব্লিউড -২	এসডিই অফিস কাম হেলথ সেন্টার ভবন নির্মাণ ২য় তলা ফাউন্ডেশনসহ সিভিল, স্যানিটারি ইন্টারনাল ইলেকট্রিফিকেশন, নিরাপত্তা গ্রিল ও গ্যাস সংযোগ কাজ	৯৮১.০৫ ব:মি:	৩৩৬.৩৬	২৫/৭/২০১৭	৩৩৬.০০	২৬/১০/২০১৭	৩০/৫/২০১৮	১৯/৭/২০১৮	৯৮১.০৫ ব:মি:	৩৩৬.০০
ডব্লিউডি৩	ডিপ টিউবওয়েল	০১	৪৯.৩	১২/৪/২০১৭	৪৯.৩৭	২৮/৫/২০১৭	১২/৬/২০১৭	১২/৬/২০১৭	০১টি	৪৯.৩৭
	ও পানি সরবরাহ ও ভূগর্ভস্থ পাইপ লাইন		১৩.১৫	২০/৪/২০১৭	১১.১৭	৩১/৫/২০১৭	১৫/৬/১৭	১৫/৬/২০১৭		১১.১৭
ডব্লিউডি-৪	পাম্প হাউজ নির্মাণ	০১	৮.১০	২০/৪/২০১৭	৮.১৫	৩০/৫/২০১৭	১০/৬/২০১৭	১০/৬/২০১৭	০১টি	৮.০৯
ডব্লিউডি-৫										
(ক) পিকিং ও লাইম টেরেসিং (ব্লক ৩,৪,৫,৬ এবং ১১)		৩২৪.৬১ ঘঃ মিঃ	৪৬.৬২	১২/৪/২০১৭	৪৬.৬১	২৮/৫/২০১৭	১১/৬/২০১৭	১১/৬/২০১৭	৩২৪.৬১ ঘঃ মিঃ	৪৬.৬১
(খ) পিকিং ও লাইম টেরেসিং (ব্লক ৯,১৫,১৬,এনইসি-১,২)		৩২৪.৬১ ঘঃ মিঃ	৪৬.৪৫	১২/৪/২০১৭	৪৬.৪৪	২৮/৫/২০১৭	১১/৬/২০১৭	১১/৬/২০১৭	৩২৪.৬১ ঘঃ মিঃ	৪৬.৪৪
(গ)পিকিং ও লাইম টেরেসিং (ব্লক ১২,১৩,১৪,১৭,১৮, ও ক্যান্টিন)		৩২৪.৬১ ঘঃ মিঃ	৪৬.৪৫	১২/৪/২০১৭	৪৬.৮৬	২৯/৫/২০১৭	১৬/৬/২০১৭	১৬/৬/২০১৭	৩২৪.৬১ ঘঃ মিঃ	৪৬.৮৬
(ঘ) পিকিং ও লাইম টেরেসিং (ব্লক ১,২,৭,৮,১০)		৩২৪.৬১ ঘঃ মিঃ	৪৯.০৮	২/৫/২০১৭	৪৮.৯৭	৩১/৫/২০১৭	১৬/৬/২০১৭	১৬/৬/২০১৭	৩২৪.৬১ ঘঃ মিঃ	৪৮.৯৭
ডব্লিউডি-৯		১টি	৯৯.৮০	৮/১০/২০	৭৯.১৯	২৮/১১/	২৬/৫/২০১	২৬/৫/২০	১টি	৭৯.১৯

প্যাকেজ নং	কাজের নাম ও বিবরণ	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন						
		পরিমাণ / সংখ্যা (বঃমিঃ)	প্রাক্কলিত মূল্য	বিজ্ঞপ্তির তারিখ	চুক্তিমূল্য	কার্যাদেশের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	প্রকৃত কাজ সমাপ্তির তারিখ	বাস্তবায়নকৃত কাজ পরিমাণ/ সংখ্যা	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)
১	১	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
২৫০ কেভিএ জেনারেটর সরবরাহ ও স্থাপন				১৭		২০১৭	৮	১৮		
ডব্লিউডি-১০	জেনারেটর কক্ষ নির্মাণ	১টি	২৯.৫৪	২০/৪/২০১৭	২৯.৮৯	১/৬/২০১৭	১৫/৬/২০১৭	১৫/৬/২০১৭	১টি	২৯.৫৪
ডব্লিউডি-১২	যাত্রী ছাউনি নির্মাণ	১টি	৯.৯২	১৫/৬/২০১৭	৯.৯৫	১৫/৬/২০১৭	২৫/৬/২০১৭	২৫/৬/২০১৭	১টি	৯.৯২
ডব্লিউডি-১৪	বিভিন্ন ব্লকের টয়লেট পুনর্বাসন									
	(ক) ব্লক ১,২	৩২৫ ব:মি:	৩৪.৯৭	১২/৪/২০১৭	৩৫.১১	৩১/৫/২০১৭	১৯/৬/২০১৭	১৯/৬/২০১৭	৩২৫ ব:মি:	৩৫.১১
	(খ) ব্লক ৩.৪.৫		৪৬.১৯	৩০/৫/২০১৭	৪৬.১৮	১১/৭/২০১৭	২৫/৭/২০১৭	২৫/৭/২০১৭		৪৬.১৮
ডব্লিউডি-১৫	(গ) ব্লক ৬.৮. এবং ১১	৩২৬.১০ ব:মি:	৪৬.৮১	২০/৪/২০১৭	৪৬.৮১	৩০/৫/২০১৭	১৫/৬/২০১৭	১৯/৬/২০১৭	৩২৬.১০ ব:মি:	৪৬.৮১
	(ঘ) ব্লক ১,২		২২.৯২	২০/৪/২০১৭	২২.৯৩	২২/৫/২০১৭	১/৬/২০১৭	১/৬/২০১৭		২২.৯৩
ডব্লিউডি-১৬	(ঙ) ব্লক ১৩,১৪,১৭	৩২৭.১০ ব:মি:	৪৬.১৮	১২/৪/২০১৭	৪৬.১৮	৩১/৫/২০১৭	১৯/৬/২০১৭	১৯/৬/২০১৭	৩২৭	৪৬.১৮
	(চ) ব্লক ১৫,১৬,১৮		৪৬.০৬	১২/৪/২০১৭	৪৬.১৮	৩১/৫/২০১৭	১৯/৬/২০১৭	১৯/৬/২০১৭		৪৬.১৮
ডব্লিউডি-১৮	বিভিন্ন ব্লকের অভ্যন্তরীণ পুনর্বিন্যাস	৫৪৮.১৬ বঃমিঃ	১২৭.২৬	১২/৪/২০১৭	১২৭.২৬	৩১/৫/২০১৭	১৯৬/২০১৭	১৯/৬/২০১৭	৫৮৪.১৬ ব:মিঃ	১২৭.০০
বহিঃবিদ্যুতায়ন										
ডব্লিউডি-১ (iv)	সাবমারসিবল ওয়াটার পাম্প সরবরাহ ও স্থাপন	২টি	২৩.৪৫	২২/৬/২০১৭	২১.১৫	১২/১০/২০১৭	৩০/১০/২০১৭	৩০/১০/২০১৭	২টি	২১.১৫
ডব্লিউডি-১ **(v)**	সিকিউরিটি লাইট সরবরাহ ও স্থাপন	থোক	১.৫০	২৯/৫/২০১৭	১.৪৮	১২/৯/২০১৭	২২/৯/২০১৭	২২/৯/২০১৭		১.৪৮
জিডি-২ (লট-২)	ব্যাগেজ স্ক্যানার	১সোট	৫০.০০	১৯/১১/২০১৭	৪৯.০৪	৪/১/২০১৮	৪/৫/২০১৮	৪/৫/২০১৮	১সেট	৪৯.০৪
ডব্লিউডি-১ (iii)	মসজিদের জন্য সাউন্ড সিস্টেম সরবরাহ ও স্থাপন	থোক	২৩.৪৫	২৫/৫/২০১৭	৭.৯৫	১৭/৮/২০১৭	২৭/৮/২০১৭	২৭/৮/২০১৭	থোক	৭.৯৫
ডব্লিউডি-১ (ii)	মসজিদে এয়ার কুলার সরবরাহ ও স্থাপন	২০টি	৪৭.০০	২৫/৫/২০১৭	৫৩.৭০	১০/৬/২০১৭	৬/৮/২০১৭	৬/৮/২০১৭		৫৩.৭০

প্যাকেজ নং	কাজের নাম ও বিবরণ	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন						
		পরিমাণ / সংখ্যা (বঃমিঃ)	প্রাক্কলিত মূল্য	বিজ্ঞপ্তির তারিখ	চুক্তিমূল্য	কার্যাদেশের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	প্রকৃত কাজ সমাপ্তির তারিখ	বাস্তবায়নকৃত কাজ পরিমাণ/ সংখ্যা	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)
১	১	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
জিডি-২ লট-১	নতুন চিলার সরবরাহ স্থাপন ও কমিশনিং	২টি	২৬১.২০	২৪/৯/২০১৭	২২৪.৬১	২০/৬/২০১৮	১৯/১২/২০১৮	১৯/১২/২০১৮		২২৪.৬১
জিডি-২,লট-৪	সিসিটিভি ক্যামরা	৪টি	১৪.৯০	২৫/৪/২০১৯	১.৪০	৯/৬/২০১৯	২৩.৬.২০১৯	২৩.৬.২০১৯		১.৪০
জিডি-২,লট-৩	সার্চ প্রোটেকশন	১টি	১৩.৯২	১০/৯/২০১৮	১২.১৪	২৪/১০/২০১৮	৯/১১/২০১৮	৯/১১/২০১৮	৩টি	১২.১৪
সংযোজনী-৮ (৩)	এলইডি ফ্লাড লাইট সরবরাহ এবং স্থাপন	৪০টি	১৪.৩০	২২/৫/২০১৭	১৩.৯১	২৯/৬/২০১৭	১৫/৭/২০১৭	১২/৭/২০১৭	৪০টি	১৩.৯১
জিডি-২ লট-৫	বিভিন্ন ব্লকে আযানের জন্য সাউন্ড সিস্টেম ও অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ	থোক	৩২.৭৫	৫/৬/২০১৮	২৯.৩০	২০/৬/২০১৮	১৬/৭/২০১৮	১৬/৭/২০১৮		২৯.৩০
ডব্লিউ-১(১)	মসজিদের জন্য সার্ভিস ক্যাবল ও কন্ট্রোল বোর্ড স্থাপন	থোক	৪৮.২০	২২/৬/২০১৭	৩১.৮৩	১২/১০/১৭	৮/১১/২০১৭	৮/১১/২০১৭		৩১.৮৩
সংযোজনী-৮ (২)	এনইসি ভবনের জন্য স্পিলিট টাইপ এয়ারকুলার সেট সবরাহ ও স্থাপন	৯টি	৪৫.০০	২২/৫/২০১৭	৩৯.৯৮	৬/৮/২০১৭	১৯/৮/২০১৭	১৯/৮/২০১৭		৩৯.৯৮

১৮। **<u>অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত :</u>** ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থবছরে অডিট আপত্তি ও নিষ্পতির তথ্য নিম্নরুপ :

অর্থবছর ও আপত্তির শিরোনাম	আপত্তির বিবরণ	সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক আপত্তির জবাব	নিষ্পত্তির পর্যায়
২০১৭-১৮	অতিরিক্ত ১,৩২,১৮,২৮৯ টাকার সংস্থান রেখে ডিপিপি অনুমোদন ।	সংশ্লিষ্ট দপ্তর হতে প্রমাণকসহ জবাব প্রদান করা হয়েছে।	জবাব ও প্রমাণকের আলোকে ফাপাড কার্যালয়ের ২৮/জানুয়ারি,২১ তারিখের ৭৭৪ নং স্মারকের মাধ্যমে নিষ্পত্তি হয়েছে।
২০১৮-১৯ শিরোনাম: প্রকল্প	২০১৮-১৯ আর্থিক সালের “মঞ্জুরী ও বরাদ্দ ভিত্তিক হিসাবের নির্দিষ্টকরণ	সংশ্লিষ্ট অডিট আপত্তির জানানো যাচ্ছে যে, পরিকল্পনা কমিশন চত্বরে মসজিদ ও গণপূর্ত	অডিট আপত্তির জবাব প্রদান করা হয়েছে।

অর্থবছর ও আপত্তির শিরোনাম	আপত্তির বিবরণ	সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক আপত্তির জবাব	নিষ্পত্তির পর্যায়
সমাপ্তির পর জিওবি তহবিলের অব্যয়িত ৫,৭৯৫৮৯.০০- টাকা সরকারি কোষাগারে সমর্পন/জমা প্রদান করা হয়নি।	নিরিক্ষার আওতাধীন "পরিকল্পনা কমিশন চত্বরে মসজিদ ও গণপূর্ত উপ-বিভাগীয় প্রকৌশলীর অফিস ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতাধীন নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-২, ঢাকা এর নিরীক্ষাকলে আইবাস++ রিপোর্ট, ক্যাশ বই, বিল পাশ রেজিষ্টার, সংশোধিত বাজেট বরাদ্দ এবং ব্যয় বিবরণী পরিলক্ষিত হয় যে, মঞ্জুরি নং - ১১ এর বিপরীতে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত বিভাগ-২, ,ঢাকা, কর্তৃক প্রকল্প সমাপ্তির পর জিওবি তহবিলের অব্যয়িত ৫,৭৯,৫৮৯.০০/- টাকা সরকারি কোষাগারে সমর্পন/জমা প্রদান করা হয়নি।	উপ-বিভাগীয় প্রকৌশলীর অফিস ভবন নির্মাণ প্রকল্পের কাজের জন্য ২০১৮-১৯ আর্থিক সালে অর্থ বরাদ্দ ৭,৮৯,০৭,০০০/- টাকা। মোট ব্যয় ৭,৮৩,২৭,৪১১/- টাকা । অব্যয়িত অর্থ ৫,৭৯,৬৪৫/-টাকা ৩০/০৬/২০১৯ তারিখে সমর্পন করা হয়েছে। সকল ব্যয় আইবাস ++ পদ্ধতিতে সংঘটিত হয়েছে এবং ২০১৮-১৯ আর্থিক সালে সংশ্লিষ্ট প্রকল্পের মোট অর্থ বরাদ্দ, ব্যয় সমর্পনকৃত অর্থ সিএও অফিস হতে যাচাইকৃত। ২০১৮-১৯ অর্থবছরের সংশ্লিষ্ট প্রকল্পের রাজস্ব ও উন্নয়নভুক্ত সকল বরাদ্দের বিপরীতে সম্পাদিত ব্যয় সংঘটনের উপর পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করা হয়েছে। উল্লেখিত অর্থ বরাদ্দ ব্যয় ও সমর্পন সিএও অফিস হতে যাচাইকৃত ও কোন গড়মিল পরিলক্ষিত হয়নি, বিধায় আপত্তিটি নিষ্পত্তির করার জন্য অনুরোধ করা হলো।	নিষ্পত্তি হয়নি।

১৯। **<u>প্রকল্পের প্রধান প্রধান অংগের বাস্তবায়ন পর্যবেক্ষণ :</u>** প্রকল্পের আওতায় ২য় তলা ফাউন্ডেশনসহ সিভিল, স্যানিটারি, ইন্টারনাল ইলেকট্রিফিকেশন কাজসহ ১৫৪৩.১৩ বর্গমিটার আয়তন বিশিষ্ট দ্বিতল মসজিদ নির্মাণ, ফাউন্ডেশনসহ সিভিলওয়ার্ক, স্যানিটারি ইন্টারনাল ইলেকট্রিফিকেশন, নিরাপত্তা গ্রিল ও গ্যাস সংযোগ ২য় তলা ভিতের উপর ৯৮১.০৫ বর্গমিটার আয়তন বিশিষ্ট এসডিই অফিস কাম হেলথ সেন্টার নির্মাণ, জেনারেটর কক্ষ নির্মাণ,পাম্প হাউজ নির্মাণ, বিভিন্ন ব্লকের ২০টি জেনারেল টয়লেট পুনর্বাসন, ডিপ টিউবওয়েল ও পানি সরবরাহ ও ভূগর্ভস্থ পাইপ লাইন স্থাপন, সাবমারসিবল ওয়াটার পাম্প সরবরাহ ও স্থাপন, যাত্রী ছাউনি নির্মাণ, ব্যাগেজ স্ক্যানার, বিভিন্ন ব্লকের অভ্যন্তরীণ পুনর্বিন্যাস,২৫০ কেভিএ জেনারেটর সরবরাহ ও স্থাপন নতুন চিলার সরবরাহ স্থাপন, মসজিদে এয়ার কুলার সরবরাহ ও স্থাপন, বিভিন্ন ব্লকে আযানের জন্য সাউন্ড সিস্টেম ও অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ, এনইসি ভবনের জন্য স্পিলিট টাইপ এয়ারকুলার সেট সরবরাহ ও স্থাপনসহ আনুসাঙ্গিক ভৌত কাজ সম্পন্ন হয়েছে।

১৯.১। **<u>মসজিদ নির্মাণ:</u>** ডব্লিউডি-১ প্যাকেজের আওতায় ২য় তলা ভিতের উপর ১৫৪৩.১৩ বর্গমিটার আয়তন বিশিষ্ট মসজিদ নির্মাণের জন্য অনুমোদিত ডিপিপিতে ৪৯০.০৫ লক্ষ টাকার সংস্থান সংস্থানের বিপরীতে স্যানিটারি, ইন্টারন্যাল ইলেকট্রিফিকেশন কাজ সম্পাদনের জন্য ৪,৮৯,১৬,৬৯৬ লক্ষ টাকা চুক্তিমূল্য ২৯/১০/২০১৭ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। উল্লেখযোগ্য কাজের মধ্যে রয়েছে সিরামিক ব্রীক ওয়ার্ক, মিরর পলিশ টাইলস, সেগুন কাঠের দরজা, এ্যালুমিনিয়াম জানালা, এসএস রেইলিং, মেহরাব এ মার্বেল ওয়ার্ক, প্লাষ্টিক পেইন্ট, উন্নতমানের স্যানিটারি ফিটিংস। এসকল কাজ সমাপ্ত হয়েছে ১৪/১১/২০১৮ তারিখে। বাহ্যিক দৃষ্টিতে এ সকল কাজের মান সন্তোষজনক প্রতীয়মান হয়েছে। স্থাপত্য অধিদপ্তরের নকশাকৃত দৃষ্টিনন্দন মসজিদটি নির্মিত হয়েছে। এতে পরিকল্পনা কমিশন চত্বরের কর্মকর্তা/কর্মাচারী ও মুসল্লীগণ উন্নত পরিবেশে নামাজ আদায় করতে পারছেন।

নির্মিত মসজিদ

১৯.২। **এসডিই অফিস কাম হেলথ সেন্টার ভবন** : ডব্লিউডি-২ প্যাকেজের আওতায় ২ তলা ভিতের উপর ৯৮১.০৫ বর্গমিটার আয়তন বিশিষ্ট দুইতলা ভবনের নীচ তলায় হেলথ সেন্টার ও দ্বিতীয় তলায় গণপূর্ত উপবিভাগীয় প্রকৌশলী দপ্তর নির্মাণের জন্য অনুমোদিত ডিপিপিতে ৩৩৬.৩৬ লক্ষ টাকার সংস্থান সংস্থানের বিপরীতে স্যানিটারি, ইন্টারন্যাল ইলেকট্রিফিকেশন সিকিউরিটি গ্রীল ফেন্সিং গ্যাস সংযোগ কাজ সম্পাদনের জন্য ৩,১৮,২৯,৭১৬ লক্ষ টাকা চুক্তিমূল্যে ২৬/১০/২০১৭ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। এ প্যাকেজের উল্লেখযোগ্য কাজের মধ্যে রয়েছে সিরামিক ব্রীক ওয়ার্ক, মিরর পলিশ টাইলস, সেগুন কাঠের দরজা, এলুমিনিয়াম জানালা, এসএস রেইলিং, প্লাষ্টিক পেইন্ট, উন্নতমানের স্যানিটারি ফিটিংস, গ্যাস সংযোগ, গ্রীল ফেন্সিং। বাহ্যিক দৃষ্টিতে এসকল কাজের মান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে। ভবনটি নির্মাণের ফলে পরিকল্পনা কমিশন চত্বরের ভবনসমূহের রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত শেরে বাংলা নগর গণপূর্ত উপ-বিভাগ ৩ এর জন্য মানসম্মত সেবা প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে। তাছাড়া, হেলথ সেন্টারের উন্নত অবকাঠামো সৃষ্টির ফলে পরিকল্পনা কমিশনের কর্মকর্তা/কর্মচারীগণ উন্নত পরিবেশে প্রাথমিক চিকিৎসা গ্রহণে সহায়ক ভূমিকা পালন করছে।

এসডিই অফিস কাম হেলথ সেন্টার

১৯.৩। **ডিপ -টিউবঅয়েল :**

ডব্লিউডি-৩ প্যাকেজের আওতায় ২টি কাজ সম্পাদিত হয়েছে (১) ডিপটিউবওয়েল সংগ্রহ এবং (২) ভূগর্ভস্থ পানি সরবরাহ লাইন স্থাপন। কাজটি ২টি আলাদা প্যাকেজে সম্পাদিত হয়েছে। ডিপটিউবওয়েল স্থাপন কাজের জন্য ডিপিপিতে ৪৯.৩৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৯,৩৭,৫৯০ লক্ষ টাকা চুক্তিমূল্যে ৩১/৫/১৭ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। কাজটি চুক্তি মোতাবেক নির্ধারিত মেয়াদে সম্পন্ন হয়েছে। ভূগর্ভস্থ পানি সরবরাহ লাইন স্থাপন কাজের জন্য প্রাক্কলিত মূল্য ১৩.০৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১১,১৭,৯৬৩ টাকা চুক্তিমূল্য ৩১/৫/২০১৭ তারিখ কার্যাদেশ প্রদান করা হয়। পরিকল্পনা কমিশনের পশ্চিম পার্শ্বে ডিপ টিউবওয়েল যন্ত্রাংশ স্থাপন করা হয়েছে। কাজের অগ্রগতি ১০০%।

১৯.৪। **পাম্প হাউজ** : ডব্লিউডি-৪ প্যাকেজের আওতায় পাম্প হাউজ নির্মাণ করা হয়েছে। এখাতে বরাদ্দ ছিল ৮.১০ লক্ষ টাকা। কার্যাদেশকৃত দর ৮১৫,৩৭০ টাকা। চুক্তির তারিখ ৩০/৫/২০১৭ এবং কাজ সমাপ্তির তারিখ ১০/৬/২০১৭। এ কাজের আর্থিক ও ভৌত অগ্রগতি ১০০%

পাম্প হাউজ

১৯.৫। **পিকিংআপ ও লাইম ট্রেসিং** : প্যাকেজ ডব্লিউডি-৪ এবং প্যাকেজ-৫ এর আওতায় ভবনসমূহের উত্তাপ হ্রাস ও ছাদের স্থায়ীত্ব বৃদ্ধির লক্ষ্যে ডিপিপিতে বিভিন্ন ব্লকের ১২৯৮.৪২ বর্গমিটার পিকিং আপ ও লাইম ট্রেসিং কাজের জন্য ১৮৯.০২ লক্ষ টাকার সংস্থান ছিল, যার বিপরীতে (ক) ভবন-৩,৪,৫,৬ ও ১১, (খ) ভবন ৯,১৫, ১৬ এবং এনইসি বিল্ডিং ১ ও ২, (গ)ভবন -১২, ১৩ , ১৪, ১৭, ১৮ এবং (ঘ) ভবন নম্বর ১,২,৭,৮ এবং ভবন নম্বর ১০ এর ছাদে লাইম ট্রেসিং কাজ ৪টি প্যাকেজে নির্ধারিত প্রাক্কলিত ব্যয়ে এবং নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হয়েছে।

১৯.৬। **জেনারেল টয়লেট পুনর্বাসন:** ডব্লিউডি ১৪ (ক) প্যাকেজে ব্লক ১,২, (খ) প্যাকেজে ৩, ৪, ৫, ডব্লিউডি- ১৫(গ) প্যাকেজে ৬,৮,১১ ডব্লিউডি- ১৫(ঘ) প্যাকেজে ১২ ডব্লিউডি- ১৬(ঙ)প্যাকেজে ১৩,১৪,১৭ ডব্লিউডি- ১৬(চ) প্যাকেজে ১৫,১৬,১৮ এবং ডব্লিউডি- ১৬ (ছ) প্যাকেজে ৯, ১০ ব্লকের ২০টি জেনারেল টয়লেটসহ ৫৬টি টয়লেট পুনর্বাসনের করা হয়েছে। প্যাকেজগুলো প্রাক্কলিত ব্যয়ের মধ্যে সম্পাদন করা হয়েছে। এ পরিদর্শনকালে কিছু কিছু টয়লেটের ফিটিংস বিশেষত: বেসিনের ট্যাপ ও পুশ শাওয়ার কাজ করে না দেখা যায়। এছাড়া জেনারেল টয়লেটগুলো তেমন পরিচ্ছন্ন দেখা যায়নি। ব্যবহারকারীগণ জানান দীর্ঘদিন যাবত বেসিনের ট্যাপ ও পুশ শাওয়ারগুলো কাজ করে না। এ বিষয়ে উপস্থিত উপসহকারী প্রকৌশলী, গণর্পূত উপবিভাগ-৩ জানান পুশ শাওয়ারগুলোর অতিক্রান্ত হয়েছে। এ অকেজো বেসিন ও পুশ শাওয়ারগুলো নতুন পুশ শাওয়ার দিয়ে প্রতিস্থাপন করার জন্য বলা হয়েছে।

জেনারেল টয়লেট

১৯.৭। **বৈদ্যুতিক কাজ :** প্রকল্পের আওতায় গণপূর্ত ই/এম বিভাগ কর্তৃক উল্লেখযোগ্য বৈদ্যুতিক কাজ সম্মন্ন হয়েছে। সাবমারসিবল ওয়াটার পাম্প সরবরাহ ও স্থাপন, সিকিউরিটি লাইট সরবরাহ ও স্থাপন, ১নং গেটে ব্যাগজ স্ক্যানার, মসজিদের জন্য সাউন্ড সিস্টেম সরবরাহ ও স্থাপন, মসজিদে এয়ার কুলার সরবরাহ ও স্থাপন, অকেজো বৈদ্যুতিক চিলার পরিবর্তন করে ১১০ টনের ২টি নতুন চিলার সরবরাহ স্থাপন ও কমিশনিং, ৪টি সিসিটিভি ক্যামরা, এলইডি ফ্লাড লাইট সরবরাহ এবং স্থাপন, বিভিন্ন ব্লকে আযানের জন্য সাউন্ড সিস্টেম ও অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ, এনইসি ভবনের জন্য স্পিলিট টাইপ এয়ার কুলার সেট স্থাপন ২৫০ কেভিএ জেনারেটর সরবরাহ ও স্থাপন।

১৯.৮। **জেনারেটর রুম** : ডব্লিউডি- ১০ প্যাকেজের মাধ্যমে জেনারেটর রুম নির্মাণ করা হয়েছে। এখাতে বরাদ্দ ছিল ৩০.০০ লক্ষ টাকা। যার মধ্যে ২৯,৮৯,৭৬০ টাকামূল্যে ০১/৬/২০১৭ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। জেনারেটর রুম নির্মাণ কাজ সমাপ্তির জন্য নির্ধারিত ছিল ১৫/৬/২০১৭ তারিখ। নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হয়েছে। কাজের আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% ।

১৯.৯। **২৫০ কেভিএ জেনারেটর সরবরাহ ও স্থাপন:** ডব্লিউডি-৯ প্যাকেজের মাধ্যমে ১টি ২৫০ কেভিএ জেনারেটর স্থাপন করা হয়েছে। এখাতে বরাদ্দ ছিল ৯৯.৮০ লক্ষ টাকা। কাজ সম্পাদনের জন্য প্রাক্কলন করা হয় ৯৫৪৪৬০১ লক্ষ টাকা । চুক্তিমূল্য ৯০.৭০ টাকা। কাজ শুরুর তারিখ ছিল ২৮/১১/২০১৭ এবং সমাপ্তির তারিখ ছিল ২৬/৪/২০১৮। এ কাজের বাস্তব অগ্রগতি ১০০%।

১৯.১০। **ব্যাগেজ স্ক্যানার :** পরিকল্পনা কমিশন চত্বরে প্রবেশ গেটে ব্যাগেজ স্ক্যানার সেট সরবরাহের জন্য অনুমোদিত ডিপিপিতে ৫০.০০ লক্ষ টাকা বরাদের বিপরীতে জিডি-১ এর আওতায় লট-২ প্যাকেজের মাধ্যমে ৪৯,০৪,৪২৪ টাকা চুক্তি মূল্যে ৪/১/২০১৮ কার্যাদেশ প্রদান করা হয়। কাজ সমাপ্তির তারিখ ছিল ৪ মাস অর্থাৎ ৩/৫/২০১৮। নির্ধারিত মেয়াদে কাজ সম্পন্ন হয়েছে। কাজের বাস্তব অগ্রগতি ১০০%।

ব্যাগেজ স্ক্যানার

২০। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :** প্রকল্পের মাধ্যমে পরিকল্পনা কমিশন চত্বরে একটি নতুন দৃষ্টিনন্দন মসজিদ নির্মিত হওয়ায় পরিকল্পনা কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রার্থনার উপযোগী পরিবেশ তৈরী হয়েছে। গণপূর্ত উপ-বিভাগীয় প্রকৌশলীর অফিস ভবন নির্মাণের ফলে যুগোপযুগী অবকাঠামো নির্মাণের মাধ্যমে জনগনের মাঝে উন্নত পরিবেশে সর্বোচ্চ সরকারী সেবা প্রদান করা সম্ভব হচ্ছে। এসডিই অফিসের নিচ তলায় হেলথ সেণ্টার ভবন নির্মাণের ফলে পরিকল্পনা কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে উন্নত পরিবেশ সৃষ্টি হয়েছে। প্রকল্পের মাধ্যমে ভবনসমূহের জেনারেল টয়লেটসমূহ পুনর্বাসনের ফলে পরিকল্পনা কমিশন চত্বরের কর্মকর্তা/কর্মচারীদের উন্নতমানের টয়লেট ব্যবহার নিশ্চিত হয়েছে। পরিকল্পনা কমিশন চত্বরের ভবনসমূহের ছাদে লাইম ট্রেসিং করার ফলে ছাদের স্থায়ীত্ব বৃদ্ধি পাবে। ২৫০ কেভিএ জেনারেটর স্থাপনের ফলে পরিকল্পনা কমিশন চত্তরে সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত হয়েছে। এনইসি ভবন-১ ও ২ নম্বর ভবনে ২টি নতুন চিলার স্থাপনের ফলে উন্নত শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত হয়েছে। পরিকল্পনা কমিশন চত্বরে প্রবেশ গেটে ব্যাগেজ স্ক্যানার স্থাপনের ফলে পরিকল্পনা কমিশন চত্বরের নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার হয়েছে।

২১। প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় করা হয়েছে। নবনির্মিত মসজিদ, হেলথ সেন্টার এবং পরিকল্পনা বিভাগের বিভিন্ন ব্লকে কর্মরত কর্মকর্তাগণ সরকারী কাজে ব্যবহৃত হচ্ছে। পরিদর্শন প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি ও আসবাবপত্রসমূহ নিম্নবর্ণিত ভবনে/ কক্ষে ব্যবহার হচ্ছে দেখা যায়।

ক্র:ম	যন্ত্রপাতির নাম	সংখ্যা	যেখানে ব্যবহার হচ্ছে
১	এক্সিকিউটিভ টেবিল	৪টি	সহকারী প্রধান, পরিকল্পনা বিভাগ, ব্লক-০৭, ৩য় তলা
			সিনিয়র সহকারী সচিব, ব্লক০৭, তয় তলা

ক্র:ম	যন্ত্রপাতির নাম	সংখ্যা	যেখানে ব্যবহার হচ্ছে
			বেগম শওকত আরা, প্রশাসনিক কর্মকর্তা, ব্লক-৩, কক্ষ-২০
			অতিরিক্ত সচিব (সমন্বয়), ব্লক-০৯, কক্ষ-৩২
২	এক্সিকিউটিভ টেবিল	৪টি	সিনিয়র সহকারী প্রধান ,ভৌত অবকাঠামো বিভাগ, ব্লক-৪ ২য় তলা
			আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, ব্লক-২, কক্ষ-১৬
			সহকারী প্রধান, পরিকল্পনা বিভাগ, ব্লক-৭, ৩য় তলা
৩।	রিভলভিং চেয়ার	৬টি	সদস্য মহোদয়ের একান্ত সচিব,ভৌত অবকাঠামো বিভাগ, ব্লক-৪
			সিনিয়র সহকারী প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ
			মোঃ মুজিবুর রহমান, ব্যক্তিগত কর্মকর্তা, ব্লক-৯, কক্ষ-২৯
			অতিরিক্ত সচিব মহোদয়ের দপ্তর, পরিকল্পনা বিভাগ, ব্লক-৯, কক্ষ-৩২
			সিনিয়র সহকারী সচিব, সাধারণ শাখা -১, পরিকল্পনা বিভাগ, ব্লক-৯, কক্ষ-৩২
			প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, ভবন-১, কক্ষ-১
৪।	কুশন চেয়ার	৩টি	শিল্পও শক্তি বিভাগ, ব্লক-৫, কক্ষ-৮
			শিল্প ও শক্তিবিভাগ, ব্লক-৫, কক্ষ-৪
৫।	ফাইল কেবিনেট	৪টি	যুগ্মসচিব, সমন্বয় অধিশাখা, ব্লক-৯, কক্ষ-৯
			উপসচিব, প্রশাসন অধিশাখা-৩,ব্লক-১০, কক্ষ-১৮
			সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, ব্লক-১০, কক্ষ-১
			প্রশাসনিক কর্মকর্তা, শিল্প ও শক্তি বিভাগ, ব্লক-৩, কক্ষ-২০
৬।	বুকসেলফ	৫টি	মোঃ খোরশেদ আলম, উপসচিব, সাধারণ শাখা, ব্লক-৯, কক্ষ-১৮
			শিল্প ওশক্তি বিভাগ, ব্লক-৩, কক্ষ-২০
			সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ব্লক-৪, কক্ষ-৪
			অতিরিক্ত সচিব (সাধারণ ও সমন্বয়) দপ্তর, পরিকল্পনা বিভাগ, ব্লক-৯, কক্ষ-৩২
			বাজেট অফিসার, পরিকল্পনা বিভাগ, ব্লক-৯, কক্ষ-১৭
৭	আলমারি	৬টি	ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প ও শক্তি বিভাগ, ব্লক-৫, কক্ষ-৪
			শিল্প ও শক্তি বিভাগ, ব্লক-৩, কক্ষ-৪
			যুগ্মসচিব (সমন্বয়) এর দপ্তর, ব্লক-৯, কক্ষ-৯
			উপসচিব (প্রশাসন-৩) , ব্লক-১০, কক্ষ-১৮

ক্র:ম	যন্ত্রপাতির নাম	সংখ্যা	যেখানে ব্যবহার হচ্ছে
			সহকারী প্রধান, পরিকল্পনা বিভগ, ব্লক-৭, ৩য় তলা।
			সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, ব্লক-১০, কক্ষ-১
৮	সাইড টেবিল	২টি	মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, ভবন-১, কক্ষ-১
			উপপ্রধান-৩, (সেচ),কৃষি, পানিসম্পদ ও পল্লীপ্রতিষ্ঠান বিভাগ, ভবন-১৭, কক্ষ-২৫
৯	রুগীর বসারচেয়ার	৪টি	মেডিক্যাল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র, পরিকল্পনা কমিশন চত্তর ক্লিনিক
১০	ভ্যাকুম ক্লিনার	১টি	মোহাঃ আমানত আলী, সহকারী পরিচালক ও সাধারণ সম্পাদক মসজিদ পরিচালনা কমিটি (গ্যাসের চুলা ও ভ্যাকুম ক্লিনার মসজিদে ব্যবহার হচ্ছে।
১১	গ্যাসের চুলা	১	
১২।	ওভেন	১টি	মোঃ ফুরকান উদ্দিন ভূইয়া, প্রশাসনিক কর্মকর্তা, সাধারণ শাখা-১, পরিকল্পনা বিভাগ, ব্লক-৯, কক্ষ-২১
১৩।	পানি বিশুদ্ধকরণ মেশিন	২টি	মোঃ গিয়াস উদ্দিন গাজী, ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ব্লক-৩, কক্ষ-৪।
			প্রশাসনিক কর্মকর্তা, শিল্প ও শক্তি বিভাগ, ব্লক-৩, কক্ষ-২০
১৪	৪০” সনি টিভি	১টি	অতিরিক্ত সচিব (সাধারণ ও সমন্বয়) মহোদয়ের দপ্তর, পরিকল্পনা বিভাগ, ব্লক-৯, কক্ষ-৩২
১৫	ফ্রীজ	১টি	সচিববের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ব্লক-৪, কক্ষ-৪
১৬	ক্রোকারিজ	১টি	ব্লক-৯, কক্ষ-১৪
১৭	ডেস্কটপ কম্পিউটার	৩টি	ব্লক-১৩, কক্ষ-৬, ব্লক-৯, কক্ষ-২০, ১৪
১৮	ল্যাপটপ কম্পিউটার	১টি	ব্লক-৯, কক্ষ-১৪
১৯	লেজার কালার প্রিন্টার	১টি	ব্লক-৯, কক্ষ-২৩
২০	ফটোকপিয়ার	১টি	ব্লক-৯, কক্ষ-৩৪
২১	লেমিনেটিং মেশিন	১টি	ব্লক-৯, কক্ষ-২২
২২	প্রজেক্টর স্ক্রীনসহ	১টি	এনইসি, লাইব্রেরীর পার্শ্বে
২৩	টেলিফোন সেট	২টি	ব্লক-৯, কক্ষ-২২
২৪	এন্টিভাইরাস সফটওয়্যার ও পেনড্রাইভ	১০টি	ব্লক-৯, কক্ষ-২২

২২। **<u>প্রকল্প বাস্তবায়ন সমস্যা :</u>**

২২.১। **প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) :** মূল ডিপিপিতে প্রকল্পটি জানুয়ারি,২০১৭ হতে জুন,২০১৮ মেয়াদে গত ২০/২/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। ১ম সংশোধনীতে প্রকল্প মেয়াদ ৬ মাস বৃদ্ধি করে জানুয়ারি,২০১৭ হতে ডিসেম্বর,২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়। নির্ধারিত সময়ে কাজ শেষ না হওয়ায় পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ পুনরায় ৬ মাস বৃদ্ধি করে জানুয়ারি,২০১৭ হতে জুন ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। এ ক্ষেত্রে

প্রকল্পের মূল অনুমোদিত মেয়াদকাল এর চেয়ে ১২ মাস সময় বেশী অতিবাহিত হয়েছে। এ ক্ষেত্রে ৬৬.৬৬% টাইম ওভার রান হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে বিলম্ব ঘটেছে।

২২.২। **প্রকল্প ব্যয় বৃদ্ধি (Cost Over-run)** : প্রকল্পটির মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৬৪৩.৭৭ লক্ষ টাকা নির্ধারিত থাকলেও ১ম সংশোধনীত প্রকল্পটির ব্যয় নির্ধারণ করা হয় ২৮৬২.০৪ লক্ষ টাকা। মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ২১৮.২৭ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। তাছাড়া সংশোধিত ডিপিপিতে সংস্থানকৃত বেশ কয়েকটি অংগে আন্তঃখাত সমন্বয় করা হয়েছে যা প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়নের সময় লক্ষ্য রাখা প্রয়োজন ছিল। এ ক্ষেত্রে কিছুটা হলেও কারিগরি সমস্যা সৃষ্টি হয়েছে।

২২.৩। **প্রকল্প মনিটরিং :** নথি পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটি আইএমইডি কর্তৃক ২৮/২/২০১৮ তারিখে পরিদর্শনপূর্বক ০৪টি সুপারিশ সম্বলিত প্রতিবেদন পরিকল্পনা বিভাগ প্রেরণ করা হয়েছে। আইএমইডি.র সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করা হয়নি। তাছাড়া প্রকল্প বাস্তবায়নকালে প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে পরিকল্পনা বিভাগের কর্মকর্তাগণ পরিদর্শন করেছেন কিনা পিসিআরএ উল্লেখ করা হয়নি।

২৩। <u>আইএমইডির সুপারিশ/মতামত :</u>

২৩.১। প্রকল্প বাস্তবায়নে মূল প্রকল্পের তুলনায় ব্যয়বৃদ্ধি ও মেয়াদবৃদ্ধি হয়েছে ৮.২৫% ও ৬৬.৬৬%। ভবিষ্যতে প্রকল্প বাস্তাবয়নের ক্ষেত্রে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও মেয়াদবৃদ্ধি পরিহার করার বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাকে সচেষ্ট হতে হবে ও প্রকল্প বাস্তাবয়নে সক্ষমতা বৃদ্ধি করতে হবে ;

২৩.২। ২০১৮-২০১৯ অর্থবছরে অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত আপত্তিতে ৫,৭৯,৫৮৯/- টাকার সম্পৃক্ততা রয়েছে। অডিট আপত্তিটি দ্রুত নিষ্পত্তি করে আইএমইডিকে অবহিত করতে হবে (অনুচ্ছেদ -১৮);

২৩.৩। জেনারেল টয়লেটগুলোর ফিটিংস বিশেষত: বেসিনের ট্যাপ ও পুশ শাওয়ার কাজ করে না। টয়লেটগুলো তেমন পরিচ্ছন্ন দেখা যায়নি। এ অকেজো বেসিন ও পুশ শাওয়ারগুলো নতুন পুশ শাওয়ার দিয়ে প্রতিস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পিডব্লিউডি এবং পরিকল্পনা বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ-১৯.৬) ;

২৩.৪। প্রকল্পের আওতায় সংগৃহীত আসবাবপত্র/যন্ত্রাংশ ও মালামাল কোনটি কোথায় ব্যবহার হচ্ছে তার একটি ডাটাবেইজ সংরক্ষণ করা প্রয়োজন। যাতে পরবর্তীকালে প্রয়োজনে আসবাবপত্র, কম্পিউটার ও যন্ত্রপাতি/সামগ্রীর অবস্থান নিশ্চিত করা যায় (অনুচ্ছেদ-২১) ; এবং

২৩.৫। উপরোক্ত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থাদির বিষয়ে আগামী ০১ (এক) মাসের মধ্যে পরিকল্পনা বিভাগের মাধ্যমে আইএমইডিকে অবহিত করতে হবে।

পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা/ কর্মচারীদের আবাসিক ভবন নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: সেপ্টেম্বর,২০১৯)

১। প্রকল্পের নাম : পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা/ কর্মচারীদের আবাসিক ভবন নির্মাণ (১ম সংশোধিত)।

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : পরিকল্পনা বিভাগ/ পরিকল্পনা মন্ত্রণালয়।

৩ বাস্তবায়নকারী সংস্থা : গণপূর্ত বিভাগ (পিডব্লিউডি)।

৪। প্রকল্পের অর্থায়ন : বাংলাদেশ সরকারের জিওবি অর্থে বাস্তবায়িত।

৫। প্রকল্পেরঅবস্থান : আগারগাঁও, তালতলা, শেরে বাংলা নগর, ঢাকা।

০৬। **<u>প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত :</u>**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল			প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সংশোধিত		মূল	সংশোধিত	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১০২৬৪.৫৩	১০৪১১.২৮	১০০৪৮.৫৮	আগস্ট,২০১৫ হতে জুন,২০১৮	আগস্ট,২০১৫ হতে জুন,২০,১৯	আগস্ট,১৫ হতে সেপ্টে, ২০১৯	আগস্ট,১৫ হতে সেপ্টে, ২০১৯	-২১৫.৯৫ বা (২.১০%)	১৫ মাস বা +(৩১.৯১%)

খ) মূল প্রাক্কলনের সাথে ব্যয় হ্রাসের হার : ২.১০%

(গ) মূল প্রাক্কলনের সাথে মেয়াদ বৃদ্ধির হার: ৩২%

০৭। **<u>প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:</u>** পরিকল্পনা কমিশন/বিভাগের ২য় ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের আবাসনের ব্যবস্থা করার লক্ষ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রী একটি আবাসন প্রকল্প গ্রহণের নির্দেশনার পরিপ্রেক্ষিতে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের আওতায় ঢাকাস্থ শেরে বাংলা নগরের তালতলায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন ১১৮.০৫ ডেসিমেল জমির উপর ৬৫০ বর্গফুট আয়তনের ০২টি এবং ৮০০ বর্গফুট আয়তনের ২টি মোট ৪টি ভবনে ২২৪টি ফ্ল্যাট নির্মাণের জন্য মূল প্রকল্পটি মোট ১০২৬৪.৫৩ লক্ষ টাকা ব্যয়ে আগস্ট,২০১৫ হতে জুন,২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৯/১০/২০১৫ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে ভবনসমূহের প্লিন্থ এরিয়া বৃদ্ধি, পাইলিং এর সংখ্যা বৃদ্ধি, স্লাবের পুরুত্ব পরিবর্তন, বীমের সাইজ পরিবর্তন, রডের পরিমাণ বৃদ্ধি, ৫তলা ভিত বিশিষ্ট ৫তলা মসজিদ নতুনভাবে অন্তর্ভুক্তিসহ আনুষংঙ্গিক কারণে প্রকল্পটি সংশোধন করে ১০৪১১.২৮ লক্ষ টাকা (মূল প্রাক্কলিত ব্যয়ের ১.৪৩%) নির্ধারণপূর্বক আগস্ট,২০১৫ হতে জুন,২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৮/০৬/২০১৮ তারিখে ভৌত অবকাঠামো কর্তৃক অনুমোদিত হয়। ৭/৫/২/২০১৯ তারিখে সচিব, পরিকল্পনা বিভাগ এর সভাপতিত্বে অনুষ্ঠিত ডিপিইসি সভার সিদ্ধান্তের আলোকে কতিপয় অংগের আন্তঃখাত সমন্বয় প্রস্তাব

মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৫/৫/২০১৯তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ আগস্ট,২০১৫ হতে সেপ্টেম্বর,২০১৯ পর্যন্ত (মূল বাস্তবায়নকালের ৩২%) বৃদ্ধি করা হয় যা ৩০/০৭/২০১৯ তারিখে অনুমোদিত হয়েছে।

০৮। **প্রকল্পের উদ্দেশ্য :**

- পরিকল্পনা কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক সমস্যার সমাধান করা ;
- ভূমির কার্যকরি ব্যবহার নিশ্চিত করা;
- সরকারী ভূমিতে অবৈধ প্রবেশ প্রতিরোধ করা;
- সুশাসন প্রতিষ্ঠা করা ।

৯। **প্রকল্পের মূল কার্যক্রম :**

(ক) ১৫তলা ভিত বিশিষ্ট ৬৫০ বর্গফুট আয়তনের ২টি ভবন নির্মাণ;
(খ) ১৫তলা ভিত বিশিষ্ট ৮০০ বর্গফুট আয়তনের ২টি ভবন নির্মাণ;
(গ) ৫ তলা ভিত বিশিষ্ট ১১১০ বর্গমিটার আয়তনের ১টি মসজিদ নির্মাণ;
(ঘ) সীমানা প্রাচীর ও গেট নির্মাণ;
(ঙ) অভ্যন্তরীণ রাস্তা, ওয়াকওয়ে ও ড্রেন এপ্রোন
(চ) জলাধার ও পাম্প হাউজ
(ছ) বহিঃস্থ পানি সরবরাহ
(জ) বহিঃস্থ বিদ্যুতায়ন

১০। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি :

ক্রঃ নঃ	সংশোধিত ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
(রাজস্বখাত)						
১	স্টেশনারি ক্রয়	থোক	৮.০০	থোক	১.৭২ (২১%)	১০০%
২	স্ট্রাকচারাল ড্রয়িং	সংখ্যা	৫.০০	১টি	৪.৫৪ (৯০%)	১টি (১০০%)
৩	টেন্ডার ডকুমেন্ট	সংখ্যা	৪.০০	১টি	২.০২ (৫০%)	১টি (১০০%)
৪	বিজ্ঞাপন	সংখ্যা	৫.০০	১টি	২.১১ (৪২%)	১টি (১০০%)
৫	আর্কিটেকচারাল ড্রয়িং	সংখ্যা	৭.০০	১টি	৫.০০ (৭১.৪২%)	১টি (১০০%)
৬।	সম্মানী টিইসি,পিআইসি, পিএসসি)	থোক	২৪.০০	থোক	১৮.৪১ (৭৬.৭০%	থোক (১০০%)
৭	প্রকল্প পরিচালকের জন্য পরিদর্শন যান ভাতা	থোক	৮.০০	থোক	০০	প্রয়োজন হয়নি
৮	প্রকল্পের উদ্বোধনী	থোক	৬.০০	থোক	০০	প্রয়োজন হয়নি
৯	ভিত্তি স্থাপন	থোক	১০.০০	থোক	০০	প্রয়োজন হয়নি
১০	কম্পিউটার, প্রিন্টার, সফটওয়্যার	থোক	৩.০০	থোক	১.৮৬ (৬২%)	থোক (১০০%)
১১	তিতাস ফিসহ বহি: গ্যাসলাইন	সংখ্যা	৪০.০০	২২৪টি ফ্ল্যাট	০০	২২৪টি ফ্ল্যাট (১০০%)
১২	ডিপিডিসি/ডেসকো চার্জ	সংখ্যা	৩৫.০০	২২৪টি ফ্ল্যাট	১২.৭৬ (৩৬.৪৫%)	২২৪টি ফ্ল্যাট (১০০%)
১৩	কন্টিনজেন্সি চার্জ	থোক	১৬.০০	থোক	৯.২০ (৫৭.৫০%)	থোক (১০০%)
১৪	অবৈধ স্থাপনা উচ্ছেদ	থোক	১৫.০০	থোক	১৩.০৯ (৮৭%)	থোক (১০০ঁ)

ক্রঃ নঃ	সংশোধিত ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
উপমোট : (রাজস্ব)			১৮৬.০০		৭০.৭১ (৩৮%)	থোক (১০০%)
১৫ তলা ভিতের উপর ১৫ তলা ভবনের অভ্যন্তরীণ স্যানিটারি, পানি, সরবরাহ, বিদ্যুৎ ও গ্যাস সংযোগ						
১৫	ভবন নং-১ (৬৫০ বর্গফুট)	বঃমিঃ	১৭৭২.০৭	৫৬৮২.৯০	১৭৫৫.০০ (৯৯%)	৫৬৮২.৯০ (১০০%
১৬	ভবন নং-২ (৬৫০ বর্গফুট)	বঃমিঃ	১৭৭২.০৭	৫৬৮২.৯০	১৭৫৩.৬০ (৯৯%)	৫৬৮২.৯০ (১০০%)
১৭	ভবন নং-১ (৮০০ বর্গফুট)	বঃমিঃ	১৮৯৯.০৫	৫৯৯৬.৪০	১৮৭৪.৩৯ (৯৯%)	৫৯৯৬.৪০ (১০০%)
১৮	ভবন নং-২ (৮০০ বর্গফুট)	বঃমিঃ	১৮৯৯.০৫	৫৯৯৬.৪০	১৮৮৩.৩৪ (৯৯%)	৫৯৯৬.৪০ (১০০%)
১৯	৫ তলা ভিত বিশিষ্ট ৫ তলা মসজিদ	বঃমিঃ	৪৬০.০০	১১১০.০০	৪৫৫.৬২ (৯৯%)	১১১০.০০ (১০০%)
২০	ভূ:গর্ভস্থ অগ্নি নির্বাপণ জলাধার ও পাম্প হাউজ	গ্যালন	৭৫.৩৬	৫০০০০	৬৫.৬৬ (৮৭%)	৫০০০০ (১০০%)
২১	বহিঃস্থ গ্যাস সংযোগ	সংখ্যা	৩০.০০	২২৪টি ফ্ল্যাট	২৪.০৭ (৮০%)	২২৪টি ফ্ল্যাট (১০০%)
২২	বহিঃস্থ পানি সরবরাহ	সংখ্যা	২৪০.২০	২২৪টি ফ্ল্যাট	১৬৩.৮৮ (৬৮%)	২২৪টি ফ্ল্যাট (১০০%)
External Electrification						
২৩	১২৫০ কেভিএ সাবস্টেশনের সাথে HT,LT Switchgear,PFI, HT,LT Cable	সংখ্যা	৬৩.৭৯	৪টি	৬৩.৭৯ (৯৯%)	৪টি (১০০%)
২৪	(ক) ৪টি ভবনের জন্য ডিস্ট্রিবিউশন ক্যাবল (খ) ক্যাবল টিভি, টেলিফোন, ইন্টারকমের জন্য পিভিসি পাইপ (গ) ৪টি ভবনের জন্য বিশেষ আর্থিং এবং আলোক সুরক্ষা ব্যবস্থা	সংখ্যা	৯৮.৩২	৪টি ভবন	৯৭.৮৮ (৯৯.৫৫%)	৪টি ভবন (১০০%)
২৫	৩০০ কেভিএ ইমার্জেন্সি জেনারেটর	সংখ্যা	৭৭.০০	৪টি	৭৫.৬৯ (৯৮%)	৪টি (১০০%)
২৬	লিফট ক্যাবল কন্ট্রোল ও সরঞ্জামাদি	সংখ্যা	৪৫৫.৫৭	৪টি	৪৫৪.১৭ (১০০%)	৪টি (১০০%)
২৭	পানি সরবরাহের জন্য পাম্প মটর (৩০ অশ্বশক্তি ও ৪১ অশ্বশক্তি)	সংখ্যা	৮০.০০		৪টি (৯৩.৫৩%)	৪টি (১০০%)
২৮	৪টি ভবনের জন্য অগ্নিনির্বাপণ যন্ত্র	সংখ্যা	৪০৫.৩২	৪টি ভবন	৪০৫.০০ (১০০%)	৪টিভবন (১০০%)
২৯	কম্পাউন্ড ও সিকিউরিটি প্যানেল লাইটের সাথে ক্যাবল কন্ট্রোল ডিভাইস।	সংখ্য	২০.০০	৪টি ভবন	১৮.০৪ (৯০%)	৪টিভবন (১০০%)
৩০	৪টি ভবনের জন্য ইন্টারকম	সংখ্য	৩৫.০০	৪টি ভবন	৩৪.৪৮(৯৮.৫০%)	৪টি ভবন (১০০%)
৩১	৪টি ভবনের জন্য ৪০ কিলোওয়াট সোলার প্যানেল	সংখ্যা	৩৩.০০	৪টি ভবন	৩৩.০০ (১০০%)	৪টি ভবন (১০০%)
৩২	২য় তলা ভিত ভিত বিশিষ্ট ১ তলা সাবষ্টেশন ভবনের ১ম তলা	বঃমিঃ	৬৩.০০	১৪৩ ব:মি:	৬৩.০০(১০০%)	১৪৩ব:মি: (১০০%)
৩৩	২য় তলা ভিত ভিত বিশিষ্ট ১ তলা সাব-ষ্টেশন ভবনের উর্ধমূখী সম্প্রসারণ	বঃমিঃ	১২.০০	১৪৩ ব:মি:	১১.০৯ (৯২%)	১৪৩ ব:মি: (১০০%)
৩৪	সীমানা প্রাচীর ও নান্দনিক গেইট নির্মাণ।	মিঃ	৫৯.১৩	৩০০মিঃ	৫৮.৯৩ (১০০%)	৩০০মিঃ (১০০%)
৩৫	অভ্যন্তরীণ রাস্তা, ওয়াকওয়ে ও ড্রেন নির্মাণ	বঃমিঃ	৪০.০০	৬৩২.০০	৪০.৩৬ (১০০%)	৬৩২.০০ (১০০%)

ক্রঃ নঃ	সংশোধিত ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
৩৬	ভূমি উন্নয়ন	ঘঃমিঃ	৯.৪৫	১০০৭.০০	৯.৩১ (৯৮.৫১%)	১০০৭.০০ (১০০%)
৩৭	অভ্যর্থনা ও গার্ডরুম	বঃমিঃ	২০.৩০	২৮.০০	১৭.৯৮(৮৮.৫৭%)	২৮.০০ (১০০%)
৩৮	কিচেন কেবিনেট, ওয়াল কেবিনেট ও কমন এরিয়ার ডেকোরেটিভ।	ভবন	৪০০.০০	৪টি ভবন	৩৫৪.৭৪ (৮৮.৬৮%	৪টিভবন (১০০%)
৩৯	নিরাপত্তা ব্যবস্থা, প্যালাসাইডিং, ব্রেসিং, শোর প্রোটেকশন	ভবন	২০০.০০	৪টি ভবন	১৮৬.৫৭ (৯৩%)	৪টি ভবন (১০০%)
৪০	ল্যানন্ড স্কেপিং	থোক	৫.০০	থোক	৪.৭৫ (৯৫%)	থোক (১০০%)
মূলধন খাত :			১০২২৫.২৮		৯৯৭৭.৮৭ (৯৯%)	
সর্বমোট (রাজস্ব + মূলধন)			১০৪১১.২৮		১০০৪৮.৫৮ (৯৬.৫১%)	১০০%

প্রাপ্ত পিসিআর অনুযায়ী

১১। **বছর ভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় :**

অর্থবছর	সংশোধিত এডিপি বরাদ্দ			টাকা অবমুক্তি	ব্যয়			বাস্তব অগ্রগতি
	মোট	জিওবি	প্রকল্প সাঃ		মোট	জিওবি	প্রকল্প সাঃ	
২০১৫-২০১৬	৬৬৭.০০	৬৬৭.০০	--	৪১৪.৩৯	৪১৪.৩৯	৪১৪.৩৯	--	৪.৭১%
২০১৬-২০১৭	১৯০৫.০০	১৯০৫.০০	--	২০৪৯.৫০	২০৪৯.৫০	২০৪৯.৫০	--	২৩.৩১%
২০১৭-২০১৮	৪২০৭.০০	৪২০৭.০০	--	৩৯২৭.৭১	৩৯২৭.৭১	৩৯২৭.৭১	--	৩৮.৯৬%
২০১৮-২০১৯	৪০১৭.০০	৪০১৭.০০	--	৩৬৫৬.৯৮	৩৬৫৬.৯৮	৩৬৫৬.৯৮	--	৩৩.০২%
মোট:	১০৭৯৬.০০	১০৭৯৬.০০	--	১০০৪৮.৫৮	১০০৪৮.৫৮	১০০৪৮.৫৮	--	১০০%

প্রাপ্ত পিসিআর অনুযায়ী

১২। **<u>প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি:</u>**

সংশোধিত অনুমোদিত ১০৪১১.২৮ লক্ষ টাকা ব্যয়ে আগস্ট,২০১৫ হতে সেপ্টেম্বর,২০১৯ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির অনুকূলে মোট বরাদ্দের পরিমাণ ১০৭৯৬.০০ লক্ষ টাকা এবং অর্থ অবমুক্তির পরিমাণ ১০০৪৮.৫৮ লক্ষ টাকা। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১০০৪৮.৫৮ লক্ষ টাকা যা সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৬.৫১% এবং বাস্তব অগ্রগতি ১০০%। অব্যয়িত অর্থ ছাড় হয়নি, একারণে সরকারি কোষাগারে জমা করার প্রয়োজন হয়নি মর্মে পরিদর্শনকালে জানা যায়।

১৩। **প্রকল্প মূল্যায়ন পদ্ধতি (Methodology) :** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যে প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা হয়:

(ক) প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনে প্রাপ্ত তথ্য ;
(খ) প্রকল্পের অনুমোদিত আরডিপিপি ও পিসিআর পর্যালোচন;
(গ) প্রকল্পের নথি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং
(ঘ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৪। **প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রমঃ** প্রাপ্ত পিসিআর ও নথি পর্যালোচনায় দেখা যায়, প্রশাসনিক মন্ত্রণালয় পরিকল্পনা বিভাগের সচিব কর্তৃক ০৩/১২/২০১৭ তারিখে প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করেছেন। প্রকল্প চলাকালিন সময়ে প্রকল্প পরিচালক বা মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক প্রকল্প এলাকা পরিদর্শন সম্পর্কে তথ্য জানা যায়নি। আইএমইডি'র তৎকালীন পরিচালক জনাব মোঃ শামীমুল হক ১৮/০১/২০১৭ তারিখে, জনাব নাসরিন সুলতানা, উপ-পরিচলক ০৯/১১/২০১৭ তারিখে এবং পরিচালক জনাব মোঃ মোশারফ হোসেন গত ২১/০৭/২০১৯ তারিখে পরিদর্শন করেছেন।

১৫। **প্রকল্প পরিচালক সম্পর্কি তথ্য :**

প্রকল্প পরিচালকের নাম ও পদবী		পূর্ণকালীন	দায়িত্বের ধরণ	যোগদানের তারিখ	বদলির তারিখ
১	জনাব শফিকুজ্জামান, যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ।	না	আতিরিক্ত দায়িত্ব	জুন,২০১৫	নভেম্বর,২০১৫
২	জনাব এস.এম.ফয়সল আলম, উপসচিব (পিটি), পরিকল্পনা বিভাগ	না	আতিরিক্ত দায়িত্ব	ডিসেম্বর,১৫	মার্চ,২০১৬
৩	জনাব ফৌজিয়া জাফরিন, যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ	না	আতিরিক্ত দায়িত্ব	এপ্রিল,২০১৬	ডিসেম্বর,২০১৬
৪	জনাব খলিলুর রহমান খান, উপসচিব (প্রশাসন-১), পরিকল্পনা বিভাগ	না	আতিরিক্ত দায়িত্ব	জানুয়ারি,২০১৭	সেপ্টেম্বর,২০১৮
৫	ড. আসমা আক্তার জাহান, যুগ্মসচিব (প্রশাসন-৪), পরিকল্পনা বিভাগ	না	আতিরিক্ত দায়িত্ব	অক্টোবর,২০১৮	মার্চ,২০১৯
৬	জনাব এ বি এম মাহবুব আলম, উপপ্রধান, পরিকল্পনা বিভাগ।	না	আতিরিক্ত দায়িত্ব	এপ্রিল, ২০১৯	জুন,২০১৯

১৬। **প্রকল্পের জনবল নিয়োগঃ** প্রকল্পের কাজ পরিচালনার জন্য পরিকল্পনা বিভাগ হতে একজন প্রকল্প পরিচালক, একজন কম্পিউটার অপারেটর ও একজন অফিস সহায়ক প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব হিসেবে কাজ করেছেন। এ কারণে প্রকল্পে কোন জনবল নিয়োগের প্রয়োজন হয়নি।

১৭। **প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জনঃ**

ডিপিপি অনুযায়ী পরিকল্পিত উদ্দেশ্য		অর্জন	
(ক)	পরিকল্পনা কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক সমস্যার সমাধান করা।	(ক)	প্রকল্পের মাধ্যমে ২২৪টি ফ্ল্যাট নির্মাণের ফলে পরিকল্পনা কমিশনের ২য় ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সমস্যার সমাধান হয়েছে। ২২৪ জন সরকারি কর্মকর্তা/কর্মচারির আবাসিক চাহিদা পূরণ হওয়ায় সরকারের বাড়িভাড়া খাতে ব্যয় হ্রাস পাওয়াসহ রাজস্ব আদায় বৃদ্ধি পাবে। আবাসিক এলাকাটি যথেষ্ট খোলামেলা এবং মনোরম পরিবেশ হয়েছে। ভবনগুলোর ডিজাইন এবং ফ্ল্যাটগুলোর অভ্যন্তরীণ ডিজাইন খুবই সুন্দর। ঢাকা মহানগরীর সরকারি কর্মকর্তা –কর্মচারিদের নবনির্মিত ভবনে উন্নত ও

ডিপিপি অনুযায়ী পরিকল্পিত উদ্দেশ্য		অর্জন	
			স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করা হয়েছে। তাছাড়া আবাসন ক্যাম্পাসে একটি ৫তলা বিশিষ্ট মসজিদ নির্মাণের ফলে মুসল্লিগণ স্বাচ্ছন্দে নামাজ আদায় করতে পারছেন। প্রকল্পের মাধ্যমে উন্নত অবকাঠামোগত সুযোগ সুবিধা সৃষ্টির ফলে তাঁদের জীবনমান উন্নত হয়েছে।
(খ)	ভূমির কার্যকরি ব্যবহার নিশ্চিত করা;	(খ)	সরকারী অব্যবহৃত জমি ব্যবহারের মাধ্যমে ঢাকা মহানগরীর সরকারি কর্মকর্তা / কর্মচারিদের উন্নত ও স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করা হয়েছে। এতে সরকারের রাজস্ব আদায়ে ভূমিকা রাখবে।
(গ)	সরকারী ভূমিতে অবৈধ প্রবেশ প্রতিরোধ করা;	(গ)	প্রকল্পটি বাস্তবায়নের ফলে সরকারী জমি অবৈধ দখলমুক্ত হয়েছে। তাছাড়া উন্নত ও স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করার মাধ্যমে সরকারি চাকুরিজীবীদের কাছ থেকে আরো উন্নত সেবা প্রাপ্তিসহ সরকারি জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত হয়েছে।

১৮। **<u>প্রকল্প পরিদর্শন :</u>** প্রকল্পটির কার্যক্রম আইএমইডি'র সহকারী পরিচালক কর্তৃক ২৯/০৬/২০২১ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিকল্পনা বিভাগ বাস্তবায়নকারী সংস্থা হলেও প্রকল্পটির নির্মাণ কাজের ড্রইং ডিজাইন ও নির্মাণ কাজ ডিপোজিট ওয়ার্ক হিসেবে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়ন করা হয়েছে। পরিদর্শনকালে গণপূর্ত বিভাগ -৬ এর উপ-বিভাগীয় প্রকৌশলী, উপসহকারী প্রকৌশলী (সিভিল), উপসহকারী প্রকৌশলী (ই/এম), গণপূর্ত বিভাগ উপস্থিত ছিলেন। প্রকল্পের আওতায় ১৫তলা ভিত বিশিষ্ট ৬৫০ বর্গফুট আয়তনের ২টি ভবনে ১১২টি এবং ৮০০ বর্গফুট আয়তনের ২টি ভবনে ১১২টি মোট ৪টি ভবনে ২২৪টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। তাছাড়া প্রকল্পের আওতায় ৫তলা ভিতের উপর ৫তলা মসজিদ নির্মাণ করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

১৯। **প্রকল্পের <u>প্রধান প্রধান ভৌত কাজ সংক্রান্ত:</u>** প্রকল্পের আওতায় ১৫ তলা ভিতের উপর মোট ৪টি ভবনে ২২৪টি ফ্লাট নির্মিত হয়েছে এবং ৫তলা ভিতের উপর ১টি মসজিদ নির্মাণসহ অন্যান্য সমূদয় নির্মাণ কাজ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়ন করা হয়েছে। নির্মাণ কার্যক্রমসমূহের মধ্যে ভবন নির্মাণ, ৫০০০০ গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন ভূ:গর্ভস্থ অগ্নি নির্বাপন জলাধার ও পাম্প হাউজ, গ্যাস সংযোগ, পানি সরবরাহ, ১২৫০ কেভিএ সাবস্টেশন, ডিস্ট্রিবিউশন ক্যাবল, টিভি, টেলিফোন, ইন্টারকমের জন্য পিভিসি পাইপ, ৪টি ভবনের জন্য বিশেষ আর্থিং এবং আলোক সুরক্ষা ব্যবস্থা, ৩০০ কেভিএ ইমার্জেন্সি জেনারেটর, ক্যাবল কন্ট্রোল ও সরঞ্জামাদি, ৮টি লিফট (প্যাসেঞ্জার লিফট ৪টি ও প্যাসেঞ্জার কাম স্ট্র্যাচার লিফট ৪টি), পানি সরবরাহের জন্য পাম্প মটর, অগ্নি নির্বাপন যন্ত্র, কম্পাউন্ড ও সিকিউরিটি প্যানেল, ইন্টারকম ব্যবস্থা, সোলার প্যানেল, সাবস্টেশন ভবন, সীমানা প্রাচীর ও ১টি দৃষ্টিনন্দন গেইট, অভ্যন্তরীণ রাস্তা, ওয়াকওয়ে, কিচেন কেবিনেট, অভ্যর্থনা ও গার্ডরুমসহ আনুষঙ্গিক ভৌত কাজ রয়েছে। ভবনগুলো সুপারস্ট্রাকচার মান অনুসরণ করে Precast Pile Foundation পদ্ধতিতে নির্মাণ করা হয়েছে।

২০। প্রকল্পের ক্রয় কার্যক্রম

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	কাজের নাম	আর ডিপিপি অনুয়ায়ী প্রাক্কলিত ব্যয়	চুক্তি মূল্য	টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ	চুক্তি অনুমোদন কারী কর্তৃপক্ষ	কার্যাদেশের তারিখ	চুক্তি অনুযায়ী সমাপ্তির তারিখ	প্রকৃত কাজ সমাপ্তির তারিখ	মেয়াদ বৃদ্ধি (দিন)	ভেরিয়েশনসহ চুক্তি মূল্য	প্রকৃত ব্যয়	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
WD-1	৬৫০ বঃফুঃ (ভবন নং-১)	১৭৭২.০৭	১৩৮২.৪৯	২৫/১১/২০১৫	প্রধান প্রকৌশলী গণপূর্ত বিভাগ	১০/৫/২০১৬	৯/৫/২০১৮	৩০/৫/২০১৯	৩৮৭	১৭৯০.৭৮	১৭৫৫.০০	চুক্তির সাথে কাজ হ্রাস পাওয়ায় ব্যয় কম হয়েছে
WD-2	৬৫০ বঃফুঃ (ভবন নং-২)	১৭৭২.০৭	১৩৫২.৯৮	২৫/১১/২০১৫	প্রধান প্রকৌশলী গণপূর্ত বিভাগ	১০/৫/২০১৬	১০/৫/২০১৮	৩০/৫/২০১৯	৩৮৭	১৮০৪.৫৪	১৭৫৩.৬০	চুক্তির সাথে কাজ হ্রাস পাওয়ায় ব্যয় কম হয়েছে
WD-3	৮০০ বঃফুঃ (ভবন নং-১)	১৮৯৯.০৫	১৪৪৪.৯৭	২৫/১১/২০১৫	অপ্রধান প্রকৌশলী গণপূর্ত বিভাগ	১০/৫/২০১৬	১০/৫/২০১৮	৩০/৫/২০১৯	৩৮৭	২১১৭.০৬	১৮৭৪.৩৯	চুক্তির সাথে কাজ হ্রাস পাওয়ায় ব্যয় কম হয়েছে
WD-4	৮০০ বঃফুঃ (ভবন নং-২)	১৮৯৯.০৫	১৪৪১.৯৮	২৫/১১/২০১৫	প্রধান প্রকৌশলী গণপূর্ত বিভাগ	১০/৫/২০১৬	১০/৫/২০১৮	৩০/৬/২০১৯	৪১৭	২১৩৩.১১	১৮৭৩.৩৪	চুক্তির সাথে কাজ হ্রাস পাওয়ায় ব্যয় কম হয়েছে
WD-20	৫তলা ভিত বিশিস্ট ৫তলা মসজিদ	৪৬০.০০	৩৮১.৭৭	২/১২/২০১৮	প্রধান প্রকৌশলী, গণপূর্ত বিভাগ	২/১২/২০১৮	১৩/৫/২০১৯	৩০/৬/২০১৯	৪৮	--	৩৮১.৭৭	--

প্যাকেজ নং	কাজের নাম	আর ডিপিপি অনুয়ায়ী প্রাক্কলিত ব্যয়	চুক্তি মূল্য	টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ	চুক্তি অনুমোদন কারী কর্তৃপক্ষ	কার্যাদেশের তারিখ	চুক্তি অনুযায়ী সমাপ্তির তারিখ	প্রকৃত কাজ সমাপ্তির তারিখ	মেয়াদ বৃদ্ধি (দিন)	ভেরিয়েশনসহ চুক্তি মূল্য	প্রকৃত ব্যয়	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
অভ্যন্তরীণ বিদ্যুতায়ন												
WD-7	১২৫০ কেভিএ সাবস্টেশনের সাথে HT,LTS witchgear, H/T Cable	৬৩.৭৯	৫৩,৭৯,৪০০	৫/২/২০১৮	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ই/এম	১৭/৫/২০১৮	১৬/৮/২০১৮	১৬/৮/২০১৮	--	৫৭.২৯	৫৭.২৯	--
WD-8	৪টি ভবনের জন্য LT ডিস্ট্রিবিউশন ক্যাবল, ক্যাবল টিভি, টেলিফোন,ইন্টারকমের জন্য পিভিসি পাইপ, বিশেষ আর্থিং ব্যবস্থা	৯৮.৩২	৮৮,৩২,৪০৬	২৫/৩/২০১৮	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ই/এম	২১/৫/২০১৮	৪/৮/২০১৮	৪/৮/২০১৮	--	৯৭.৮৭	৯৭.৮৭	--
WD-9	৩০০কেভিএ ইমার্জেন্সি জেনারেটরের সাথে ইমার্জেন্সি প্যানেল ক্যাবল কন্ট্রোল	৭৭.০০	৫৩.৩২,০০০	২৮/১/২০১৮	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ই/এম	২২/৫/২০১৮	৫/১০/২০১৮	৫/১০/২০১৮	--	--	৫৩.৩২	--
WD-10	৪টি ভবনের জন্য অগ্নি নির্বাপণ	৪০৫.৩২	৪,৪৪,৩৭,২৯৫	১/৪/২০১৮	অতিরিক্ত প্রধান প্রকৌশলী	১৯/৬/২০১৮	১৮/৮/২০১৮	১৮/৮/২০১৮	--	--	৪০৫.০০	--

প্যাকেজ নং	কাজের নাম	আর ডিপিপি অনুয়ায়ী প্রাক্কলিত ব্যয়	চুক্তি মূল্য	টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ	চুক্তি অনুমোদন কারী কর্তৃপক্ষ	কার্যাদেশের তারিখ	চুক্তি অনুযায়ী সমাপ্তির তারিখ	প্রকৃত কাজ সমাপ্তির তারিখ	মেয়াদ বৃদ্ধি (দিন)	ভেরিয়েশনসহ চুক্তি মূল্য	প্রকৃত ব্যয়	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
	ব্যবস্থা				, ই/এম							
WD-11	কম্পাউন্ড এবং সিকিউরিটি ফেনেল লাইটের সাথে ক্যাবল কন্ট্রোল ডিভাইস	২০.০০	১৮,০৪,০৭৪	৩০/১/২০১৯	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ই/এম	৩০/২/২০১৯	৩০/২/২০১৯	৩০/২/২০১৯	--	--	১৮.০৩	--
WD-12	৪টি ভবনের জন্য ইন্টারকম ব্যবস্থা	৩৫.০০	২৯,৪৮,৩৩০	১১/৩/২০১৮	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ই/এম	১৭/৫/২০১৮	১১/৭/২০১৮	১১/৭/২০১৮	--	--	২৯.৪৮	--
WD-13	৪টি ভবনের জন্য ৪০ কিলোওয়াট সোলার বিদ্যুৎ ব্যবস্থা	৩৩.০০	৩৩,০৪,০০০	২৪/১২/২০১৭	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ই/এম	৯/৪/২০১৮	৮/৯/২০১৮	৫/৯/২০১৯	--	--	৩৩.০০	--
WD-22	৬৫০ বর্গফুট ভবন-১ (অবশিস্ট অভন্তরীণ বৈদ্যুতিক ফিটিং ফিকচারের কাজ	৩০.০০	২২,৮৯,৮০৯	২১/৫/২০১৮	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ই/এম	১৯/৬/২০১৮	১৮/৭/২০১৮	*১১/৭/২০১৮*	--	২৬.০৪	২৬.০৪	--
	৬৫০ বর্গফুট ভবন-২ (অবশিস্ট অভন্তরীণ	৩০.০০	২২,১৮,০০০	৩/৫/২০১৮	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ই/এম	৩/৬/২০১৮	১৭/৭/২০১৮	১৫/৯/২০১৮	৬০	২৫.২৭	২৫.২৭	--

প্যাকেজ নং	কাজের নাম	আর ডিপিপি অনুয়ায়ী প্রাক্কলিত ব্যয়	চুক্তি মূল্য	টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ	চুক্তি অনুমোদন কারী কর্তৃপক্ষ	কার্যাদেশের তারিখ	চুক্তি অনুযায়ী সমাপ্তির তারিখ	প্রকৃত কাজ সমাপ্তির তারিখ	মেয়াদ বৃদ্ধি (দিন)	ভেরিয়েশনসহ চুক্তি মূল্য	প্রকৃত ব্যয়	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
	বৈদ্যুতিক ফিটিং ফিকচারের কাজ											
	৮০০ বর্গফুট ভবন--১ (অবশিস্ট অভন্তরীণ বৈদ্যুতিক ফিটিং ফিকচারের কাজ	৪৫.০০	৩৭,২২,৫৫৯	৩/৫/২০১৮	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ই/এম	২১/৫/২০১৮	২৭/৬/২০১৮	২০/৬/২০১৮	--	৪১.০৪	৪১.০৪	--
	৮০০ বর্গফুট ভবন--২ (অবশিস্ট অভন্তরীণ বৈদ্যুতিক ফিটিং ফিকচারের কাজ	৪৭.০০	৪৫,৫৭,৮৫৮	৩/৬/২০১৯	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ই/এম	২৬/৬/২০১৮	১০/৭/২০১৯	১৯/৯/২০১৯	৬০	৪৫.২৬	৪৫.২৬	--
GD-1	লিফট,-ক্যাবল, কন্ট্রোল ও অন্যান্য সরঞ্জামাদি (প্যাসেঞ্জার লিফট -৪ সেট ও প্যাসেঞ্জার কাম স্ট্রেচার লিফট ৪ সেট)	৪৫৫.৫৭	৪,১৫,৫৭,০০০	৪/৩/২০১৮	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ই/এম	১৫/৪/২০১৮	৪/৭/২০১৮	১৪/৭/২০১৮	--	৪৩৬.১৭	৪৩৬.১৭	--

প্যাকেজ নং	কাজের নাম	আর ডিপিপি অনুয়ায়ী প্রাক্কলিত ব্যয়	চুক্তি মূল্য	টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ	চুক্তি অনুমোদন কারী কর্তৃপক্ষ	কার্যাদেশের তারিখ	চুক্তি অনুযায়ী সমাপ্তির তারিখ	প্রকৃত কাজ সমাপ্তির তারিখ	মেয়াদ বৃদ্ধি (দিন)	ভেরিয়েশনসহ চুক্তি মূল্য	প্রকৃত ব্যয়	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
GD-2	পানি সরবরাহের জন্য পাম্প মটর (৩০ অশ্বশক্তি ও ৪১ অশ্বশক্তি সম্পন্ন	৮০.০০	৩৩,৯৮,৩৮২	২৯/৫/২০১৯	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ই/এম	২৫/৬/২০১৯	১৫/৭/২০১৯	--	--	--	৩৩.৮৩	

২১। <u>অংগওয়ারী ব্যয় বিশ্লেষণ :</u>

২১.১। ৬৫০ বর্গফুট ভবন নং-১: ৬৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট ভবন নির্মাণের জন্য অনুমোদিত মূল ডিপিপিতে ১৬৩১.-৬৮ লক্ষ টাকা সংস্থান ছিল । ইন্টারন্যাল স্যানিটারি, পানি সরবরাহ . গ্যাস সংযোগ, অভ্যন্তরীন বিদ্যুৎ সংযোগ এবং ড্রেনসহ ভবন নির্মাণ কাজের জন্য ১৩,৮২,৪৯,৫০৯ লক্ষ টাকা চুক্তিমূল্যে ১০/০৫/২০১৬ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে সংশোধিত আরএডিপিতে এখাতে ১৭৭২.০৭ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ প্রেক্ষিতে দরপত্রভুক্ত কাজের পরিমাণ হ্রাস/বৃদ্ধির কারণে ৮০,১৭,১৮৮/- এবং দরপত্র বহির্ভূত আইটেম অন্তর্ভুক্তির কারণে ৩,২৮,১১,৭৪৬/-মোট=৪,০৮,২৮,৯৩৫ টাকার ভেরিয়েশেন অর্ডারসহ নির্মাণ কাজের বিপরীতে মোট চুক্তি মূল্য দাঁড়ায় (১৩,৮২,৪৯,৫০৯+৪,০৮,২৮,৯৩৫)= ১৭,৯০,৭৮,৪৪৪ (সতের কোটি নব্বই লক্ষ আটাত্তর হাজার চারশত চুয়াল্লিশ) টাকা। ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তির সাথে কাজের পরিমাণ হ্রাস পাওয়ায় এবং ব্যয় কম হওয়ার কারণে ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ১৭৫৫.০০ লক্ষ টাকা। ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে কাজ সমাপ্তির চুক্তির মেয়াদ ৩৮৭ দিনের বেশী বৃদ্ধি পেয়েছে।

২১.২। ৬৫০ বর্গফুট ভবন নং-: ২ ৬৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট ভবন নির্মাণের জন্য অনুমোদিত মূল ডিপিপিতে ১৬৩১.৬৮ লক্ষ টাকা সংস্থান ছিল । উক্ত অর্থে ইন্টারন্যাল স্যানিটারি, পানি সরবরাহ,গ্যাস সংযোগ, অভ্যন্তরীণ বিদ্যুৎ সংযোগ এবং ড্রেনসহ ভবন নির্মাণ কাজের জন্য ১৩,৫২,৯৮,৭৪১.০০ লক্ষ টাকা চুক্তিমূল্যে ১০/০৫/২০১৬ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে সংশোধিত আরএডিপিতে এখাতে ১৭৭২.০৭ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ প্রেক্ষিতে দরপত্রভুক্ত কাজের পরিমাণ হ্রাস/বৃদ্ধির কারণে ১,২৭,৫৬,১৯৫/-এবং দরপত্র বহির্ভূত আইটেম অন্তর্ভুক্তির কারণে ৩,২৪,০৪,৮১৭/-মোট=৪,৫১,৬১,০১৩ লক্ষ টাকার ভেরিয়েশেন অর্ডারসহ নির্মাণ কাজের বিপরীতে মোট চুক্তিমূল্য দাঁড়ায় (১৩,৫২,৯৮,৭৪১+ ৪,৫১,৬১,০১৩)= ১৮,০৪,৫৯,৭৫৪ (আঠার কোটি চার লক্ষ উনষাট হাজার সাতশত চুয়ান্ন) টাকা ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তির সাথে কাজের পরিমাণ হ্রাস পাওয়ায় এবং ব্যয় কম হওয়ার কারণে ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ১৭৫৩.৬০ লক্ষ টাকা। এ ক্ষেত্রে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে কাজ সমাপ্তির চুক্তির মেয়াদ ৩৮৭ দিনের বেশী বৃদ্ধি পেয়েছে।

২১.৩। ৮০০ বর্গফুট ভবন নং-১ : ৮০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ভবন নির্মাণের জন্য মূল অনুমোদিত ডিপিপি'র সংস্থান ছিল ১৭১৯.৫০ লক্ষ টাকা। ইন্টারন্যাল স্যানিটারি, পানি সরবরাহ, গ্যাস সংযোগ, অভ্যন্তরীন বিদ্যুৎ সংযোগ এবং

ড্রেন নির্মাণসহ ভবন নির্মাণ কাজের জন্য ১৪,৪৪,৯৭,৭২৪ লক্ষ টাকা চুক্তিমূল্যে ১০/০৫/২০১৬ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে সংশোধিত ডিপিপিতে ১৮৯৯.০৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ প্রেক্ষিতে দরপত্রভুক্ত কাজের পরিমাণ হ্রাস/বৃদ্ধির কারণে ২,৪৫,৩৮,৬৭৯ এবং দরপত্র বহির্ভূত আইটেম অন্তর্ভুক্তির কারণে ৪,২৬,৬৯,৭৩০/- মোট=৬,৭২,০৮,৪০৯ লক্ষ টাকার ভেরিয়েশেন অর্ডারসহ নির্মাণ কাজের বিপরীতে মোট চুক্তিমূল্য দাঁড়ায় (১৪,৪৪,৯৭,৭২৪+৬,৭২,০৮,৪০৯)= ২১,১৭,০৬,১৩৩ (একুশ কোটি সতের লক্ষ ছয় হাজার একশত তেত্রিশ) টাকা। ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তির সাথে কাজের পরিমাণ হ্রাস পাওয়ায় এবং ব্যয় কম হওয়ার কারণে ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ১৮৭৪.৩৯ লক্ষ টাকা। এ ক্ষেত্রে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে কাজ সমাপ্তির চুক্তির মেয়াদ ৩৮৭ দিনের বেশী বৃদ্ধি পেয়েছে।

২১.৪। **৮০০ বর্গফুট ভবন নং -২ :** ৮০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ভবন নির্মাণের জন্য মূল অনুমোদিত ডিপিপি'র সংস্থান ছিল ১৭১৯.৫০ লক্ষ টাকা । ইন্টারন্যাল স্যানিটারি, পানি সরবরাহ, জ্বাস সংযোগ, অভ্যন্তরীণ বিদ্যুৎ এবং ড্রেন নির্মাণসহ ভবন নির্মাণ কাজের জন্য ১৪,৪১,৯৮,৯৫৯ লক্ষ টাকা চুক্তিমূল্যে ১০/০৫/২০১৬ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে সংশোধিত ডিপিপিতে ১৮৯৯.০৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ প্রেক্ষিতে দরপত্রভুক্ত কাজের পরিমাণ হ্রাস/বৃদ্ধির কারণে ২,৫৪,৫২,১৫৮/-এবং দরপত্র বহির্ভূত আইটেম অন্তর্ভুক্তির কারণে ৪,৩৪,৯৮,৫২৭/- মোট=৬,৯১,১২,২৭৬ টাকার ভেরিয়েশেন অর্ডারসহ নির্মাণ কাজের বিপরীতে মোট চুক্তিমূল্য দাঁড়ায় (১৪,৪১,৯৮,৯৫৯ + ৬,৯১,১২,২৭৬)= ২১,৩৩,১১,২৩৫ (একুশ কোটি তেত্রিশ লক্ষ এগার হাজার দুইশত পয়ত্রিশ) টাকা । ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তির সাথে কাজের পরিমাণ হ্রাস পাওয়ায় এবং ব্যয় কম হওয়ার কারণে ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ১৮৮৩.৩৪ লক্ষ টাকা। এ ক্ষেত্রে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে কাজ সমাপ্তির চুক্তির মেয়াদ ৪১৭ দিনের বেশী বৃদ্ধি পেয়েছে।

নির্মিত ভবনসমূহ

২১.৫। **মসজিদ নির্মাণ:** ৫ তলা ভিতের উপর ৫ তলা বিশিষ্ট ১১১০ বর্গমিটার আয়তনের ১টি মসজিদ নির্মাণের জন্য সংশোধিত অনুমোদিত ডিপিপিতে ৪৬০.০০ লক্ষ টাকার সংস্থানের বিপরীতে প্রাক্কলিত দর ৪,২৪,১৯,৮০৪ লক্ষ টাকা। মসজিদ নির্মানের জন্য ৩,৮১,৭৭,৮২৩/- টাকা চুক্তিমূল্যে ০২/১২/২০১৮ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। মসজিদ ভবনের নিচতলায় ইউটিলিটি সেবা যেমন- এটিএম বুথ, লন্ড্রি, বার্বার শপসহ ৯টি দোকান নির্মাণ করা হয়েছে। মসজিদ ব্যবস্থাপনা কমিটি গঠিত না হওয়ায় এসকল দোকানগুলো অব্যবহৃত অবস্থায় রয়েছে। বাহ্যিক দৃষ্টিতে কাজের মান সন্তোষজনক প্রতীয়মান হয়েছে। প্রতিটি ফ্লোরে ১৪০ জন করে মোট ৫৬০ জন মুসল্লী জামায়াতে নামাজ আদায় করতে পারবেন। মসজিদটির পরিচালনা কমিটি গঠিত না হওয়ায় নির্মিত দোকানগুলো কমিটির নিকট বুঝিয়ে দেয়া সম্ভব হয়নি। মসজিদ নির্মাণের ক্ষেত্রে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে কাজ সমাপ্তির চুক্তির মেয়াদ ৪৮ দিনের বেশী বৃদ্ধি পেয়েছে। মেয়াদ বৃদ্ধির বিষয়ে নির্মাণের স্থানে অবৈধ স্থাপনা ও রাবিস বিদ্যমান থাকায় কাজ যথাসময়ে শুরু না করার বিষয়টি বেশী যৌক্তিক কারণ হিসেবে বিবেচনা করার অবকাশ আছে বলে প্রতীয়মান হয়না।

নির্মিত মসজিদ

২২। **<u>প্রকল্পের নির্মাণ কাজের গুণগত মানঃ</u>** প্রকল্পের আওতায় নির্মিত ভবনসমূহ সরেজমিনে পরিদর্শনকালে নির্মাণ সামগ্রির গুণগতমান যাচাই এর জন্য নির্মাণ সামগ্রির বিভিন্ন টেস্ট রিপোর্ট উপস্থাপন করা হয়। উপস্থিত উপবিভাগীয় প্রকৌশলী (সিভিল) গণপূর্ত বিভাগ-৬, জানান নির্মাণ সামগ্রি বুয়েটের ল্যাবরেটরিতে টেস্ট করে নির্মাণ কাজে ব্যবহার করা হয়েছে এবং ইলেট্রোমেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ফিটিংস, ম্যানুফ্যাকচারাল গাইডলাইন অনুযায়ী ব্যবহার করা হয়েছে। টেস্ট রিপোর্ট হতে দেখা যায়, নির্মাণ কাজের ব্যবহৃত বিভিন্ন পণ্য (ইট, বালি, সিমেন্ট,রড, কংক্রিট) ব্যবহার করার পূর্বে টেস্ট করা হয়েছে।

২৩। **<u>কাজ অসমাপ্ত থাকলে উহার কারণঃ</u>** প্রাপ্ত পিসিআর ও পরিদর্শনকালীন সময়ে অগ্রগতির তথ্যানুযায়ী দেখা যায় যে, প্রকল্পের আওতায় অনুমোদিত অংগসমূহের বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই।

২৪। **<u>সুবিধাভোগীদের মতামত:</u>** পরিদর্শনের সময় ভবনে বসবাসকারি ১০- ১৫ জনের সাথে মতবিনিময় হয় । তাঁদের সাথে মতবিনিময়ের সময় ভবনের বেশ কিছু সমস্যা পাওয়া যায় এবং কয়েকটি ফ্ল্যাট পরিদর্শন করে তার সত্যতা পাওয়া যায় যেমন,ভবনের ইলেকট্রিক লাইন (ডাক) এর পার্শ্ব দিয়ে পানি পড়তে দেখা যায়। ভবনের কয়েকটি ফ্ল্যাটের রান্না ঘরের পাইপ লিক করে ফলস ছাদে ময়লা পানি পড়ছে এবং পরিদর্শনকালে বিষয়টির সত্যতা মিলেছে। প্রতিটি ফ্ল্যাটে কক্ষের জানালায় স্থাপনকৃত থাই গ্লাসের দুটি অংশের একটি অংশ সম্পূর্ণ লক অবস্থায় রয়েছে। বিল্ডিং (জুঁই) এর টপ ফ্লোরের একটি ফ্ল্যাটের ছাদ লিক করে পানি পড়ে মর্মে উক্ত ফ্ল্যাটে বসবাসকারী জানান। স্থাপনকৃত লিফট সময় সময় বন্ধ/হ্যাং হয়ে যায়। এ বিষয়ে উপস্থিত লিফটম্যন জানান,লিফট এর মাদারবোর্ডে ত্রুটির কারণে এ ধরনের সমস্যা দেখা দেয়। কিছু কিছু ফ্ল্যাটের ওয়াল ড্যাম অবস্থায় দেখা গেছে।

রান্নাঘরে পাইপ লিক করে পানি পড়ছে



বাথরুমের ফলস ছাদ ড্যাম

ছাদ লিক করে পানি পড়ে



বাথরুমের সামনের ওয়াল ড্যম



জানালার থাই গ্লাস ফিক্সড হয়ে আছে।

লিফট

২৫। অডিট সংক্রান্ত তথ্য : প্রকল্পের পিসিআর পর্যালোচনায় দেখা যায়, ৩টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে এবং অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। প্রকল্প দপ্তরের অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি নিম্নরুপ :

অর্থবছর এবং অডিট আপত্তির শিরোনাম	আপত্তির বিবরণ	নির্বাহী প্রকৌশলীর জবাব	অডিট নিষ্পত্তির পর্যায়
২০১৮-২০১৯ প্রকল্প সমাপ্তির পর জিওবি তহবিলর অব্যয়িত ১,৮৩,৬৫,২৯৯.০০ (এক কোটি তিরাশি লক্ষ পয়ষট্রি হাজার দুইশত নিরানব্বই) টাকা সরকারি কোষাগারে সমর্পন/ জমা প্রদান করা হয়নি।	২০১৮-২০১৯ অর্থবছরে “মঞ্জুরি ও বরাদ্দ ভিত্তিক হিসাবের নির্দিস্টকরণ নিরীক্ষার আওতাধীন “পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মণ” শীর্ষক প্রকল্পের আওতায় নির্বাহী প্রকৌশলীর কার্যালয় , শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-৩, ঢাকা -১২০৭ এর নিরীক্ষকালে আইবাস ++ রিপোর্ট, ক্যাশ বই, বিল পাশ রেজিষ্টার, সংশোধিত বাজের বরাদ্দ এবং ব্যয় বিবরণী পর্যালোচযনয় পরিলক্ষিত হয় যে, মঞ্জুরি নং -১১ এর বিপরীতে প্রকল্প সমাপ্তির পর জিওবি তহবিলের অব্যয়িত ১,৮৩,৬৫,২৯৯.০০ (এক কোটি তিরাশি লক্ষ পয়ষট্রি হাজার দুইশত নিরানব্বই) টাকা সরকারি কোষাগারে সমর্পন /জমা প্রদান করা হয়নি।	অডিট আপত্তির জবাবে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ অর্থবছরে উক্ত প্রকল্পের কাজের বিপরীতে উল্লিখিত অর্থবছরে অত্র কার্যালয়ের চাহিদার আলোকে সংশোধিত বাজেট বরাদ্দ টা: ২৯,৩৩,৫৮,৭০০ টাকা বরাদ্দ পাওয়া যায়। প্রকৃত ব্যয় হয় টা: ২৯,০০,৬০,২০০.০০টাকা। অব্যয়িত অর্থ টা: ৩২,৯৮,৫০০.০০। উল্লেখ্য, প্রচলিত স্বয়ংক্রিয় কম্পিউটারাইজড “আইবাস” সিস্টেম-এ সমর্পন এর কোন সুযোগ নেই এবং যে অর্থ ব্যয় হয়না তা স্বয়ংক্রিয়ভাবে সমর্পন হিসেবে বিবেচিত হয়। তথাপিও অব্যয়িত অর্থ অত্র দপ্তরের স্মারক নং-বি-৩/বি-২/১৬৩৩, তারিখ ৩০/০৬/২০১৯ মোতাবেক সমর্পন করা হয়। জবাবের প্রেক্ষিতে আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।	অডিট আপত্তির জবার পাঠানো হয়েছে। নিষ্পত্তি হয়নি।
২০১৮-২০১৯ সংশোধিত বাজেট ২,৯৪,১৬,০০০.০০ (দুই কোটি চুরানব্বই লক্ষ ষোল হাজার) টাকা বরাদ্দ নিয়ে কোন	২০১৮-২০১৯ অর্থবছরে “মঞ্জুরি ও বরাদ্দ ভিত্তিক হিসাবের নির্দিস্টকরণ নিরীক্ষার আওতাধীন “পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মণ” শীর্ষক প্রকল্পের আওতায় নির্বাহী প্রকৌশলীর কার্যালয় , শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-৩, ঢাকা -১২০৭ এর নিরীক্ষকালে আইবাস ++ রিপোর্ট, ক্যাশ বই, বিল পাশ	আপত্তির জবাবে জানানে যাচ্ছে যে, আপত্তিতে উল্লিখিত (১) যানবাহন ব্যবহার, (২) গ্যাস জ্বালানী এবং (৫) নলকূপ স্থাপন খাতে ২০১৮-২০১৯ অর্থ বছরে কোন বরাদ্দ পাওয়া যায়নি। আপত্তিতে উল্লেখিত নম্বর (৩) মূদ্রণ ও বাধাই খাতে ২৭,৩০০০.০০ টাকা (৪) স্ট্যাম্প ও সিল খাতে	অডিট আপত্তির জবার পাঠানো হয়েছে। নিষ্পত্তি হয়নি।

অর্থবছর এবং অডিট আপত্তির শিরোনাম	আপত্তির বিবরণ	নির্বাহী প্রকৌশলীর জবাব	অডিট নিষ্পত্তির পর্যায়
অর্থ ব্যয় করা হয়নি।	রেজিষ্টার, সংশোধিত বাজের বরাদ্দ এবং ব্যয় বিবরণী পর্যালোচযনায় পরিলক্ষিত হয় যে, মঞ্জুরি নং -১১ এর বিপরীতে মূলধন খাতে ২,৬৯,৮৮,০০০.০০ এবং রাজস্ব খাতে ২৪,২৮,০০০.০০ টাকা এডিপি বরাদ্দের অনুকূলে কোন খরচ নেই। যেমন (১) যানবাহন ব্যবহার ৮,০০,০০ টাকা, (২) গ্যাস জ্বালানী - ১০,৪০,০০০.০০ টাকা, (৩) মুদ্রণ ও বাধাই ২,৩৮,০০০.০০, (৪) স্ট্যাম্প সিল ৩,৫০,০০০.০০ টাকা, (৫) নলকূপ স্থাপন ১৭,৮৫,০০০.০০ টাকা, (৬) স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ ২,৫২,০৩,০০০,০০ মোট= ২,৯৪,১৬০০০.০০ টাকা	৫০,০০০.০০ টাকা এবং (৬) স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ খাতে ১,৮০,১২,০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত তিনখাতে অব্যয়িত অর্থ স্বয়ংক্রিয়ভাবে সমর্পন করা সত্ত্বেও অত্র কার্যালয়ের স্মারক নম্বর বি-৩/হি-২/১৬৩৩, তারিখ ৩০/০৬/২০১৯ মোতাবেক সমর্পন করা হয়। জবাবের প্রেক্ষিতে আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।	
২০১৮-২০১৯ সিএও পরিকল্পনা মন্ত্রণালয়ের সাথে হিসাবে সাথে সঙ্গতিসাধন পূর্বক আইবাস++ রিপোর্ট ও সিএও -৪ রেজিষ্টার নিরীক্ষায় উপস্থাপন না করা প্রসংগে।	২০১৮-২০১৯ অর্থবছরে “মঞ্জুরি ও বরাদ্দ ভিত্তিক হিসাবের নির্দিস্টকরণ নিরীক্ষার আওতাধীন “পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মণ” শীর্ষক প্রকল্পের আওতায় নির্বাহী প্রকৌশলীর কার্যালয় , শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-৩, ঢাকা -১২০৭ এর নিরীক্ষাকালে আইবাস ++ রিপোর্ট, ক্যাশ বই, বিল পাশ রেজিষ্টার, সংশোধিত বাজের বরাদ্দ এবং ব্যয় বিবরণী পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, মঞ্জুরি নং-১১ এর বিপরীতে পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মণ” শীর্ষক প্রকল্পের আওতায় নির্বাহী প্রকৌশলীর কার্যালয় , শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-৩, ঢাকা -১২০৭ এবং সিএও পরিকল্পনা মন্ত্রণালয়ের সাথে হিসাবের সঙ্গতিসাধন পূর্বক আইবাস++ রিপোর্ট ও সিএও -৪ রেজিস্টার নিরীক্ষআয় উপস্থাপন না করায় অনুন্নয়ন বাজেটের হিসাবের সাথে নির্বাহী কর্তৃপক্ষের হিসাবের সঠিকতা নিরুপন করা যায়নি।	গণপূর্ত বিভাগ এর হিসাবসমূহ সিএও গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের বিধি মোতাবেক সংরক্ষণ ও যথাযথ কর্তৃপক্ষ বরাবর দাখিল করা হয়। তাই সিএও গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে হিসাবের সঙ্গতি রেখে সংরক্ষণ করা হিসাব নিরীক্ষা দলকে তাৎক্ষণিক সরবরাহ করা হয়। তাছাড়া সিএও -৪ রেজিষ্টার বলতে কোন রেজিষ্টার সম্পর্কে অত্র দপ্তর অবহিত নয়। আইবাস সিস্টেমে এ ধরণের কোন সিডিউল জেনারেট হয় না। আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো।	অডিট আপত্তির জবার পাঠানো হয়েছে। নিষ্পত্তি হয়নি।

২৬। <u>বাস্তবায়ন পর্যবেক্ষণ:</u>

২৬.১। **<u>প্রকল্পের ভৌত নির্মাণ কাজ</u>** : আরডিপিপি সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় ১৫তলা ভিত বিশিষ্ট ৬৫০ বর্গফুট আয়তনের ২টি ভবনে ১১২টি এবং ৮০০ বর্গফুট আয়তনের ২টি ভবনে ১১২টি মোট ৪টি আবাসিক ভবনে ২২৪টি ফ্ল্যাট নির্মাণসহ ৫তলা ভিতের উপর ১টি মসজিদ নির্মিত হয়েছে। এছাড়া, ভূ:গর্ভস্থ অগ্নি নির্বাপন জলাধার ও পাম্প হাউজ, গ্যাস সংযোগ, পানি সরবরাহ, ১২৫০ কেভিএ সাবস্টেশন, ডিস্ট্রিবিউশন ক্যাবল, টিভি, টেলিফোন, ইন্টারকমের জন্য পিভিসি পাইপ, ৪টি ভবনের জন্য বিশেষ আর্থিং এবং আলোক সুরক্ষা ব্যবস্থা, ৩০০ কেভিএ

ইমার্জেন্সি জেনারেটর, ক্যাবল কন্ট্রোল ও সরঞ্জামাদি,লিফট ক্যাবল কন্ট্রোল ও সরঞ্জামাদি, ৫০০০ গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন ভূগর্ভস্থ জলাধার, পানি সরবরাহের জন্য পাম্প মটর, অগ্নি নির্বাপন যন্ত্র, কম্পাউন্ড ও সিকিউরিটি প্যানেল লাইটের সাথে ক্যাবল কন্ট্রোল ডিভাইস ও ড্রেন নির্মাণ, ইন্টারকম ব্যবস্থা, ৪টি ভবনের জন্য ৪০ কিলোওয়াট সোলার প্যানেল, সাবস্টেশন ভবন, সীমানা প্রাচীর ও নান্দনিক গেইট নির্মাণ, অভ্যন্তরীণ রাস্তা, ওয়াকওয়ে, কিচেন কেবিনেট, কেবিনেট, প্যালাসাইডিং, অভ্যর্থনা ও গার্ডরুম নির্মাণসহ আনুষঙ্গিক ভৌত কাজ রয়েছে।

২৬.২। **Time Over run:** মূল ডিপিপিতে প্রকল্পটি আগস্ট,,২০১৫ হতে জুন,২০১৮ মেয়াদে গত ২৯/১০/২০১৫ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছিল। ১ম সংশোধনীতে প্রকল্প মেয়াদ আগস্ট,২০১৫ হতে জুন,২০১৯ মেয়াদে নির্ধারণ করা হয়। অর্থাৎ প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি পায় ১২ মাস বা ২৫.৫৩%। নির্ধারিত সময়ে কাজ শেষ না হওয়ায় পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ৩মাস বৃদ্ধি করে আগস্ট,২০১৫ থেকে সেপ্টেম্বর,২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। এ প্রকল্পের ২ বারে সময় বৃদ্ধি পেয়েছে ১৫ (পনের) মাস বা ৩১.৯১%। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে বিলম্ব ঘটেছে।

২৬.৩ **Cost Over run:** প্রকল্পটির মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১০২৬৪.৫৩ লক্ষ টাকা নির্ধারিত থাকলেও ১ম সংশোধনীতে প্রকল্পটির ব্যয় নির্ধারণ করা হয় ১০৪১১.২৮ লক্ষ টাকা। মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ১৪৬.৭৫ লক্ষ টাকা বা ১.৪২% বৃদ্ধি পেয়েছে। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১০০৪৮.৫৮ লক্ষ টাকা। অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা ২১৫.৯৫ লক্ষ টাকা কম (২.১০%) ব্যয় হয়েছে। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

২৬.৪। **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ** এ প্রকল্প বাস্তবায়নকালীন ৬ জন প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্ব হিসেবে দায়িত্ব পালন করেছেন। পরিকল্পনা বিভাগ হতে জারিকৃত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্দ্ধে প্রকল্পের ক্ষেত্রে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ দিতে হয়। এ প্রকল্পটির প্রাক্কলন ছিল ১০৪১১.২৮ লক্ষ টাকা । কিন্তু পরিপত্র অনুযায়ী পূর্ণকালীন প্রকল্প পারিচালক পদায়ন না করায় পরিপত্রের বিধান লংঘন করা হয়েছে বলে প্রতীয়মান হয়।

২৬.৫। **পিসিআর প্রণয়নে দুর্বলতাঃ** মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনায় নিম্নবর্ণিত ত্রুটি পরিলক্ষিত হয়ছেঃ

- পিসিআর এর পৃষ্ঠা-১০ এ ৩, ৪ ও ৫ অনুচ্ছেদে প্রকল্প পরিচালক, সংস্থা প্রধান ও মন্ত্রণালয়/ বিভাগের দায়িত্বে থাকা কর্মকর্তার মন্তব্য উল্লেখ না থাকায় তা সংশোধন করে পুনরায় আইএমইডিতে প্রেরণের জন্য লিখিতভাবে অনুরোধ করা হয়। কিন্তু প্রকল্প পরিচালক ও সংস্থা প্রধানের মন্তব্য ছাড়াই নির্বাহী প্রকৌশলী, শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-৩ স্বাক্ষর সম্বলিত পিসিআর আইএমইডিতে ০৮ ফ্রেব্রুয়ারি,২০২১ প্রেরণ করা হয়।
- প্রকল্প পরিচালকগণের দায়িত্ব পালনের সুনির্দিষ্ট তারিখ উল্লেখ করা হয়নি।
- আরএডিপিতে প্রকল্পের মেয়াদ ছিল আগস্ট,২০১৫ হতে জুন,২০১৯ পর্য়ন্ত। পরবর্তীতে পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রকল্প মেয়াদ ৩মাস বৃদ্ধি করে আগস্ট,২০১৫ হতে সেপ্টেম্বর,২০১৯ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব আইএমইডিতে প্রেরণ করে। এ প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদ আগস্ট,২০১৫ হতে সেপ্টেম্বর,২০১৯ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাবে আইএমইডি সম্মতি প্রদান করে। অর্থাৎ প্রকল্পের মেয়াদ নির্ধারিত হয় আগস্ট,২০১৫ হতে সেপ্টেম্বর,২০১৯ পর্যন্ত। কিন্ত প্রেরিত পিসিআর-এ প্রকল্পের মেয়াদ দেখানো হয়েছে আগস্ট,২০১৫ হতে জুন,২০১৯ পর্যন্ত।

২৭। **সুপারিশঃ**

২৭.১। প্রকল্পের ক্রয় কার্যক্রমে ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন হয়নি। অনেক ক্ষেত্রেই ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদ অস্বাভাবিক বৃদ্ধি পেয়েছে। ক্রয় কাজে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার চলমান প্রকল্পের ক্রয় কার্যক্রম যথাসম্ভব ডিপিপি'র সিডিউল অনুসরণ করতে হবে এবং চুক্তি মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে;

২৭.২। প্রকল্পের আওতায় ভবনে সংযোজিত লিফটগুলো নিয়মিত সার্ভিসিং করার ব্যবস্থা থাকতে হবে। এছাড়া ভবনের ইলেকট্রিক লাইন (ডাক), রান্নাঘরের পাইপ দিয়ে পানি পড়া , জানালার থাই গ্লাসের সমস্যা এবং বিল্ডিং (জুঁই) এর টপ

ফ্লোরের ছাদ লিক করে পানি পড়া বন্ধ করাসহ ভবনের অন্যান্য ত্রুটিসমূহ দূর করতে হবে। পিডব্লিউডি এবং পরিকল্পনা বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ-২৪);

২৭.৩। প্রকল্পটি নির্ধারিত মেয়াদে শেষ হয়নি, মূল ডিপিপি অনুয়ায়ী মেয়াদ বৃদ্ধি পেয়েছে ১৫ মাস বা ৩১.৯১% । প্রকল্প গ্রহণের পূর্বে প্রকল্পের ডিজাইন/প্রাক্কলন/ পরিকল্পনা যথাযথভাবে প্রণয়ন করতে হবে। মন্ত্রণালয়/ বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনের মধ্যে বাস্তবায়নের জন্য দৃষ্টি আকর্ষণ করা হলো (২৬.২ ও ২৬.৩);

২৭.৪। এ প্রকল্পে ৬ জন প্রকল্প পরিচালক অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করেছেন। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক ভবিষ্যতে পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের পরিপত্রের বিধান অনুসরণ করে পূর্ণকালীন প্রকল্প পরিচালকসহ অন্যান্য জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-২৬.৪);

২৭.৫। ২০১৮-২০১৯ অর্থবছরে ৩টি অভ্যন্তরীণ অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। এ আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তি করে আইএমইডিতে প্রমাণক পাঠাতে হবে (অনুচ্ছেদ-২৫)।

২৭.৬। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

বাংলাদেশ উৎপাদন, কর্মসংস্থান ও খাতভিত্তিক বিনিয়োগ সংক্রান্ত সমীক্ষা ১ম সংশোধিত শীর্ষক প্রকল্প সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর,২০১৮)

১। প্রকল্পের নাম : বাংলাদেশ উৎপাদন, কর্মসংস্থান ও খাতভিত্তিক বিনিয়োগ সংক্রান্ত সমীক্ষা ১ম সংশোধিত

২। মন্ত্রণালয়/বিভাগ : পরিকল্পনা মন্ত্রণালয়/ পরিকল্পনা বিভাগ

৩। বাস্তবায়নকারী সংস্থা : সাধারণ অর্থনীতি বিভাগ।

৪। প্রকল্পের অবস্থান : সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন চত্বর, শের-বাংলা নগর, ঢাকা

৫.০। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মুল প্রকল্প ব্যয়ের%	অতিক্রান্ত সময় (মুল বাস্তবায়ন কালের%
মুল	সর্বশেষ সংশোধিত		মুল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা প্রকল্প সাহায্য	মোট টাকা প্রকল্প সাহায্য	মোট টাকা প্রকল্প সাহায্য					
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৮২.৯৬ ৩৮২.৯৬ -	৩৯৭.২০ ৩৯৭.২০ -	৩৮৬.৯৮	জুলাই,২০১৭ জুন,২০১৮	জুলাই/২০১৭ ডিসেম্বর,২০১৮	জুলাই/২০১৭ ডিসেম্বর,২০১৮	১৪.২৪ ৩.৭১%	৬ মাস (৫০%)

৬.০। প্রকল্পের উদ্দেশ্যঃ

- উৎপাদন ধারার সাথে বিভিন্ন খাতে কর্মসংস্থানের স্থিতিস্থাপকতা যাচাইকরণ এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি প্রক্ষেপন;
- খাতভিত্তিক কর্মসংস্থান স্থিতিস্থাপকতা পরিবর্তনের কারণ এবং প্রবৃদ্ধির সাথে সংশ্লেষ নির্ণয়;
- বাংলাদেশে খাতভিত্তিক কর্মসংস্থান বৃদ্ধি এবং শ্রমবাজারের চ্যালেঞ্জ সমূহ নিরুপন;
- শিক্ষা ও দক্ষতার সাথে সম্পৃক্ত কর্মসংস্থানের গুণগত দিক যাচাইকরণ;
- শ্রমশক্তি সরবরাহের গুণগত মাত্রা;
- কাঠামোগত পরিবর্তন এবং এর সহায়ক উৎপাদনসমূহের উপর বিস্তারিত বিশ্লেষণ প্রদান;
- বাংলাদেশের জনতত্ত্ব ও শ্রমবাজার সংশ্লিষ্ট মৌলিক চিত্র উপস্থাপন;
- আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক খাতে ক্রমবর্ধমান বাংলাদেশী শ্রমশক্তির জন্য কর্মসংস্থানের বিভিন্ন উৎসের নির্ণয়।

০৭. **<u>প্রকল্পের পটভূমি :</u>**

৭.১ সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার মূল লক্ষ্য হলো ত্বরান্বিত হারে দারিদ্র নিরসন। বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে দারিদ্র নিরসনের অন্যতম শর্ত হলো প্রবৃদ্ধি। কর্মসৃজন নির্ভর প্রবৃদ্ধি একই সাথে অন্তর্ভুক্তিমূলক ও দারিদ্রনিরোধী হয়ে থাকে। বাংলাদেশের প্রবৃদ্ধি গত এক দশক ধরে ৬ শতাংশের অধিক হারে বৃদ্ধি পেয়েছে এবং গত ২০১৫-১৬ অর্থবছরে এযাবৎকালের সর্বোচ্চ ৭.১১ শতাংশ হারে প্রবৃদ্ধি অর্থনীতিতে এক উল্লেখযোগ্য অগ্রগতির নির্ণায়ক। কিন্তু এশীয় উন্নয়ন ব্যাংক ও আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) যৌথভাবে বাংলাদেশের উৎপাদন-কর্মসংস্থান স্থিতিস্থাপকতা সম্পর্কে একটি প্রতিবেদন প্রকাশ করেছে। তাদের প্রতিবেদনে তারা দেখিয়েছে যে, বাংলাদেশের উৎপাদন-কর্মসংস্থান স্থিতিস্থাপকতা হ্রাস পেয়েছে এবং এক ইউনিট পণ্য অথবা সেবা উৎপাদনের জন্য আগের চেয়ে বেশী বিনিয়োগ দরকার হয়।

৭.২ উপরোক্ত প্রতিবেদনের মূল বক্তব্য এবং সংশ্লেষ উল্লেখ করে মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা ড. মসিউর রহমান মাননীয় প্রধানমন্ত্রীর কাছে একটি সার-সংক্ষেপ উপস্থাপন করেন এবং বিষয়টি অধিকতর পরীক্ষার জন্য নিম্নোক্ত সুপারিশ করেন:

(ক) এডিবি ও আইএলও'র সমীক্ষার সংশ্লেষ গুরুত্বপূর্ণ এবং সরকারের পক্ষ হতে অধিকতর পরীক্ষা এবং উৎপাদনশীলতা অব্যাহত বৃদ্ধি নিশ্চিত করা আবশ্যক। প্রতিষ্ঠানটি মতামত দেয় যে, পরিকল্পনা কমিশন, (সাধারণ অর্থনীতি বিভাগ); অর্থ বিভাগ (ম্যাক্রো ইকনমিক্স ইউনিট); এআইডিএস (এমপ্লয়মেন্ট ও ম্যাক্রো ইকনমিক্স); শিল্প মন্ত্রণালয় (প্রডাক্টিভিটি অর্গানাজেশন); ড. মুজেরী (ম্যাক্রো ইকনমিক্স বিশেষজ্ঞ ও ইনফরমাল সেক্টরের সাথে সম্পৃক্ত) এ সমীক্ষার সাথে সম্পৃক্ত হতে পারেন।

(খ) বিষয়টি মাননীয় পরিকল্পনা মন্ত্রীর দৃষ্টিতে আনা হয়। সে প্রেক্ষিতে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনাপূর্বক সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক " বাংলাদেশের প্রবৃদ্ধি কর্মসংস্থানের ধারা" সম্পর্কিত এডিবি ও আইএলও'র সংশ্লেষের বিষয়টি অধিকতর পরীক্ষার জন্য একটি সমীক্ষা প্রস্তাব বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

৮.০। **<u>প্রকল্প অনুমোদন পর্যায় ও সংশোধনঃ</u>**

সম্পূর্ণ জিওবি অর্থায়নে সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক "বাংলাদেশ উৎপাদন, কর্মসংস্থান ও খাতভিত্তিক বিনিয়োগ সংক্রান্ত (Study on Employment Productivity and Sectoral Investment in Bangladesh) সমীক্ষা প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থে জুলাই/২০১৭ হতে জুন ২০১৮ মেয়াদে ৩৮২.৯৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০৮ আগষ্ট ২০১৭ তারিখ প্রশাসনিক অনুমোদন জারী করা হয়। প্রকল্পটি বাস্তবায়ন জুলাই,২০১৭ হতে শুরু হওয়ার কথা থাকলেও প্রকল্পের অনুকূলে ০৮ আগষ্ট ২০১৭ তারিখ প্রশাসনিক অনুমোদন জারী করা হয় এবং প্রকল্প অনুমোদনের পর হতে বিভিন্ন প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন করে ১০ ডিসেম্বর, ২০১৭ তারিখে পরামর্শক প্রতিষ্ঠান South Asian Network on Economiv Modeling-কে সমীক্ষা পরিচালনার জন্য নিয়োগ করা হয়। পরামর্শক প্রতিষ্ঠানের সাথে সমীক্ষা সম্পাদনপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ৭ (সাত) মাসের জন্য অর্থাৎ জুন, ২০১৮ পর্যন্ত চুক্তি সম্পদন করা হয়। প্রকল্প অনুমোদনে বিলম্ব হওয়ায় পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনেও বিলম্ব হয়। জুন, ২০১৮ পর্যন্ত চুক্তির মেয়াদ থাকলেও জুন, ২০১৮ এর মধ্যে ফার্ম তাদের নির্ধারিত কাজ সমাপ্ত করতে সমর্থ না হওয়ায় এবং পরামর্শক ফার্ম কর্তৃক সমীক্ষা সম্পন্নপূর্বক সমীক্ষা দাখিলের পর প্রকল্পের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে সময়ের প্রয়োজন হওয়ায় ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়। প্রকল্পের মেয়ায় ব্যয় বৃদ্ধি পাওয়ায় প্রকল্প পরিচালন ব্যয় বৃদ্ধি বিবেচনায় প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৯৭.২০ লক্ষ টাকায় নির্ধারণ পূর্বক আলোচ্য প্রকল্পটি গত ২৭/০৫/২০১৮ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৯.০। **<u>প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ</u>**

(লক্ষ টাকায়)

ক্র: নং	সংশোধিত টিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		মন্তব্য
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
রেভিনিউ							
১.	দায়িত্ব ভাতা	২ জন	৩.০০	থোক	২.৬৪ (৮৮%)	(১০০%)	
২.	পরামর্শক	থোক	৩২৬.৫০	থোক	৩২৬.০২ (১০০%	(১০০%	
৩.	পরামর্শক (স্বতন্ত্র পর্যালোচনা)	২ জন	১.২০	থোক	১.২০ (১০০%)	(১০০%	
৪.	মুদ্রণ ও প্রকাশনা	থোক	৫.৫০	থোক	৫.৪৫ (১০০%)	(১০০%	
৫.	স্টেশনারী, সিল, স্ট্যাম্প	থোক	৬.০০	থোক	৫.৭৫ (৯৬%)	(১০০%)	
৬	প্রচার ও বিজ্ঞাপন	থোক	১.০০	থোক	০.৫৬ (৫৬%)	(১০০%)	
৭	কর্মশালা	থোক	৫.৫০	থোক	২.৭১ (৪৯%)	(১০০%)	
৮	অনিয়মিত শ্রমিক	থোক	১.৬০	থোক	১.৪৮ (৯২%)	(১০০%)	
৯	সম্মানি/ ভাতা/ ফি	থোক	৩.০০	থোক	১.৫৪ (৫১%)	(১০০%)	

ক্র: নং	সংশোধিত টিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		মন্তব্য
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১০	গাড়ি ভাতা (মাইক্রোবাস)	থোক	১৭.৫০	থোক	১৬.২৪ (৯২%)	(১০০%)	
১১	কমিটি সভা	থোক	৫.০০	থোক	৪.৬২ (৯২%)	(১০০%)	
১২	অন্যান্য	থোক	২.৯০	থোক	১.৮৯ (৬৫%)	(১০০%)	
মূলধন							
১৩	কম্পিউটার এবং ইকুইপমেন্ট (ল্যাপটব, প্রিন্টার, ট্যাব, পেন-ড্রাইভ, স্ক্যানার)	থোক	৯.৫৯	থোক	৯.২৪ (৯৬%)	(১০০%)	
১৪	সফটওয়্যার	থোক	২.০০	থোক	১.৪৬ (৭৩%)	(১০০%)	
১৫	অফিস ইকুইপমেন্ট (ফটোকপিয়ার, টেলিফোন সেট)	থোক	৫.১৬	থোক	৫.১৬ (১০০%)	(১০০%)	
১৬	ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট	থোক	০.৭৫	থোক	০.৬১ (৮১%)	(১০০%)	
১৭	অন্যান্য	থোক	১.০০	থোক	০.৩৭ (৩৭%)	(১০০%)	
			৩৯৭.২০		৩৮৬.৯৮ (৯৭.৪২%)		

১০. **বছরভিত্তিক এডিপি বরাদ্দ : ও ব্যয় অবমুক্তি (পিসিআর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী):**

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ				অবমুক্তি	অর্থ ব্যয়			
	মোট	টাকা	প্র: সা:	বাস্তব (%)		মোট	টাকা	প্র: সা:	বাস্তব অগ্রগতি (%)
২০১৭-১৮	১৬০.০০	১৬০.০০	-	১০০%	১৬০.০০	১৫৬.০১	১৫৬.০১	-	
২০১৮-১৯	২৩০.৯৮	২৩০.৯৮		১০০%	২৩০.৯৮	২৩০.৯৭	২৩০.৯৮	-	
	৩৯০.৯৮	৩৯০.৯৮	-	১০০%	৩৯৮.৯৮	৩৮৬.৯৮ (৯৮.৯৭%	৩৮৬.৯৮	-	৯৭.৫০%

১১। **<u>প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ</u>** বাংলাদেশ সরকারের জিওবি অর্থে আলোচ্য সংশোধিত প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৯৭.২০ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক এর দপ্তর হতে প্রাপ্ত PCR প্রতিবেদন হতে দেখা যায়, জুলাই, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপিতে বরাদ্দ ছিল মোট ৩৯০.৯৮ লক্ষ টাকা। ডিসেম্বর,২০১৮ পর্যন্ত মোট ব্যয় ৩৮৬.৯৮ লক্ষ টাকা । ডিসেম্বর,২০১৮ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৮৬.৯৮ লক্ষ টাকা, যা সংশোধিত এডিপি বরাদ্দের ৯৮.৯৭% এবং বাস্তব অগ্রগতি ৯৭.%।

১২. **<u>প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:</u>**

প্রকল্প পরিচালকের নাম	পদবী ও মুল দপ্তর	দায়িত্বকাল		দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্বপ্রাপ্ত কি না	
		যোগদানের তারিখ	বদলির তারিখ		হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
বেগম উম্মে সালমা	সিনিয়র সহকারী প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ পরিকল্পনা কমিশন	২৭/০৮/২০১৭	১২/০৩/২০১৮	অতিরিক্ত দায়িত্ব	না	-
জনাব মোঃ ফয়জুল ইসলাম	যুগ্মপ্রধান, সাধারণ	০১/০৪/২০১৮	৩১/১২/২০১৮	অতিরিক্ত	না	-

প্রকল্প পরিচালকের নাম	পদবী ও মুল দপ্তর	দায়িত্বকাল		দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্বপ্রাপ্ত কি না	
		যোগদানের তারিখ	বদলির তারিখ		হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
	অর্থনীতি বিভাগ পরিকল্পনা কমিশন			দায়িত্ব		

১৩। মূল্যায়ন পদ্ধতি (methodologe): মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

(ক) ম নিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যলোচনা;
(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা ;
(গ) পিইসিসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন এবং
(ঙ) প্রাপ্ত তথ্যের বিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা।

১৪. **<u>প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জন:</u>**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
(ক) উৎপাদন ধারার সাথে বিভিন্ন খাতে কর্মসংস্থানেরস্থিতিস্থাপকতা যাচাইকরণ এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি প্রক্ষেপন সংক্রান্ত সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন;	সমীক্ষা পরিচালনা কার্যক্রম সম্পন্ন হয়েছে।
(খ) খাতভিত্তিক কর্মসংস্থান স্থিতিস্থাপকতা পরিবর্তনের কারণ এবং প্রবৃদ্ধির সাথে সংশ্লেষ নির্ণয় সংক্রান্ত সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন;	সমীক্ষা পরিচালনা কার্যক্রম সম্পন্ন হয়েছে।
(গ) বাংলাদেশে খাতভিত্তিক কর্মসংস্থান বৃদ্ধি এবং শ্রমবাজারের চ্যালেঞ্চসমূহ নিরুপন সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন;	সমীক্ষা পরিচালনা কার্যক্রম সম্পন্ন হয়েছে।
(ঘ) শিক্ষা ও দক্ষতার সাথে সম্পৃক্ত কর্মসংস্থানের গুণগত দিক যাচাইকরণ সংক্রান্ত সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন;	সমীক্ষা পরিচালনা কার্যক্রম সম্পন্ন হয়েছে।
(ঙ) শ্রমশক্তি সরবরাহের গুণগত মাত্রা সংক্রান্ত সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন	সমীক্ষা পরিচালনা কার্যক্রম সম্পন্ন হয়েছে।
(চ) কাঠামোগত পরিবর্তন এবং এর সহায়ক উৎপাদনসমূহের উপর বিস্তারিত বিশ্লেষণ প্রদান সংক্রান্ত সমীক্ষা প্রতিবেদন প্রনয়ন;	সমীক্ষা পরিচালনা কার্যক্রম সম্পন্ন হয়েছে।
(ছ) বাংলাদেশের জনতত্ত্ব ও শ্রমবাজার সংশ্লিষ্ট মৌলিক চিত্র উপস্থাপন;	সমীক্ষা পরিচালনা কার্যক্রম সম্পন্ন হয়েছে।

১৫। **<u>কাজ অসমাপ্ত থাকলে উহার কারণঃ</u>** প্রকল্পের PCR পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ সরকারের অর্থায়নের বাস্তবায়িত প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

১৬। প্রকল্প মনিটরিং :

(ক) C& AG কর্তৃক ২৮/০৩/২০১৯ থেকে ০২/০৪/২০১৯ পর্যন্ত প্রকল্পটি পরিদর্শন করা হয়েছে।
(ক) আইএমই বিভাগের সেক্টর-৮ কর্তৃক গত ২৫/০৪/২০১৮ তারিখে প্রকল্পটি পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করা হয়েছে।

১৭। **অডিটঃ**

(ক) **অভ্যন্তরীণ অডিটঃ** অডিট সম্পন্ন হয়েছে তবে প্রতিবেদন অডিট অফিস প্রতিবেদন দাখিল করেনি।

(খ) **এক্টার্ণাল অডিটঃ** প্রাপ্ত PCR পর্যালোচনা করা হয়েছে। এক্সার্ণাল অডিট সম্পন্ন হয়নি।

১৮ **প্রকল্পের প্রধান প্রধান ক্রয় কার্যক্রম**

অর্থবছর	প্যাকেজ নং	দরপত্র ডকুমেন্ট অনুযায়ী প্রকিউরমেন্টের বর্ণনা	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র		কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			প্রাক্কলিত মূল্য	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তি অনুযায়ী	বাস্তবে	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১৭-১৮	Study project/ procurement/ 2017-18 Sevice /SDI	পরামর্শক সেবা Methot-FBS	৩২৬.৫০	৩২৬.০২	৩১/৮/২০১৭	১০/১২/২০১৭	২৬/৬/২০১৮	৩১/১২/২০১৮	প্রকল্প পরিচালকর মতে TPP সংশোধনের কারণে সময় অতিক্রান্ত হয়েছে।
২০১৭-১৮	GED/study project/GDI/ 2017-44(I)	Computer & Equipment (Laptop-3 Tab-04, Pen Drive-5, Method-RFQ	৫.০০	৪,৯৫,০০	১২/৪/২০১৮	২৪/৪/২০১৮	২৫/৪/২০১৮	২৪/৪/২০১৮	-
২০১৭-১৮	GED/study project GD 2/2017-44(2)	Printer-1 Scaner-3 Method RFQ	৪.৫৯	২,৬৫,০০০	১২/৪/২০১৮	২৪/৪/২০১৮	২৫/৪/২০১৮	২৪/৪/২০১৮	-
২০১৭-১৮	GE/study project/GD3/ 2017-47	Photocppier-1 Method RFQ	৫.১৬	৪,৯৮,৯০০	২২/৪/২০১৮	৬/৫/২০১৮	৯/৫/২০১৮	৭/৫/২০১৮	-

১৯। **প্রকল্প পরিদর্শন পর্যবেক্ষণঃ** আইএমইডি'র পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর সহকারী পরিচালক মোঃ সাইদুর রহমান কর্তৃক প্রকল্প কার্যালয় গত ৩০/০৫/২০১৯ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প এবং

উপপ্রকল্প পরিচালক উপস্থিতি ছিলেন। প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত তথ্যে দেখা যায়, প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত প্রধান প্রধান কার্যক্রম সম্পাদিত হয়েছে:

১৯.১। **সমীক্ষা কার্যক্রম পরিচালনাঃ** প্রকল্প পরিচালকের সঙ্গে আলোচনা করে জানা যায়, প্রকল্প অনুমোদনের পর হতে বিভিন্ন প্রশাসনিক কার্যক্রম সম্পন্ন করে ১০ ডিসেম্বর, ২০১৭ তারিখে পরামর্শক প্রতিষ্ঠান South Asian Network on Economic Modeling-কে সমীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য নিয়োগ করা হয় এবং পরামর্শক প্রতিষ্ঠানের সাথে সমীক্ষা সম্পাদনপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ৭ (সাত) মাসের জন্য অর্থাৎ জুন, ২০১৮ পর্যন্ত চুক্তি সম্পদন করা হয়। প্রকল্প অনুমোদনে বিলম্ব হওয়ায় পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনেও বিলম্ব হয়। জুন, ২০১৮ পর্যন্ত চুক্তির মেয়াদ থাকলেও জুন, ২০১৮ এর মধ্যে ফার্ম তাদের নির্ধারিত কাজ সমাপ্ত করতে সমর্থ না হওয়ায় ৩১/১২/২০১৮তারিখে পরামর্শক প্রতিষ্ঠান সমীক্ষা কার্যক্রম সম্পাদনপূর্বক দাখিল করেছে। উক্ত সমীক্ষা পরিচালনার জন্য সংশোধিত ডিপিতে পরামর্শক খাতে ৩২৬.৫০ লক্ষ টাকার সংস্থান ছিল । অনুমোদিত সংস্থানকৃত সমুদয় অর্থ ব্যয়ে সমীক্ষা কার্য়ক্রম পরিচালনা সম্পন্ন হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জানান উক্ত সমীক্ষা কার্যক্রম প্রতিবেদন আকারে ছাপানোর কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধিন রয়েছে।

১৯.২। **প্রকল্পের আওতায় সংগৃহীত মালামালঃ** অনুমোদিত ডিপিপিতে ল্যাপটপ-৩টি, প্রিন্টার-১টি, ট্যাব-৪টি, পেন-ড্রাইভ-৫টি, স্ক্যানার-৩টি, ফটোকপিয়ার মেশিন-১টি এবং টেলিফোন সেট-০৮টি ক্রয়ের ১৪.৭৫ লক্ষ টাকার সংস্থান ছিল। প্রকল্প দপ্তর হতে PCR পর্যালোচনা করে দেখা যায়, ডিপিপি সংস্থানকৃত অর্থে উক্ত মালামালগুলো ক্রয় করা হয়েছে। এখাতে ব্যয় হয়েছে ১৪.৪০ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক জানান ক্রয়কৃত এসকল মালামাল সাধারণ অর্থনীতি বিভাগে প্রেরণ করা হয়েছে।

১৯.৩। **কর্মশালাঃ** সংশোধিত অনুমোদিত ডিপিপিতে কর্মশালা খাতে ৫.৫০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। PCR পর্যালোচনায় দেখা এ খাতে ব্যয় হয়েছে ২.৭১ লক্ষ টাকা (আর্থিক অগ্রগতি ৪৯.২৭%)।

২০। **সুপারিশঃ**

২০.১ প্রকল্পের আওতায় পরিচালিত সমীক্ষা কার্যক্রম প্রতিবেদনটি পুস্তিকা আকারে ছাপানোর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। প্রকল্পটি যে উদ্দেশ্যে গৃহীত হয়েছে সমীক্ষা কার্যক্রমটি যাতে দেশের উন্নয়নে যথেষ্ট অবদান রাখতে পারে সে ব্যাপারে প্রকল্প সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যথাযথ ভূমিকা রাখতে হবে (অনুচ্ছেদ -১৯.১)

২০.২। প্রকল্পের আওতায় যে সব লজিষ্টিক সুবিধা তৈরী হয়েছে তার যথাযথ ব্যবহার এবং সংরক্ষনের বিষয়টি গুরুত্বসহ বিবেচনা করতে হবে। ক্রয়কৃত যন্ত্রপাতির তালিকা সংরক্ষণপুর্বক সম্পদ রেজিষ্টারভূক্ত করতে হবে । প্রকল্পের মধ্যমে ক্রয়কৃত যন্ত্রপাতি (ল্যাপটপ-৩টি, প্রিন্টার-১টি, ট্যাব-৪টি, পেন-ড্রাইভ-৫টি, স্ক্যানার-৩টি, ফটোকপিয়ার মেশিন-১টি এবং টেলিসেট-০৮টি) রাজস্ব বাজেটে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ- ১৯.২)

২০.৩। বাস্তবায়িত প্রকল্পটির অডিট দ্রুত সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে এবং অডিট নিষ্পত্তি হলে আইএমইডি'কে তা অবহিত করতে হবে। (অনুচ্ছেদ-১৭ (ক) ও (খ)।

২০৪। উল্লিখিত সুপারিশসমূহের আলোকে গৃহীত ব্যবস্থাবলী আগামী ২(দুই) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণ (৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা) (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত জুন, ২০১৯)

১।	**প্রকল্পের নাম**	:	**মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণ (৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা) (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্প।**
২।	**বাস্তবায়নকারী সংস্থা**	:	সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি), পরিকল্পনা কমিশন।
৩।	**প্রশাসনিক মন্ত্রণালয়**	:	পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৪।	**প্রকল্প এলাকা**	:	পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।

৫। প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	**:**	**মোট**	**টাকা**	**প্রকল্প সাহায্য**	**ব্যয় হ্রাস/বৃদ্ধির %)**
৫.১) মূল	:	১০০৫.৭৫	১০০৫.৭৫	-	-
৫.২) ১ম সংশোধিত অনুমোদিত	:	১০০৫.৭৫	১০০৫.৭৫	-	-
৫.৩) ২য় সংশোধিত অনুমোদিত	:	-	-	-	-
৫.৪) প্রকৃত ব্যয়	:	-	-	-	-

৬। বাস্তবায়নকাল	**:**	**আরম্ভ**	**সমাপ্তি**
৬.১) মূল অনুমোদিত	:	জুলাই, ২০১৩	ডিসেম্বর, ২০১৬
৬.২) ১ম সংশোধিত অনুমোদিত	:	জুলাই, ২০১৩ জুন, ২০১৯	
৬.৩) ২য় সংশোধিত অনুমোদিত	:	-	-

৭। প্রকল্প অর্থায়ন : জিওবি

৮। সাধারণ পর্যবেক্ষণ :

৮.১ প্রকল্পের পটভূমি:

বিগত ২৬ মে, ২০০৯ সালে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী দুইটি যুগপৎ মধ্য মেয়াদি উন্নয়ন পরিকল্পনা অর্থ্যাৎ ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১০-১৫) ও সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার (২০১৬-২০) মাধ্যমে দীর্ঘমেয়াদি প্রেক্ষিতে পরিকল্পনা বাস্তবায়িত হবে। পরিকল্পনা কমিশনের সাধারন অর্থনীতি বিভাগ ২০১১-২০১৫ অর্থবছর মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করেছিল যা ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। ২০১৬-২০২০ অর্থবছর মেয়াদে বাস্তবায়নের উদ্দেশ্যে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করার সিদ্ধান্ত হয়। বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য কারিগরি কাঠামো প্রণয়ন, অর্থনীতির গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহের উপর স্বল্পমেয়াদি স্টাডি/গবেষণাপত্র/ সার্ভে পরিচালনা করা, সোশ্যাল একাউন্টিং ম্যাট্রিক্স (SAM) ও কম্পিটেবল জেনারেল ইকুইলিব্রিয়াম (CGE) মডেলের হালনাগাদকরণ, ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার সমাপ্ত মূল্যায়ন, সাধারণ অর্থনীতি বিভাগ এবং পরিকল্পনা প্রণয়ন সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিকরণের নিমিত্ত আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২ (ক) প্রকল্পের উদ্দেশ্য:

- সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০) দলিল প্রণয়ন;
- বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য উপযুক্ত মডেল/কারিগরি কাঠামো প্রণয়ন;
- সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন সহজতর করার লক্ষ্যে অর্থনীতির গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহের উপর স্বল্পমেয়াদি স্টাডি গবেষণাপত্র/সার্ভে পরিচালনা করা;

- ২০১২ সালকে ভিত্তি ধরে ইনপুট-আউটপুট টেবিল (IOT) হালনাগাদ করা এবং সোশ্যাল একাউন্টিং ম্যাট্রিক্স (SAM) ও কম্পিটেবল জেনারেল ইকুইলিব্রিয়াম (CGE) মডেলের হালনাগাদকরণ;
- ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার (২০১১-১৫) সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন (Completion Review Report) ও সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার (২০১৬-২০) মধ্যমেয়াদী বাস্তবায়ন-পরিবীক্ষণ প্রতিবেদন (Mid-term Review Report) প্রস্তুতকরণ;
- সাধারণ অর্থনীতি বিভাগ এবং পরিকল্পনা/নীতি/প্রকল্প প্রণয়ন সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধিকরণ;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/বাস্তবায়নকারী সংস্থা/পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশন/গবেষক/শিক্ষাবিদ/গবেষণা প্রতিষ্ঠান/ব্যবসায়িক সমাজ/সুশীল সমাজের প্রতিনিধি/এনজিওসহ সমাজের সর্বস্তরের প্রতিনিধিদের প্রয়োজনীয় মতামত ও পরামর্শ অন্তর্ভুক্তকরণের নিমিত্ত সেমিনার/পরামর্শ সভা/কর্মশালা/স্থানীয় প্রশিক্ষণ ইত্যাদির আয়োজন করা;
- সেক্টর কার্য-পরিকল্পনা (Sector Action Plan) এর বাস্তবায়ন পর্যালোচনা প্রতিবেদন প্রণয়ন করা;
- সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং এই প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত সংশ্লিষ্ট অন্যান্য দলিলসমূহ মুদ্রণ ও প্রকাশনার ব্যবস্থা করা;

(খ) প্রকল্পের মূল কার্যক্রম:

- সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০) দলিল প্রণয়ন;
- বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য উপযুক্ত মডেল/কারিগরি কাঠামো প্রণয়ন;
- সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন সহজতর করার লক্ষ্যে অর্থনীতির গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহের উপর স্বল্পমেয়াদি স্টাডি গবেষণাপত্র/সার্ভে পরিচালনা করা;
- ২০১২ সালকে ভিত্তি ধরে ইনপুট-আউটপুট টেবিল (IOT) হালনাগাদ করা এবং সোশ্যাল একাউন্টিং ম্যাট্রিক্স (SAM) ও কম্পিটেবল জেনারেল ইকুইলিব্রিয়াম (CGE) মডেলের হালনাগাদকরণ;
- ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার (২০১১-১৫) সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন (Completion Review Report) ও সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার (২০১৬-২০) মধ্যমেয়াদী বাস্তবায়ন-পরিবীক্ষণ প্রতিবেদন (Mid-term Review Report) প্রস্তুতকরণ;
- সাধারণ অর্থনীতি বিভাগ এবং পরিকল্পনা/নীতি/প্রকল্প প্রণয়ন সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধিকরণ;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/বাস্তবায়নকারী সংস্থা/পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশন/গবেষক/শিক্ষাবিদ/গবেষণা প্রতিষ্ঠান/ব্যবসায়িক সমাজ/সুশীল সমাজের প্রতিনিধি/এনজিওসহ সমাজের সর্বস্তরের প্রতিনিধিদের প্রয়োজনীয় মতামত ও পরামর্শ অন্তর্ভুক্তকরণের নিমিত্ত সেমিনার/পরামর্শ সভা/কর্মশালা/স্থানীয় প্রশিক্ষণ ইত্যাদির আয়োজন করা;
- সেক্টর কার্য-পরিকল্পনা (Sector Action Plan) এর বাস্তবায়ন পর্যালোচনা প্রতিবেদন প্রণয়ন করা;
- সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং এই প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত সংশ্লিষ্ট অন্যান্য দলিলসমূহ মুদ্রণ ও প্রকাশনার ব্যবস্থা করা;

৯.০ অনুমোদন পর্যায়ঃ

৯.১ মূল : মূল প্রকল্পটি গত ২৭.০৩.২০১৪ খ্রি. তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় ।

৯.২ ১ম সংশোধনী: বাস্তবতার নিরিখে প্রকল্পের ১ম সংশোধনী গত ১২/০২/২০১৭ খ্রি. তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১০।প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:

(লক্ষ টাকায়)

ক্র নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী প্রাক্কলন		জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		প্রকল্প সমাপ্ত পর্যন্ত অগ্রগতি	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	ক) রাজস্ব						
১.	কর্মকর্তাদের বেতন	১	৮.০০	১	৭.০৯	১	৭.০৯
২.	কর্মচারীদের বেতন	৫	১৮.০০	৫	১৩.৫৬	৫	১৩.৫৬
৩.	ভাতা	৮	৩৫.০০	৮	২৫.৬৫	৮	২৫.৬৫
৪.	দেশ ভ্রমণ ভাতা	থোক	৫.০০	থোক	১.৯৯	থোক	১.৯৯
৫.	ডাক	থোক	৪.০০	থোক	২.৭৯	থোক	২.৭৯
৬.	পরামর্শক	থোক	৩৮০.০০	থোক	৩৭৮.৮১	থোক	৩৭৮.৮১
৭.	প্রিন্ট এন্ড পাবলিকেশনস	থোক	৬৪.০০	থোক	৫০.৯৫	থোক	৫০.৯৫
৮.	স্টেশনারি, সীল, স্ট্যাম্পস	থোক	৩০.০০	থোক	২৮.৮১	থোক	২৮.৮১
৯.	বই এবং জার্নালস	থোক	২.৫০	থোক	১.২০	থোক	১.২০
১০.	প্রচার এবং বিজ্ঞাপন	থোক	৬.০০	থোক	৫.২৫	থোক	৫.২৫
১১.	প্রশিক্ষণ	থোক	৫৪.০০	থোক	৩৬.৩২	থোক	৩৬.৩২
১২.	সেমিনার এবং সম্মেলন	থোক	৫৫.০০	থোক	৪৯.২৫	থোক	৪৯.২৫
১৩.	বিনোদন / রিফ্রেশমেন্ট ব্যয়	থোক	২০.০০	থোক	১৪.৬১	থোক	১৪.৬১
১৪.	নৈমিত্তিক শ্রম	থোক	৩.০০	থোক	১.৯৮	থোক	১.৯৮
১৫.	সম্মানী	থোক	১৭.০০	থোক	১৫.২১	থোক	১৫.২১
১৬.	স্টাডি/সমীক্ষা	১১	৯০.৫০	১১	৯০.৫০	১১	৯০.৫০
১৭.	হায়ারিং চার্জ	২	৯৫.০০	২	৯০.১০	২	৯০.১০
১৮.	কমিটি সভা	থোক	৯.৫০	থোক	৫.৫৪	থোক	৫.৫৪
১৯.	অন্যান ব্যয়	থোক	১২.০০	থোক	৩.১০	থোক	৩.১০
২০.	কম্পিউটার ও অফিস আসবাবপত্র	থোক	৪.০০	থোক	২.৪১	থোক	২.৪১
২১.	যন্ত্রপাতি ও সরঞ্জাম	থোক	৪.০০	থোক	৩.২২	থোক	৩.২২

ক্র নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী প্রাক্কলন		জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		প্রকল্প সমাপ্ত পর্যন্ত অগ্রগতি	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
২২.	পেনশন / গ্র্যাচুইটি	থোক	৬.৩৫	থোক	৩.৯০	থোক	৩.৯০
	উপ মোট		**৯২২.৮৫**		**৮৩২.২৪**		**৮৩২.২৪**
	খ) মূলধন উপাদান						
২৩.	ডিজিটাল ক্যামেরা	১	০.৫০	১	০.৪৮	১	০.৪৮
২৪.	বৈদ্যুতিক এবং অন্যান্য সরঞ্জাম	২	২.৪০	২	১.৯৪	২	১.৯৪
২৫.	কম্পিউটার এর যন্ত্রাদি	থোক	১৪.৪০	থোক	১৩.৫০	থোক	১৩.৫০
২৬.	সফটওয়্যার	থোক	৩.০০	থোক	০	থোক	০
২৭.	অফিস সরঞ্জাম	৮	১২.০০	৮	১১.৩৪	৮	১১.৩৪
২৮.	বৈদ্যুতিক সরঞ্জাম	থোক	২.২০	থোক	১.২১	থোক	১.২১
২৯.	কুকারিজ	থোক	০.৫০	থোক	০.৩২	থোক	০.৩২
	উপ মোট		**৩৫.০০**		**২৮.৭৯**		**২৮.৭৯**
	প্রাইস কন্টিজেন্সি		**৪৭.৯০**		**০.০০**		**০.০০**
	সর্বমোট		**১০০৫.৭৫**		**৮৬১.০৩**		**৮৬১.০৩**

১১। উপরিউল্লিখিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় **৮৬১.০৩** লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৮৫.৬১% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১২। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্ব কাল	দায়িত্বের ধরন (নিয়মিত/অতিরিক্ত)
জনাব খন্দকার আহসান হোসেন	যুগ্ম-প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ	২৭-০৪-২০১৪ থেকে ২৪-০৮-২০১৪	অতিরিক্ত দায়িত্ব
জনাব নকিব বিন মাহবুব	যুগ্ম-প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ	২৫-০৮-২০১৪ থেকে ০৪-১০-২০১৫	অতিরিক্ত দায়িত্ব
ড. মোঃ মোস্তাফিজুর রহমান	যুগ্ম-প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ	০৫-১০-২০১৫ থেকে ৩০-০৬-২০১৯	অতিরিক্ত দায়িত্ব

১৩। উদ্দেশ্যের বিপরীতে অর্জনঃ

ক্রঃ নং	প্রকল্পের উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী)	প্রকৃত বাস্তবায়ন
১	সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০২০) দলিল প্রণয়ন	প্রকল্পের আওতায় দলিলটি প্রণীত হয়, যা ২০ অক্টোবর ২০১৫ এনইসি-তে অনুমোদিত হয়।
২	২০১২ সালের ইনপুট-আউটপুট টেবিল (আইওটি) সোস্যাল	কারিগরি কাঠামো প্রণীত হয়েছে, যার উপর ভিত্তি করে

ক্রঃ নং	প্রকল্পের উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী)	প্রকৃত বাস্তবায়ন
	অ্যাকাউন্টিং ম্যাট্রিক্স (এসএএম) এবং কম্পিউটিব্যল জেনারেল ইকুলিবিলিয়াম (সিজিই) মডেল আপডেট করা এবং বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রস্তুতের জন্য একটি উপযুক্ত মডেল / প্রযুক্তিগত কাঠামো প্রণয়ন	সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
৩	ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার (২০১১-২০১৫) সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন (Completion Evaluation Report) প্রণয়ন	প্রতিবেদনটি প্রণীত হয়েছে।
৪	সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার (২০১৬-২০২০) মধ্যবর্তী পর্যালোচনা প্রতিবেদন (Mid-term Review Report) প্রণয়ন	প্রতিবেদনটি প্রণীত হয়েছে।
৫	সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য অর্থনীতির গুরুত্বপূর্ণ খাতসমুহের তথ্য উপাত্ত বিশ্লেষনে ব্যাকগ্রাউন্ড স্টাডি/ স্বল্পমেয়াদী গবেষণা / জরিপ পরিচালনা	সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা দলিল প্রণয়নে মোট ৩০টি স্টাডি সম্পাদন করা প্রকল্পের আওতায় মোট ০৮টি স্টাডি সম্পাদন করা হয়।
৬	বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/বাস্তবায়নকারী সংস্থা/পরিকল্পনা কমিশনের পাশাপাশি মতামত সংগ্রহে অন্যান্য অংশীজনদের নিয়ে সভা/সেমিনার/কর্মশালা প্রভৃতির আয়োজন	প্রকল্পের আওতায় বিভিন্ন সময়ে সংশ্লিষ্ট সকল অংশীজনদের নিয়ে প্রয়োজনীয় সংখ্যক সভা/সেমিনার/কর্মশালা আয়োজন করা হয়
৭	সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের পরিকল্পনা প্রণয়ন ও এসডিজি সংশ্লিষ্টতা নির্ধারণ, পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাঁদের সক্ষমতা বৃদ্ধি করা	প্রকল্পের আওতায় সংশ্লিষ্ট ৯০০ জন সরকারি কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়।
৮	অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য কারিগরি কাঠামোর (Technical Framework) তথ্যাদি হালনাগাদ এবং প্রণয়ন	অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার কারিগরি কাঠামো প্রণয়ন করা হয়।
৯	সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা সংক্রান্ত দলিলসমূহ প্রকাশনার ব্যবস্থা গ্রহণ করা	প্রকল্পের আওতায় পঞ্চবার্ষিক পরিকল্পনা সংশ্লিষ্ট মোট ১১ টি দলিল মুদ্রণ ও প্রকাশ করা হয়।

১৪। প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

১৫। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্ত মুল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছেঃ

০১) প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

০২) পরিদর্শন প্রতিবেদন;

০৩) পিসিআর তথ্য পর্যালোচনা;

০৪) কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

০৫) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৬। মনিটরিং: পরিকল্পনা বিভাগ ও আইএমইডি কর্তৃক মাসিক সভার মাধ্যমে প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে। তাছাড়া প্রকল্পের পিআইসি ও স্টিয়ারিং কমিটি কর্তৃক প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে।

১৭। **প্রকল্প** বাস্তবায়নকালীন সময়ে **পরিদর্শন**ঃ পরিকল্পনা কমিশন, আইএমইডি এবং পরিকল্পনা বিভাগ এর ঊর্ধ্বতন কর্মকর্তাগণ সময়ে সময়ে মাঠ পর্যায়ে ভ্রমণপূর্বক প্রকল্পের কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেন।

১৮। মূল্যায়ন পদ্ধতিঃ মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

১৮.১ টেকনিক্যাল ও ওয়ার্কিং কমিটি গঠনপূর্বক একাধিক সভায় প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করা হয়েছে।

১৮.২ পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রম এবং অগ্রগতি উপস্থাপন করা হয়েছে।

১৯। অডিট আপত্তি সংক্রান্ত তথ্যঃ

নিরীক্ষার সময়	নিরীক্ষার রিপোর্ট জমা দেওয়ার তারিখ	প্রধান ফলাফল/আপত্তি	আপত্তি সমাধান হয়েছে কিনা?
(১)	(২)	(৩)	(৪)
প্রকল্পের নিরীক্ষা কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। আগামী ফেব্রয়ারি, ২০২০ মাসে নিরীক্ষা কার্যক্রম সমাপ্ত হবে।			

২০। প্রকল্প পরিদর্শনঃ গত ২২-০১-২০২০ খ্রি. ধ্রি. তারিখে এ বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর পরিচালক মোঃ মোশারফ হোসেন কর্তৃক আলোচ্য প্রকল্পের কার্যালয় পরিদর্শন করা হয়। সহকারী প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা পরিদর্শনকালে উপস্থিত ছিলেন।

২০.১ সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য অর্থনীতির গুরুত্বপূর্ণ খাতসমুহের তথ্য উপাত্ত বিশ্লেষনে ব্যাকগ্রাউন্ড স্টাডি/স্বল্পমেয়াদী গবেষণা/জরিপ পরিচালনা করা হয়েছে;

২০.২ ২০১২ সালের ইনপুট-আউটপুট টেবিল (আইওটি) সোস্যাল অ্যাকাউন্টিং ম্যাট্রিক্স (এসএএম) এবং কম্পিউটিব্যল জেনারেল ইকুলিবিলিয়াম (সিজিই) মডেল আপডেট করা এবং বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রস্তুতের জন্য একটি উপযুক্ত মডেল / প্রযুক্তিগত কাঠামো প্রণয়ন করা হয়েছে;

২০.৩ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/বাস্তবায়নকারী সংস্থা/পরিকল্পনা কমিশনের পাশাপাশি মতামত সংগ্রহে অন্যান্য অংশীজনদের নিয়ে সভা/সেমিনার/কর্মশালা প্রভৃতির আয়োজন করা হয়েছে;

২০.৪ সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০২০) দলিল প্রণয়ন করা হয়েছে;

২০.৫ ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার (২০১১-২০১৫) সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন (Completion Evaluation Report) করা হয়েছে;

২০.৬ সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার (২০১৬-২০২০) মধ্যবর্তী পর্যালোচনা প্রতিবেদন (Mid-term Review Report) প্রণয়ন করা হয়েছে;

২০.৭ সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের পরিকল্পনা প্রণয়ন ও এসডিজি সংশ্লিষ্টতা নির্ধারণ, পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাঁদের সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে; ;

২০.৮ সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা সংক্রান্ত দলিলসমূহ প্রকাশনার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;

২০.৯ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য কারিগরি কাঠামোর (Technical Framework) তথ্যাদি হালনাগাদ এবং প্রণয়ন করা হয়েছে;

২১.০ প্রকল্পের বাস্তবায়ন সমস্যা পর্যালোচনাঃ

২১.১ প্রকল্পটি সংশোধনের মাধ্যমে মেয়াদকাল ২ (দুই) বছর ৬ (ছয়) মাস বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প সংশোধনের ফলে মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে ও অর্থের অপচয় হয় (যেমনঃ কর্মচারীদের বেতন, বোনাস, পারিশ্রমিক) ইত্যাদি খাতে ব্যয় বৃদ্ধি পায়।

২১.২ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে তিনবার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে, ফলে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সময়মতো সঠিকভাবে এগিয়ে নেওয়া সম্ভব হয়নি মর্মে প্রতীয়মান হয়।

২১.৩ এই প্রকল্পের মাধ্যমে পরিকল্পনা কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের দেশে-বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে। কিন্তু সম্পাদিত প্রশিক্ষনের সুফল বজায় রাখার জন্য কোন সুস্পষ্ট দিক-নির্দেশনা নেই মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

২২.০ সুপারিশঃ

২২.১ প্রকল্প সংশোধনের ধারা পরিহার করা বাঞ্ছনীয়; ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে সাধারন অর্থনীতি বিভাগ এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

২২.২ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে তিনবার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে, ফলে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সময়মতো সঠিকভাবে এগিয়ে নেওয়া সম্ভব হয়নি। ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে এবং প্রকল্প বাস্তবায়ন নির্বিঘ্ন ও ফলপ্রসূ করার লক্ষ্যে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে;

২২.৩ প্রকল্প বাস্তবায়নকালে বর্ণিত প্রশিক্ষণ বিষয়ে যে সকল ডকুমেন্টেশন প্রণয়ন করা হয়েছে তা যথাযথভাবে সংরক্ষণ করা আবশ্যক;

২২.৪ অনুচ্ছেদ ২২.১-২২.৩ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদি সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।